www.islamijindegi.com

রাসূলুল্লাহ্ (সঃ)-এর নামায ও মাসআলা-মাসায়েল শিক্ষা

চিত্রসহ

সম্পাদনায়

মুহাম্মদ নূর উল্লাহ আযাদ এম. এম.

ভূতপূর্ব অনুবাদক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ।

সহ সম্পাদনায়

মোঃ নোমান হোসাইন চৌধুরী

পরিবেশনায়

সোলেমানিয়া বুক হাউস

৩৬ বাংলাবাজার, ঢাকা-১১০০

প্রকাশকের কথা

সকল প্রশংসা মহান আল্লাহ্ রাব্বুল আলামীনের জন্য। যিনি আমাদেরকে আশরাফুল মাখলুকাত হিসেবে সৃষ্টি করেছেন এবং ইসলামকে আমাদের জন্য জীবন বিধান রূপে মনোনীত করেছেন। সর্বোপরি আখেরী রাসূল মুহাম্মাদুর রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর উম্মত করে আমাদেরকে সম্মানীত করেছেন।

ইসলাম আল্লাহ্র মনোনীত জীবন-বিধান। এর পূর্ণাঙ্গ অনুসরণের মাঝেই মানবকুলের ইহকালীন সাফল্য ও পরকালীন মুক্তি নিহিত রয়েছে।

আল্লাহ পাক একমাত্র তাঁর ইবাদতের উদ্দেশ্যেই মানুষকে সৃষ্টি করেছেন। আর মু'মিনের শ্রেষ্ঠ ইবাদত হল নামায। অধিকাংশ মুসলমানই নামাযের পূর্ণাঙ্গ মাসায়েল, আদায় করার সঠিক পদ্ধতি ইদ্যাদি সম্পর্কে অনেকটা অজ্ঞ।

এ বিষয়ে বিভিন্ন আঙ্গিকে বিভিন্ন পুস্তকাদি রচিত হয়েছে, বর্তমানে হচ্ছে, ভবিষ্যতেও হতে থাকবে। এতদসত্বেও পাঠককুলের চাহিদা ও প্রয়োজনীয়তার দিকটি বিবেচনা করে আল্লাহ তায়ালার অশেষ রহমতে সম্পূর্ণ নতুন আঙ্গিকে **"রাসূলুল্লাহ (সাঃ)-এর নামায ও মাসআলা-মাসায়েল শিক্ষা [চিত্রসহ]"** নামক বইখানা আপনাদের হাতে তুলে ধরার প্রয়াস পেয়েছি।

এর সর্বাঙ্গিন সুন্দরের সকল চেষ্টাই করা হয়েছে। তার পরেও ত্রুটি-বিচ্যুতি থেকে যাওয়া স্বাভাবিক। গ্রন্থখানায় পরিবেশিত আলোচ্য-বিষয়ে ভুল-ত্রুটি সম্পর্কে আমাদেরকে অবহিত করলে ইনশাআল্লাহ পরবর্তী সংস্করণে সংশোধন ও পরিমার্জনের ওয়াদা করছি।

গ্রন্থখানা পাঠে সম্মানিত পাঠকবৃন্দ সামান্যতম উপকৃত হলেও আমাদের শ্রম সার্থক হবে বলে মনে করি। আল্লাহ্ তায়ালা এ বই প্রকাশনায় সংশ্লিষ্ট সবাইকে ইহকালীন সাফল্য ও পরকালীন মুক্তি দিন। আমীন।

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা
ঈমান আমল ও আখলাক	
✧ ঈমান ও আমলের সম্পর্ক	১২
✧ ঈমান ও আমল দুই বন্ধু	১২
✧ ঈমান ও আমল .. মূল্যবান উপদেশ	১২
✧ ঈমান পরিপূর্ণ .. গুরুত্বপূর্ণ আমল	১২
✧ ঈমান .... করার উপদেশ	১৩
✧ ঈমান ও আমলের বাই'আত	১৪
✧ ঈমান ও পারস্পরিক ভালবাসা	১৪
✧ ঈমান ও চরিত্র	১৪
✧ ঈমান ও নমনীয়তা	১৫
✧ ঈমানের স্বাদ গ্রহণকারীর চরিত্র	১৫
✧ ঈমানের পতাকা বহনকারীর পরিচয়	১৫
✧ ক্ষমা করা ঈমানের বৈশিষ্ট্য	১৫
✧ পরিবার .. আচরণ করা ঈমানের প্রতীক	১৬
ঈমান ও লজ্জা একে অপরের সম্পূরক	**১৬**
✧ ঈমান ও ঈমানদারের পরিচয়	১৭
মহানবী রাসূলুল্লাহ (সাঃ)-এর চরিত্র মাধুর্য	১৮
মহানবী রাসূল (সাঃ)-এর বিভিন্ন সুন্নতসমূহ	২২
কালেমাসমূহ (উচ্চারণ ও অর্থসহ)	২৫
কালেমা ঈমানে মুজমাল (উচ্চারণ ও অর্থসহ)	২৫
কালেমা ঈমানে মুফাসসাল (উচ্চারণ ও অর্থসহ)	২৫
কালেমা তাইয়্যেব–(পবিত্র বাক্য)	২৬
কালেমা শাহাদাত– (সাক্ষ্য বাক্য)	২৬
কালেমা তাওহীদ– (একত্ববাদ বাক্য)	২৬
কালেমা তামজীদ– (মহত্ত্ববোধক বাক্য)	২৬
পবিত্রতা অর্জন করার বিধি-বিধান	**২৭**
✧ পায়খানা প্রস্রাবের পূর্বের ও পরের দোয়া	২৭
✧ শৌচকার্যে কিবলাকে সামনে অথবা পেছনে রাখা	২৭
✧ শৌচকার্যে গমন করে কিবলাকে সামনে রাখা	২৭
✧ মযী বের হওয়ার কারণে ওযু	২৭
✧ লজ্জাস্থান স্পর্শ করলে ওযু করা	২৮
✧ পুরুষের ন্যায় স্ত্রীলোকের স্বপ্নদোষ হলে গোসল করা	২৯
✧ স্ত্রী ঋতুবতী থাকলে স্বামীর জন্য কতটুকু হালাল হবে	২৯
✧ ঋতু সম্পর্কীয় হুকুম	৩০
✧ মহিলাদের ঋতু সম্পর্কীয় হুকুম	৩০
✧ মুস্তাহাযা প্রসঙ্গ	৩০
✧ দুগ্ধপোষ্য বালকের প্রস্রাব সম্পর্কীয় হুকুম	৩১
✧ দাঁড়িয়ে প্রস্রাব করা প্রসঙ্গে	৩১
পায়খানা প্রশ্রাবের সুন্নতসমূহের আলোচনা	**৩১**
অযুর বিবরণ	**৩৩**
অযুর ফরয	৩৩
ওযু করার সময়ের সুন্নতসমূহ	৩৪
অযুর নিয়ত	৩৫
অযুর দোআ	৩৫
অযু ভঙ্গের কারণসমূহ	৩৫
উযূ করার নিয়ম	৩৬
বসার স্থান (চিত্রসহ)	৩৬
পানির পাত্র রাখা (চিত্রসহ)	৩৬
নিয়ত করা (চিত্রসহ)	৩৬
কবজি ধোয়ার নিয়ম (চিত্রসহ)	৩৭
মিসওয়াক করার নিয়ম (চিত্রসহ)	৩৮
কুলি করা (চিত্রসহ)	৩৮

বিষয়	পৃষ্ঠা
নাকে পানি দেওয়া (চিত্রসহ)	৩৮
মুখমণ্ডল ধোয়ার নিয়ম (চিত্রসহ)	৩৯
দাড়ি ও গোঁফ সম্পর্কে মাসআলা	৪০
কনুই ধৌত করার নিয়ম (চিত্রসহ)	৪১
হাতের আঙ্গুল খিলাল করা	৪২
মাথা মাসেহ্ করার নিয়ম (চিত্রসহ)	৪৩
কান মাসেহ করার নিয়ম (চিত্রসহ)	৪৫
গর্দান মাসেহ করা (চিত্রসহ)	৪৫
গোড়ালীসহ পা ধোয়া (চিত্রসহ)	৪৫
পায়ের আঙ্গুল খিলাল করা (চিত্রসহ)	৪৬
উযূর মাঝে পড়া	৪৬
উযূর শেষে পড়া	৪৭
গোসলের করণীয় সুন্নত	**৪৮**
গোসলের ধারাবাহিক সুন্নতসমূহের আলোচনা	৪৮
গোসলের নিয়ত	৪৯
গোসলের ফরয	৪৯
গোসলের সুন্নত	৪৯
তায়াম্মুম	**৪৯**
তায়াম্মুম করিবার নিয়ম	৫০
তায়াম্মুমের ফরয	৫০
হাত মারার নিয়ম (চিত্রসহ)	৫০
মুখমণ্ডল মাসেহ করার নিয়ম (চিত্রসহ)	৫১
কনুইসহ হাত মাসেহ করার নিয়ম (চিত্রসহ)	৫১
তাইয়াম্মুম করার বস্তু	৫২
নাপাকী অবস্থায় তাইয়াম্মুম করার মাসয়ালা	৫২
আযান ও এক্বামতের সুন্নত	**৫৩**
আযানের সুন্নতসমূহ	৫৩
আযান ও এক্বামতের উত্তরসমূহ	৫৩
আযানের বাক্যসমূহ	৫৪
আযানের দোয়া'	৫৫

বিষয়	পৃষ্ঠা
নামাযের বিধি-বিধান	**৫৫**
✧ এক কাপড়ে নামায পড়ার অনুমতি	৫৫
✧ সতর (লজ্জাস্থান) হলো নাভী থেকে হাঁটু পর্যন্ত	৫৫
✧ মহিলাদের সতর ঢাকার বিধান	৫৬
✧ এক কাপড় ব্যবহার করার নিয়ম	৫৬
✧ নামায আদায় ..কিবলামুখী হওয়ার গুরুত্ব	৫৬
✧ নামাযের শুরু ও শেষ করার নিয়ম	৫৬
✧ নামাযে হাত বাঁধার নিয়ম	৫৭
✧ নামাযে এক হাত অন্য হাতের উপর রাখা	৫৭
✧ নামায তাড়াতাড়ি আরম্ভ করার বর্ণনা	৫৭
✧ নামাযের অন্তর্নিহিত ভাবধারা	৫৭
✧ **নামাযের বিভিন্ন আমল**	**৫৭**
✧ নামাযের .... ওয়াস্ওয়াসা প্রদান	৫৮
✧ নামাযে .... দাঁড়াবার স্থান	৫৮
✧ আগের কাতারগুলো পুরা করার ফযীলত	৫৮
✧ নামাযের কাতার সোজা করার উপকারিতা	৫৯
✧ জামায়াতের কাতার সোজা করা	৫৯
✧ নামাযের.. দাঁড়ানোর উপকারিতা	৫৯
✧ কাতার্ সোজা রাখা প্রসঙ্গ	৬০
✧ প্রত্যেক উঠা-বসায় তাকবীর	৬০
✧ রুকু ও সিজদার তসবীহ	৬০
✧ ইমামকে রুকূতে ... কি করতে হবে	৬১
✧ নামাযে রুকু ...সম্পন্ন করার বিধান	৬১
✧ যে ব্যক্তি নামাযের এক রাকায়াত পায়	৬১
✧ ইকামত শুরু হওয়ার পর নামায	৬১
✧ নামায আদায় করার নিয়ম	৬২
✧ নামায সম্পর্কিত আহকাম	৬২

বিষয়	পৃষ্ঠা
✧ এক নামায দুই বার আদায় করার বিধান	৬৫
✧ নামাযে সংশয় ..নামায পূর্ণ করা	৬৬
✧ **সাহু সিজদা**	**৬৬**
✧ নামাযে ভুল-ভ্রান্তি হলে কি করণীয়	৬৭
✧ সাহু সিজ্দার বিধান	৬৭
✧ ভুলে নামায পূর্ণ করার	৬৭
✧ দুই রাকয়াত পড়ার পর	৬৭
✧ নামাযে কুরআন পাঠ	৬৮
✧ এশা ও মাগরিব-এর কিরাআত	৬৯
✧ কিরায়াত সম্পর্কীয় আহকাম	৭০
✧ উম্মুল কুরআন প্রসঙ্গ	৭০
✧ নামাযের মধ্যে কেরায়াত পড়া	৭২
✧ নামাযের মধ্যে কোরআনের সিজদা	৭২
✧ সূরা ফাতিহা ছাড়া নামায হয় না	৭২
✧ নামাযে তাশাহ্হুদ পড়ার বিধান	৭২
✧ নামাযে তাশাহ্হুদ পাঠ	৭৩
✧ নামাযের সামনে দিয়ে গমন করার পরিণাম	৭৩
✧ নামাযের সম্মুখ দিয়ে	৭৩
✧ নামাযের পর দোয়া কালাম	৭৪
✧ নামাযে দরূদ পাঠ	৭৪
✧ নামাযের সালাম ফিরানোর বর্ণনা	৭৫
✧ নামাযের শেষে দোয়া	৭৫
✧ নামাযে বসা প্রসঙ্গ	৭৬
✧ মুসল্লীদের সম্মুখ ... ব্যাপারে কড়া নিষেধাজ্ঞা	৭৭
✧ মুছল্লীর সামনে দিয়ে চলার অনুমতি	৭৭
✧ নামাযের মধ্যে হাত বুলিয়ে কাঁকর সরানো	৭৮
নফল, সুন্নত, কাযা ও কসর নামাযের ফাযায়েল	**৭৮**
✧ সুন্নত নামায ও তার ফযীলত	৭৮

বিষয়	পৃষ্ঠা
✧ সুন্নত নামাযের বিবরণ	৭৮
✧ ফরযের .... সুন্নতে মুআক্কাদাহ পড়ার ফযীলত	৭৮
✧ সুন্নত নামায	৭০
✧ ফজরের না পড়া সুন্নত	৭৯
✧ ফজরের দু'রাকায়াত সুন্নত নামাযের ফযীলত	৭৯
✧ যোহরের চার রাকয়াত সুন্নত	৭৯
✧ আসরের চার রাকয়াত সুন্নতের ফযীলত	৭৯
বিবত্রের নামায	**৮৯**
✧ বিত্রের নামাযে দোয়া কুনূত পাঠ	৮০
✧ কাযা নামায	৮০
✧ কাযা নামায পড়ার পরম্পরা	৮০
✧ কসর নামায	৮০
✧ সফরে নামায 'কসর' পড়া	৮০
✧ কত দূরের .... ওয়াজিব হয়	৮১
✧ সালাতুয যুহা (চাশ্ত ও ইশরাকের নামায)	৮১
✧ মুসাফির ...দুই নামায একত্রে পড়া	৮১
✧ ছফরে কসর নামায পড়ার বিধান	৮২
✧ তাহিয়্যাতুল ওযূ নামাযের ফযীলত	৮২
✧ জানাযার নামায আদায় করার ফযীলত	৮৩
✧ জানাযার নামায	৮৩
✧ জানাযার নামাযে চার তাকবীর	৮৩
✧ জানাযার নামায আদায় করার নিয়ম	৮৪
✧ কবরের উপর জানাযা নামায	৮৪
✧ মৃত ব্যক্তির গোসল	৮৪
✧ মুর্দার কাফন প্রসঙ্গ	৮৫
✧ জানাযার আগে চলা	৮৫
✧ জানাযার পিছনে আগুন নিয়ে চলা নিষেধ	৮৫
✧ জানাযার নামাযে মুছল্লী যা পড়বেন	৮৬

বিষয়	পৃষ্ঠা
✧ ফজরের ও আসরের পর জানাযার নামায পড়া	৮৬
✧ মসজিদে জানাযার নামায পড়া	৮৬
✧ জানাযার নামাযের বিবিধ আহকাম	৮৭
✧ মহানবী (সাঃ)-এর দাফন	৮৭
✧ জানাযার জন্য ... উপর বসা	৮৭
✧ মৃত ব্যক্তির জন্য কাঁদা নিষেধ	৮৮
✧ মৃত ব্যক্তির জন্য কাঁদতে নিষেধ করা	৮৮
✧ জানাযার তাকবীরের মাসয়ালা	৯১
✧ জানাযার নামাযে কিরায়াত পাঠ করা	৯১
✧ শহীদ পাঁচ প্রকার	৯১
নামাযের সুন্নতসমূহের বিধান	৯১
নামায	৯৫
কোরআনে হাকীম	৯৫
নামাযের বিভিন্ন অংশের ফজিলত (ছক আকারে)	৯৬
নামাযে আমরা কি পড়ি ? (ছক আকারে)	৯৭
দুই রাকায়াত ফরজ, সুন্নত বা নফল নামাযের কোন রাকায়াতে কি পড়ি ? (ছক আকারে)	১০০
৩ রাকায়াত নামাযের কোন রাকায়াতে কি পড়ি ? (ছক আকারে)	১০১
ফরজ নামাযের কোন রাকায়াতে কি পড়ি ? (ছক আকারে)	১০২
৪ রাকায়াত সুন্নত নামাযের কোন রাকায়াতে কি পড়তে হয় (ছক আকারে)	১০৩
নামাযের ফরযসমূহ	১০৫
নামাযের শর্ত বা আহকাম	১০৫
নামাযের আরকানসমূহ	১০৫
নামাযের ওয়াজিবসমূহ	১০৬
নামায ভঙ্গ হওয়ার কারণ	১০৬
নামায পড়িবার নিয়ম	১০৭
পুরুষদের নামায পড়ার নিয়ম (চিত্রসহ)	**১০৯**

বিষয়	পৃষ্ঠা
নামায শুরু করার পূর্বের নিয়ম (চিত্রসহ)	**১০৯**
নামায শুরু করার সময় (চিত্রসহ)	১১
দাঁড়ানো অবস্থায় (চিত্রসহ)	১১৩
রুকুর মধ্যে (চিত্রসহ)	১১৪
রুকু থেকে দাঁড়ানোর সময় (চিত্রসহ)	১১৬
সিজদায় যাওয়ার সময় (চিত্রসহ)	১১৭
মাথা ও সীনা না ঝুকানো (চিত্রসহ)	১১৮
সেজদা অবস্থায় (চিত্রসহ)	১১৮
দুই সেজদার মধ্যখানে (চিত্রসহ)	১২১
দ্বিতীয় সেজদা থেকে উঠা (চিত্রসহ)	১২২
বসা অবস্থায় (চিত্রসহ)	১২২
সালাম ফিরানোর সময় (চিত্রসহ)	১২৩
মুনাজাতের সময় হাত তোলার নিয়ম (চিত্রসহ)	১২৪
মহিলাদের নামায পড়ার অবস্থা (চিত্রসহ)	**১২৫**
সুন্নত তরীকায় মহিলাদের নামাযের বিধান (চিত্রসহ)	১২৫
মহিলাদের জামাআত (উচ্চারণ ও অর্থসহ)	১৩০
জায়নামাযের দোআ (উচ্চারণ ও অর্থসহ)	১৩০
সানা (উচ্চারণ ও অর্থসহ)	১৩১
তাআউয (আউযু বিল্লাহ)	১৩১
তাসমিয়াহ (বিসমিল্লাহ) (উচ্চারণ ও অর্থসহ)	১৩১
তাশাহহুদ- (আত্তাহিয়্যাতু) (উচ্চারণ ও অর্থসহ)	১৩২
দরূদ শরীফ (উচ্চারণ ও অর্থসহ)	১৩২
দোআ মাসূরা (উচ্চারণ ও অর্থসহ)	১৩৩
সালাম (উচ্চারণ ও অর্থসহ)	১৩৩
মোনাজাত (উচ্চারণ ও অর্থসহ)	১৩৩
দোআ কুনূত (উচ্চারণ ও অর্থসহ)	১৩৪
নামাযের সময় ও নিয়তসমূহ	**১৩৪**
ফজরের নামায	**১৩৪**
ফজরের ২ রাকআত সুন্নত নামাযের নিয়ত	১৩৪

বিষয়	পৃষ্ঠা
ফজরের ২ রাকআত ফরয নামাযের নিয়ত	১৩৪
যোহরের নামায	**১৩৫**
যোহরের ৪ রাকআত সুন্নত নামাযের নিয়ত	১৩৫
যোহরের ৪ রাকআত ফরয নামাযের নিয়ত	১৩৫
যোহরের ২ রাকআত সুন্নত নামাযের নিয়ত	১৩৫
যোহরের ২ রাকআত নফল নামাযের নিয়ত	১৩৬
আসরের নামায	**১৩৬**
আসরের ৪ রাকআত সুন্নত নামাযের নিয়ত	১৩৬
আসরের ৪ রাকআত ফরয নামাযের নিয়ত	১৩৬
মাগরিবের নামায	১৩৬
মাগরিবের ৩ রাকআত ফরয নামাযের নিয়ত	১৩৭
মাগরিবের ২ রাকআত সুন্নত নামাযের নিয়ত	১৩৭
এশার নামায	**১৩৭**
এশার ৪ রাকআত সুন্নত নামাযের নিয়ত	১৩৭
এশার ৪ রাকআত ফরয নামাযের নিয়ত	১৩৮
এশার ২ রাকআত সুন্নত নামাযের নিয়ত	১৩৮
এশার ২ রাকআত নফল	১৩৮
৩ রাকআত বেতের নামাযের নিয়ত	১৩৮
জুময়ার নামাযের সুন্নতসমূহ ও তার ফজিলত	**১৩৮**
জুমআর নামায	**১৪০**
তাহিয়্যাতুল অযু ২ রাকআত নামাযের নিয়ত	১৪০
দুখুলুল মসজিদ ২ রাকআত নামাযের নিয়ত	১৪১
কাবলাল জুমআ ৪ রাকআত নামাযের নিয়ত	১৪১

বিষয়	পৃষ্ঠা
জুমআর ২ রাকআত ফরয নামাযের নিয়ত	১৪১
বা'দাল জুমআর ৪ রাকআত নামাযের নিয়ত	১৪১
সুন্নাতুল ওয়াক্ত ২ রাকআত নামাযের নিয়ত	১৪২
দরূদ শরীফের (মর্তবা) ফযীলত	১৪২
আয়াতুল কুরসী	১৪৩
পাঁচ ওয়াক্ত নামাযের পরে পড়ার তাসবীহ্	১৪৪
তাহাজ্জুদের নামায	১৪৫
কাযা নামায	১৪৫
কাযা নামাযের নিয়ত	১৪৬
কসর নামায	১৪৬
অসুস্থ ব্যক্তির নামায	১৪৭
এশরাকের নামায	১৪৭
চাশতের নামায	১৪৭
সালাতুয যোহা	১৪৭
সালাতুল আউয়াবীন	১৪৭
ইস্তেখারা নামাযের সুন্নত তরীকাসমূহ	১৪৭
ছালাতুল হাজত নামায আদায় করার ফজিলত	১৪৮
ছালাতুত তাসবীহ নামাযের ফজিলত	১৪৯
সালাতুত তাসবীহ	১৪৯
নামাযের সূরাসমূহ	**১৫০**
সূরা ফাতেহা (বাংলা উচ্চারণ ও অর্থসহ)	১৫০
সূরা কদর (বাংলা উচ্চারণ ও অর্থসহ)	১৫০
সূরা আ'ছর (বাংলা উচ্চারণ ও অর্থসহ)	১৫১
সূরা ফীল (বাংলা উচ্চারণ ও অর্থসহ)	১৫১
সূরা কুরাইশ (বাংলা উচ্চারণ ও অর্থসহ)	১৫২
সূরা মাউন (বাংলা উচ্চারণ ও অর্থসহ)	১৫২
সূরা কাফিরূন (বাংলা উচ্চারণ ও অর্থসহ)	১৫৩
সূরা কাওসার (বাংলা উচ্চারণ ও অর্থসহ)	১৫৩
সূরা নাসর (বাংলা উচ্চারণ ও অর্থসহ)	১৫৪

বিষয়	পৃষ্ঠা
সূরা লাহাব (বাংলা উচ্চারণ ও অর্থসহ)	১৫৪
সূরা এখলাস (বাংলা উচ্চারণ ও অর্থসহ)	১৫৫
সূরা ফালাক্ব (বাংলা উচ্চারণ ও অর্থসহ)	১৫৫
সূরা নাস (বাংলা উচ্চারণ ও অর্থসহ)	১৫৫
শবে বরাতের নামাযের নিয়ত	১৫৬
শবে বরাত এর আমল	১৫৬
রোযা	**১৫৮**
রোযার নিয়ত	১৫৮
ইফতার	১৫৮
ইফতারের নিয়ত	১৫৮
রোযা কত প্রকার ও কি কি	১৫৮
যেসব কারণে রোযা ভঙ্গ হয়	১৫৯
রোযার কাফ্ফারা	১৫৯
যে সকল কারণে রোযা মাকরূহ হয়	১৫৯
তারাবীর নামাযের বিবরণ	**১৬০**
সূরা তারাবীহ্‌র নিয়ম	১৬০
তারাবীহ নামাযের নিয়ত	১৬১
তারাবীহ নামাযের দোআ	১৬১
তারাবীহ নামাযের মোনাজাত	১৬১
খতম তারাবীহ্‌র মাসায়িল	১৬২
তারাবীহ্‌র মুনাজাত সম্পর্কে মাসয়ালা	১৬৩
তারাবীহ্‌র নামাযের রাকআতে ভুল হলে	১৬৪
শবে কদরের নামায	১৬৫
শবে কদর এর ফযীলত ও করণীয়	১৬৫
ঈদুল ফেতরের নামায	১৬৬
ঈদুল ফেতর নামাযের নিয়ত	১৬৭
ঈদুল আযহার নামায	১৬৭
জানাযার নামাযের বর্ণনা	**১৬৭**
জানাযার নামাযের নিয়ত	১৬৮

বিষয়	পৃষ্ঠা
মৃত ও জানাযা নামাযের সুন্নতসমূহ	১৭০
কবর জেয়ারত-এর ফায়দা	১৭০
জামাআতে নামায আদায় করা	১৭১
জামা'আতের ফযীলত ও গুরুত্বের বর্ণনা	১৭১
জামাআতে নামায পড়ার উপকারীতা	১৭৩
নামাযের কাতার করার নিয়ম	১৭৫
জামাআতে শরীক হওয়ার নিয়ম	১৭৬
জামাআতে ফজরের নামাযের প্রথম রাকআত ছুটে গেলে মোক্তাদীর করনীয়	১৭৬
জোহর, আসর এবং এশার জামাআ'তের দ্বিতীয় রাকআতে শরীক হলে	১৭৭
জোহর, আসর এবং এশার তৃতীয় রাকআতে শরীক হলে	১৭৭
জোহর, আসর এবং এশার চতুর্থ রাকআতে শরীক হলে	১৭৭
মাগরিবের দ্বিতীয় রাকআতে শরীক হলে	১৭৭
জুমআর দ্বিতীয় রাকআতে শরীক হলে	১৭৯
জানাযার নামাযে তাকবীর ছুটে গেলে	১৭৯
ঈদুল ফিতর ও ঈদুল আযহার ২য় রাকআতে শরীক হলে	১৭৯
সূরা ইয়াসীনের ফযীলত	১৮০
সূরা ইয়াসীন (উচ্চারণ ও অর্থসহ)	১৮১
সূরা আর-রাহমান এর ফযীলত	১৯৭
সূরা আর-রাহমান (উচ্চারণ ও অর্থসহ)	১৯৮
মোনাজাত	২০৭
হযরত আলী (রাঃ)-এর মোনাজাত	২০৭
মহানবী (সঃ)-এর বিদায় হজ্জের ভাষণ	২০৮

بسم الله الرحمن الرحيم

রাসূলুল্লাহ (সাঃ)-এর নামায

ঈমান আমল ও আখলাক

✧ ঈমান ও আমলের সম্পর্ক

হযরত তালহা ইবনে উবায়দুল্লাহ্ রাদিইয়াল্লাহু তায়ালা আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, একজন নজদ্‌বাসী লোক এলোমেলো কেশে রাসূলে করীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নিকট এসে পৌঁছল (এবং ফিস্‌ফিস্ করে কি যেন বলতে লাগল)। আমরা তার ফিস্‌ফিস্ শব্দ শুনতে পাচ্ছিলাম; কিন্তু কিছুই বুঝতে পারছিলাম না। এমন কি সে রাসূলে করীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর অতি নিকট এসে পৌঁছল। (তখন অনুধাবন করতে পারলাম) সে ইসলাম সম্পর্কে প্রশ্ন করছে—(ইসলাম কি)?

হযরত রাসূলে করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উত্তরে বললেন ঃ (১) দিনে-রাতে পাঁচবার নামায আদায় করা। সাহাবা বলল, এছাড়া আর কোন নামায আমার উপর (ফরয) আছে কিনা? রাসূলে করীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উত্তর করলেন, না তবে যদি তুমি স্বেচ্ছায় (নফল) নামায আদায় করতে চাও আদায় করতে পার। অতঃপর রাসূলে করীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, আর (২) রমযান মাসের রোযা রাখা। সে বলল, এছাড়া আমার উপর আর কোন রোযা (ফরয) আছে কিনা? রাসূলে করীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন; না, তবে যদি স্বেচ্ছায় (নফল) রোযা রাখ রাখতে পার।

❑ হযরত তালহা রাদিইয়াল্লাহু তায়ালা আনহু বলেন, এভাবে রাসূলে করীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে যাকাতের কথাও বললেন। সে ব্যক্তি জিজ্ঞেস করল, ইহা ব্যতীত আমার উপর আর কোন দেয় যাকাত আছে কিনা? রাসূলে করীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন; না, কিন্তু যদি স্বেচ্ছায় (নফল) দান কর।

❑ হযরত তালহা রাদিইয়াল্লাহু তায়ালা আনহু বলেন, অতঃপর সে এই বলতে বলতে চলে গেল 'আল্লাহ্‌র কসম! এর উপর আমি কিছু বেশীও করব না এবং এর চেয়ে কমও করব না।' (একথা শুনে) রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন; লোকটি সাফল্য লাভ করল, যদি সে সত্য বলে থাকে। (সম্ভবতঃ তখনও হজ্জ ফরয হয়নি)। (বুখারী ও মুসলিম শরীফ। এখানে মিশকাত শরীফ থেকে গৃহীত)

✧ ঈমান ও আমল দুই বন্ধু—

জনৈক বুজুরগানে কেরাম বলেছেন, ঈমান ও আমল দুই বন্ধু—একের অভাবে অপরের দ্বারা কোন উপকার হয় না। (সগির)

✧ ঈমান ও আমল সম্পর্কে দশটি মূল্যবান উপদেশ—

হযরত মায়ায রাদিআল্লাহ তায়ালা আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে দশটা জিনিসের উপদেশ দিয়েছেন। তিনি বলেছেন, যদি তোমাকে হত্যা করা হয় এবং পোড়ান হয় তবুও তুমি আল্লাহ্ পাকের সাথে কোন কিছু শরীক করবে না। যদি তোমাকে তোমার পরিবার ও সম্পত্তি ছেড়ে বের হয়ে যেতে বলা হয় তবুও কখনো তোমার পিতামাতার অবাধ্যতা করবে না। কখনো ইচ্ছাকৃত ফরয নামায ত্যাগ করবে না। কেননা যে ব্যক্তি এক ওয়াক্ত ফরয নামায ইচ্ছাকৃতভাবে ত্যাগ করে তার জন্য আল্লাহ্র কোন যিম্মাদারী থাকেন না। কখনো শরাব পান করবে না, কেননা শরাব সকল অশ্লীল কাজের মূল। গুনাহ্ থেকে সাবধান! কেননা, গুনাহ্র কারণে আল্লাহ্র ক্রোধ নাযিল হয়। মানুষ তোমাকে হালাক করলেও জিহাদের ময়দান থেকে পলায়ন করবে না। যদি তুমি কোন লোকজনের সাথে থাক এবং তাদের মধ্যে মহামারী দেখা দেয় তাহলে দৃঢ়পদে থাকবে। তোমার সামর্থ্য অনুযায়ী পরিবার-পরিজনের জন্য খরচ করবে, তাদেরকে আদব শিখানোর ব্যাপারে কোনরূপ শিথিলতা করবে না এবং আল্লাহ্ সম্পর্কে তাদেরকে ভয় প্রদর্শন করবে। (মুসনাদে আহমদ ও মা'আরিফুল হাদীস)

✧ ঈমান পরিপূর্ণ করার পাঁচটি গুরুত্বপূর্ণ আমল—

হযরত আবু হুরায়রা রাদিইয়াল্লাহ তায়ালা আনহু থেকে বর্ণিত। তিনি একবার রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বললেন, এমন কেউ আছে কি? যে এ বিষয়গুলো আমল করবে অথবা কমপক্ষে অন্য আমলকারীকে বলে দিবে? আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম! আমি উপস্থিত আছি। অতঃপর তিনি আমার হাত ধরে এই পাঁচটি বিষয় বর্ণনা করলেন ঃ

১. যে হারাম বিষয়াদি থেকে দূরে থাকে, সে শ্রেষ্ঠ ইবাদতকারী বান্দাদের মধ্যে গণ্য হবে।

২. আল্লাহ্ তায়ালা তোমার তকদীরে যা লিখে দিয়েছেন, তাতে সন্তুষ্ট থাক। এতে করে তুমি আল্লাহ পাকের প্রিয় বান্দাহ্দের অন্তর্ভুক্ত হয়ে যাবে।

৩. তোমার প্রতিবেশীদের সাথে সদ্ব্যবহার কর। এতে তুমি মু'মিন হয়ে যাবে।

৪. নিজের জন্য যা কামনা কর, অপরের জন্যেও তাই পছন্দ কর। এভাবে তুমি পূর্ণ মুসলমান হয়ে যাবে।

৫. কখনও অট্টহাসিতে ফেটে পড়ো না। কেননা, অট্টহাসি অন্তরকে মৃত করে দেয়। (মুসনাদে আহমদ, তিরমিযী, তরজুমানুস সুন্নাহ)

✧ ঈমান আনার সাথে আমল করার উপদেশ—

হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস রাদিইয়াল্লাহ তায়ালা আনহু বলেন, আবদুল কায়স গোত্রের এক প্রতিনিধিদল যখন রাসূলে করীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নিকট এসে পৌঁছল। রাসূলে করীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জিজ্ঞেস করলেন, এরা কোন্ কওমের লোক? অথবা কোন্ গোত্রের প্রতিনিধিদল? (এই সন্দেহ রাবীর)। তারা জবাব দিলেন, আমরা 'রাবীআ' গোত্রের লোক। হযরত রাসূলে করীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, তোমাদের গোত্রকে মোবারকবাদ অথবা (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন,) তোমাদের প্রতিনিধিদলকে অপমানবিহীন ও অনুতাপবিহীন মোবারকবাদ। অতঃপর প্রতিনিধিদল রাসূল ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বললেন, হে আল্লাহ্র রাসূল! মাহে হারাম ব্যতীত অন্য মাসে আমরা আপনার নিকট আসতে পারি না। কেননা, আমাদের ও আপনার মধ্যবর্তীস্থলে এই কাফের মুযার গোত্র অন্তরায়স্বরূপ রয়েছে। সুতরাং আমাদেরকে এমন একটি পরিষ্কার নির্দেশ দান করুন যা আমরা আমাদের অপর লোকদেরকে গিয়ে বলতে পারি এবং যা দ্বারা আমরা (সোজা) জান্নাতে চলে যেতে পারি। তারা পানীয় (অর্থাৎ, পান-পাত্র) সম্পর্কেও জিজ্ঞেস করল।

❑ মহানবী রাসূল ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে চারটি ব্যাপারে আদেশ করলেন এবং চারটি বিষয়ে নিষেধ করলেন। (প্রথমে) তাদের এক আল্লাহ্র প্রতি ঈমান আনতে আদেশ করলেন এবং বললেন; তোমরা জান কি এক আল্লাহ্র প্রতি ঈমান আনা কি? তারা উত্তর করল আল্লাহ্ ও তাঁর রাসূলই অধিকতর জ্ঞাত। রাসূল ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করলেন ঃ

❑ আল্লাহ্ ব্যতীত কোন মা'বুদ নেই এবং মুহাম্মদ (দঃ) আল্লাহ্র রাসূল—এই ঘোষণা করা, নামায কায়েম করা, যাকাত আদায় করা এবং রমযান মাসের রোযা রাখা। এছাড়া গনীমতের (জেহাদলব্ধ মালের) 'খুমুস' এক-পঞ্চমাংশ (ইমামের নিকট জমা) দেয়া।

❑ অতঃপর হুযূর ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে চারটি শরাবপাত্রের ব্যবহার নিষেধ করলেন—হান্তম, দুব্বা, নকীর ও মোযাফ্ফাত। আর বললেন, এ সকল কথা স্মরণ রাখবে এবং তোমাদের অপর লোকদেরকে বলবে। (বুখারী ও মুসলিম শরীফ)

✧ ঈমান ও আমলের বাই'আত —

হযরত উবাদা ইবনে সামেত (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেছেন, আমি কিছু সংখ্যক লোকের সাথে মহানবী রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে বাই'আত করলাম। তিনি (রাসূলূল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এরশাদ করলেন, আমি এ মর্মে তোমাদের বাই'আত গ্রহণ করছি যে, তোমরা আল্লাহর সাথে শরীক কাউকেও করবে না, চুরি করবে না, সন্তানদের হত্যা করবে না। কোন অপবাদ অর্থাৎ হাত ও পায়ের মাঝে অবস্থিত স্থান (যৌনাঙ্গ) সম্পর্কে কোন অপবাদ সৃষ্টি করবে না এবং কোন নেক কাজে আমার অবাধ্য হবে না।

❑ তোমাদের মধ্যে যারা এসব সঠিক পালন করবে আল্লাহ পাকের কাছে তার পুরস্কার নির্ধারিত রয়েছে। আর যারা এগুলো লংঘন করে গুনাহে লিপ্ত হবে, তাদের যদি দুনিয়াতে এ ব্যাপারে শাস্তি প্রদান করা হয় তা হলে তা তার গুনাহ্র 'কাফফারা' হয়ে যাবে এবং সে পাক-পবিত্র হয়ে যাবে।

❑ তবে আল্লাহ্ পাক যদি কারো গুনাহ্র কাজ গোপন রেখে থাকেন তাহলে তা হবে আল্লাহ্ পাকের এখতিয়ারভূক্ত। তিনি ইচ্ছা করলে তাকে শাস্তি দেবেন। কিংবা ইচ্ছা করলে মাফ করে দিবেন। (সহীহ বুখারী। হাদীস নম্বর ৬৯৫০)।

✧ ঈমান ও পারস্পরিক ভালবাসা—

হযরত আবু হুরায়রা রাদিইয়াল্লাহ তায়ালা আনহু হতে বর্ণিত আছে। তিনি বলেন, হযরত নবী করীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেন, তোমরা বেহেশতে যেতে পারবে না যতক্ষণ না তোমরা ঈমানদার হবে। আর তোমরা পুরোপুরি ঈমানদার হতে পার না, যতক্ষণ না তোমাদের পরস্পরের মধ্যে ভালবাসার সম্পর্ক স্থাপিত হবে। হযরত নবী করীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরও বললেন আমি কি তোমাদের এমন একটি কাজের কথা বলব না, যে অনুযায়ী তোমরা কাজ করলে তোমাদের পরস্পরের মধ্যে ভালবাসা সৃষ্টি হবে? এবং তা এই যে, তোমরা নিজেদের মধ্যে সালামের প্রচলন খুব বেশী করে কর এবং তা একেবারে সাধারণ করে তোল। (মুসলিম)

✧ ঈমান ও চরিত্র—

হযরত আবু হুরায়রা রাদিইয়াল্লাহ তায়ালা আনহু হতে বর্ণিত হয়েছে। তিনি বলেন, হযরত নবী করীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেন, মুসলমানদের মধ্যে সর্বাধিক পূর্ণ ঈমানদার সেই ব্যক্তি যার নৈতিক চরিত্র তাদের মধ্যে সবচেয়ে উত্তম। (আবু দাউদ ও দারেমী)

আমল ও আখলাক সুন্দর ও সুসজ্জিত করার সাধনা খুবই কঠিন এবং এই কঠিন কাজে যে যতটুকু অগ্রসর তার ঈমান ততটুকু মজবুত ও পরিপূর্ণ।

❑ ঈমানদার ব্যক্তির উত্তম চরিত্রের হাতিয়ার ছাড়া শয়তান ও তার বাহিনীর অবিরাম আক্রমণ ও উস্কানি থেকে নিজেকে হেফাজত করা খুবই কঠিন। আখেরাতের হিসেবগৃহে অবশ্যই আল্লাহ পাককে যাবতীয় কাজের হিসেব দিতে হবে এবং সকল অবস্থায় তাকে সন্তুষ্ট করতে হবে। তাই মু'মিন ব্যক্তির প্রত্যেক পদক্ষেপ ধীর-স্থির ও সুন্দর হয়।

❑ আল্লাহ্ পাকের বান্দহদের নফসের তায্কীয়া বা তালিম ও তরবিয়াতের মাধ্যমে তাদের আখলাক সুন্দর করার জন্য আল্লাহ্ তায়ালা তাঁর নবীকে দুনিয়ায় প্রেরণ করেছেন। ঈমান ও আখলাক এক সূতার দু'টি প্রান্ত।

❑ যাঁর ঈমান পূর্ণ হবে, তাঁর আখলাকও ভাল হবে। যাঁর আখলাক যত ভাল হবে তিনি তত পূর্ণ ঈমানের অধিকারী হবেন।

❑ এ দিকের প্রতি ইঙ্গিত করেই আলোচ্য হাদীসে হযরত নবী করীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, ঈমানদারদের মধ্যে সবচেয়ে পূর্ণ ঈমানদার হলো যারা উত্তম আখলাকের অধিকারী। (মা'আরিফুল হাদীস)

✧ ঈমান ও নমনীয়তা—

আমর বিন আবাসা রাদিইয়াল্লাহ তায়ালা আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, আমি মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-কে জিজ্ঞেস করেছিলাম ঈমান কি? জবাবে তিনি বললেন, "সবর (ধৈর্য ও সহনশীলতা) এবং ছালামাত (দানশীলতা, নমনীয়তা ও উদারতা) হচ্ছে ঈমান।"

✧ ঈমানের স্বাদ গ্রহণকারীর চরিত্র—

হযতর আব্বাস ইবনে আবদুল মুত্তালিব রাদিইয়াল্লাহ তায়ালা আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, সে-ই ঈমানের স্বাদ পেয়েছে যে আল্লাহকে রব-প্রতিপালক, ইসলামকে দ্বীন-ধর্ম এবং মুহাম্মদ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে রাসূল হিসেবে গ্রহণ করে সন্তুষ্ট রয়েছে। (মুসলিম শরীফ)

✧ ঈমানের পতাকা বহনকারীর পরিচয়—

হযরত সালমান ফারেছী রাদিইয়াল্লাহ তায়ালা আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এই মর্মে বলতে শুনেছি, যে ব্যক্তি ভোরে ফজরের নামাযের দিকে গেল সে ঈমানের পতাকা বহন করে নিয়ে গেল। আর যে ভোরে (নামায না পড়ে) বাজারের দিকে গেল সে শয়তানের পতাকা বহন করে নিয়ে গেল। (ইবনু মাজাহ্। এখানে মিশকাত শরীফ থেকে গৃহীত)

✧ ক্ষমা করা ঈমানের বৈশিষ্ট্য—

হযরত আবূ হুরায়রা রাদিইয়াল্লাহ তায়ালা আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, আল্লাহ্র রাসূল ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেন, হযরত মূসা বিন

ইমরান আলাইহি ওয়া সাল্লাম আল্লাহকে জিজ্ঞেস করছিলেন, ইয়া রব! আপনার বান্দাদের মধ্যে কোন বান্দা আপনার নিকট সর্বাধিক সম্মানিত। আল্লাহ পাক বললেন, যে ক্ষমতা লাভ করার পর মাফ করে দেয়। (বায়হাকী ঃ শুয়াবুল ঈমান)

✧ পরিবার পরিজনের প্রতি ভাল আচরণ করা ঈমানের প্রতীক—

হযরত আনাস রাদিইয়াল্লাহু তায়ালা আনহু এবং হযরত আবদুল্লাহ রাদিইয়াল্লাহু তায়ালা আনহু থেকে বর্ণিত, তাঁরা বলেন, আল্লাহ্‌র রাসূল ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেন, মাখলুক আল্লাহ্‌র পরিবার। সুতরাং আল্লাহ্ পাক তামাম মাখলুকের মধ্যে তাকে অধিক মহব্বত করেন যে তার পরিবার-পরিজনের প্রতি ভাল আচরণ করে। (বায়হাকী, শুআবুল ঈমান)

ব্যাখ্যা ঃ পরিবার-পরিজনের প্রতি যে ব্যক্তি উত্তম আচরণ করে আল্লাহ্ পাক তাকে তামাম সৃষ্টির মধ্যে অধিক মহব্বত করেন। পরিবারের প্রতি উত্তম আচরণের অর্থ হল তাদের প্রতি কর্কশ ব্যবহার না করা, দয়া ও রহম প্রদর্শন করা, তাদের ত্রুটি-বিচ্যুতি মাফ করা, তাদের প্রয়োজন পূরণ করা, তাদেরকে ভাল চরিত্র ও ভাল আমল শিক্ষা দান করা এবং আল্লাহ্ পাক সম্পর্কে তাদেরকে সঠিক ধারণা প্রদান করা।

ঈমান ও লজ্জা একে অপরের সম্পূরক

হযরত ইবনে ওমর (রাঃ) থেকে বর্ণিত, প্রিয়নবী রাসূলুল্লাহ (ছঃ) এরশাদ করেন, লজ্জা এবং ঈমান পরস্পর অঙ্গাঙ্গিভাবে জড়িত। যখন এর কোন একটিকে উঠিয়ে নেয়া হয় তখন অপরটিকেও উঠিয়ে নেয়া হয়। (বায়হাকী)

উল্লেখ্য হায়া (লজ্জা শরম) মু'মিনীনদের একটি বিশেষ গুণ। বিশ্বের যে সব জাতি আম্বিয়ায়ে কেরামদের শিক্ষা থেকে বঞ্চিত কেবল তারাই হায়া নামক মহা সম্পদ থেকে বঞ্চিত। তাদের ঈমানের সাথে কোন সম্পর্ক নেই। যার লজ্জা নেই তার ঈমান থাকাটাও অবান্তর। বেপর্দা এবং তার আনুষঙ্গিক বিষয়াদি ইহুদী নাসারাদের দ্বারাই আবিষ্কৃত। মুসলিম সমাজের কিছু নামধারী লোকজন নারীদেরকে পর্দাহীনার প্রতি উৎসাহিত করেছে, যা কখনো ঈমানদারের কাজ হতে পারে না।। হুযুরে পাক (দঃ)-এরশাদ করেন ঃ

إِنَّمَا أَدْرَكَ النَّاسُ مِنْ كَلَامِ النُّبُوَّةِ الْأُولَى إِذَا لَمْ تَسْتَحْيِ فَاصْنَعْ مَا شِئْتَ ـ (رواه البخارى)

উচ্চারণ ঃ ইন্নামা আদরাকান্নাসু কালামিন্‌নুবুওঁওয়াতিল উলা ইযা লাম তাসতাহয়ী ফাসনা'মা শি'তা। (বুখারী)

অর্থাৎ পূর্ববর্তী নবীদের থেকে একটি কথা পরম্পরায় চলে এসেছে, তা হল ; যখন তোমার লজ্জা থাকবে না তখন তুমি যা ইচ্ছা তাই করতে পারবে।

উপরোক্ত হাদীস দ্বারা একটি কথা প্রমাণিত যার মধ্যে বুঝা যাচ্ছে, যে, লজ্জা নবীদের বিশেষ গুণ ছিল যা তাঁরা মানুষদেরকে শিক্ষা দিয়েছেন। আজকের দুনিয়ার প্রায় সব মানুষই পূর্ববর্তী কোননা কোন নবীদের অনুসারী হিসেবে দাবী করে আসছে। যদি একথা সত্যই হয়ে থাকে তবে তারা নির্লজ্জতাকে কিভাবে গ্রহণ করছে ? প্রকৃত প্রস্তাবে তারা কেবল মৌখিক দাবীদার। শিরক বিদয়াত ও ইহজগতের যত পাপাচার রয়েছে তার সবই তাদের মধ্যে পরিলক্ষিত হয়। তাদের এ মিথ্যারোপ সকল নবীর ব্যক্তিত্বের উপর একটি প্রচণ্ড আঘাত। নিম্নে আরও একটি হাদীস উল্লেখ করছি ;

أَرْبَعٌ مِنْ سُنَنِ الْمُرْسَلِيْنَ : اَلْحَيَاءُ، وَالتَّعَطُّرُ، وَالسِّيَاكُ، وَالنِّكَاحُ . (رواه البخارى)

উচ্চারণ ঃ আরবাউন মিন সুনানিল মুরসালীন, আলহাইয়ায়ূ ওয়াত্‌তায়াতুরু ওয়াসসিইয়াকু ওয়ান্নিকাহু।

অর্থাৎ রাসূলদের সুন্নতের মধ্যে চারটি জিনিস (গুরুত্বপূর্ণ) লজ্জা করা, সুগন্ধি ব্যবহার করা, মিসওয়াক করা, বিবাহ করা। (বুখারী)

হযরত নবী আলাইহিস সালামগণ আল্লাহ পাকের নিকটতম বান্দা, হায়া লজ্জা ছিল তাদের বিশেষ গুণ, যা শালীণতা বজায় রেখে তাঁরা চলতেন। তাঁদের উম্মতদেরকে তারা তাই শিখিয়েছেন। আজকে যারা সভ্যতার দাবীদার হয়ে মানুষকে উলঙ্গপনা ও বেহায়াপনা শিক্ষা দিচ্ছে তারা কখনোই আল্লাহ পাকের নিকটতম হতে পারে না। বরং তারা ইবলিসের নিকটতম।

✧ ঈমান ও ঈমানদারের পরিচয়—

হযরত আবু সায়ীদ রাদিইয়াল্লাহু তায়ালা আনহু হতে বর্ণিত হয়েছে, তিনি বলেন, হযরত নবী করীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেন, ঈমানদার ব্যক্তি ও ঈমানের দৃষ্টান্ত হচ্ছে খুঁটির সাথে (রশি দ্বারা বাঁধা) ঘোড়া, যা চতুর্দিকে ঘুরতে থাকে এবং শেষ পর্যন্ত খুঁটির দিকেই ঘুরে আসে। অনুরূপভাবে ঈমানদার ব্যক্তিরাও ভুল করে থাকে। কিন্তু শেষ পর্যন্ত সে ঈমানের দিকেই ফিরে আসে। অতএব তোমরা মুত্তাকী লোকদের তোমাদের খাদ্য খাওয়াও এবং ঈমানদার লোকদের সাথে অত্যন্ত ভাল ব্যবহার কর। (বায়হাকী)

মহানবী রাসূলুল্লাহ (সাঃ)-এর চরিত্র মাধুর্য

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মিহি রুটি (চাপাতি) কখনও খাননি।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম লৌকিকতার প্রয়োজনেও ছোট প্লেটে খাবার খেতেন না।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সর্বদা আল্লাহর ভয়ে ভীত থাকতেন।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অধিকাংশ সময়ই নিরব থাকতেন।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বিনা প্রয়োজনে কথা বলতেন না।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কথা বলার সময় এত সুস্পষ্টভাবে বলতেন যাতে শ্রবণকারী সহজেই বুঝে নিতে পারে।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বক্তব্য এত দীর্ঘ করতেন না যাতে শ্রোতা বিরক্ত হয়ে যায় এবং এত সংক্ষিপ্ত করতেন না যাতে কথা অসম্পূর্ণ থেকে যায়।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কথা, কাজে ও লেনদেনে কঠোরতা অবলম্বন করতেন না।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নম্রতাকে পছন্দ করতেন।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট কোন আগত ব্যক্তিকে অবহেলা করতেন না।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কারো কথার মাঝে বিঘ্নতার সৃষ্টি করতেন না।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম শরীয়ত বিরোধী কোন আলাপ আলোচনা হলে তা থেকে বিরত রাখতেন অথবা সেখান হতে নিজে উঠে যেতেন।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহ্ পাকের প্রতিটি নিয়ামতকে খুবই কদর করতেন।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামখাদ্য দ্রব্যের দোষ ধরতেন না।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মন চাইলে খানা খেতেন নতুবা বাদ দিতেন।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দুনিয়াদারী কোন কাজের অনিষ্ঠ হলে, অর্থাৎ কেউ কোন জিনিস ভেঙ্গে ফেললে বা নষ্ট করে ফেললে তাতে তিনি রাগ করতেন না। তবে কোন কাজ ইসলামের পরিপন্থী হলে তাতে তিনি খুবই রাগান্বিত হতেন।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কখনো ব্যক্তিগত কারণে অন্যের প্রতি রাগ করতেন না বা কারোর থেকে প্রতিশোধ নিতেন না।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কারো উপর অসন্তুষ্টি প্রকাশ করলে শুধু নিজ পবিত্র মুখ ফিরিয়ে নিতেন।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম খুবই লাজুক প্রকৃতির ছিলেন। কখনো জোরে খিলখিল করে হাসতেন না। বরং তার মোবারক মুখে শোভা পেত একটু মুচকি হাসি।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সবার সাথে মিলে মিশে থাকতেন। (অর্থাৎ নিজের আমিরত্ব বজায় রেখে চলতেন না) বরং মাঝে মাঝে হাসি তামাসাও করতেন। কিন্তু তাঁর কৌতুকের মধ্যেও সত্য কথাই বলতেন।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নামাযে এত লম্বা ক্বিয়াম করতেন যে, তাঁর কদম মুবারক ফুলে যেত। নামাযের মধ্যে কোরআন তেলাওয়াত করার সময় তাঁর সিনা মুবারক থেকে হাড়ির ঢাকনা খোলার মত এক ধরনের মৃদ আওয়াজ হতো। আল্লাহ পাকের ভয়েই তাঁর এমন অবস্থা হতো।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মেজাজ এত বিনয়ী ছিল যে, তিনি তাঁর উম্মতদেরকে সতর্ক করে দিয়েছিলেন যে, "তোমরা আমার সম্পর্কে অতিরঞ্জিত কথা বলবে না।"

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে কোন দরিদ্র অথবা বৃদ্ধ লোক কথা বলতে চাইলে তাঁর কথা শুনার জন্য তিনি রাস্তার এক পাশে দাঁড়াতেন অথবা বসে যেতেন এবং কেউ অসুস্থ হয়ে পড়লে তিনি তার সেবা করতেন।

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন কোন বিপদের সম্মুখীন হতেন তখন বলতেন—

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ بِنِعْمَتِهٖ تَتِمُّ الصَّالِحَاتِ ـ

উচ্চারণ ঃ আলহামদু লিল্লাহিল্লাযী বিনি'মাতিহী তুতিমুছ্ ছালিহাতি।

❐ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন অপছন্দনীয় কোন অবস্থার সম্মুখীন হতেন তখন বলতেন- اَلْحَمْدُ لِلّٰهِ عَلٰى كُلِّ حَالٍ ـ

উচ্চারণ ঃ আলহামদু লিল্লাহি আ'লা কুল্লি হালিন।

অর্থ ঃ সর্বাবস্থায় আল্লাহর প্রশংসা করছি।

❐ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট যখন মৌসুমের কোন নতুন ফল পেশ করা হতো, সে ফল তখনই খাওয়ার উপযুক্ত হলে তিনি তা প্রথমে চোখের সাথে, অতঃপর উভয় ঠোঁটের সাথে লাগায়ে বলতেন-

اَللّٰهُمَّ كَمَا اَرَيْتَنَا اَوَّلَهٗ فَاَرِنَا اٰخِرَهٗ ـ

উচ্চারণ ঃ আল্লাহুম্মা কামা আরাইতানা আওঁওয়ালাহু ফাআরিনা আখিরাহু।

অর্থ ঃ হে আল্লাহ্! আপনি যেমন এ ফলের শুরু দেখিয়েছেন তেমনি শেষও দেখান। এরপর তাঁর কাছে যে সব শিশু থাকতো তাদেরকে সে ফল দিয়ে দিতেন। (ইবনে আলসেনী)

❐ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন মাথায় তেল দিতেন তখন বাম হাতের তালুতে তেল নিয়ে প্রথমে চোখের ভ্রু যুগলে তারপর চক্ষুদ্বয়ে ও শেষে মাথায় লাগাতেন। (সিরাজী, আযিয়ী)

❐ অনুরূপভাবে দাঁড়িয়ে তেল লাগাতে হলে প্রথমে চোখে অতঃপর দাঁড়িয়ে লাগতেন।

❐ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট সুগন্ধি তেল পেশ করা হলে প্রথমে তিনি তাঁর ভিতর আঙ্গুল ডুবিয়ে যেখানে ব্যবহারের প্রয়োজন হত আঙ্গুল দিয়েই লাগাতেন।

❐ সৈন্যদের বিদায় দেয়ার সময় মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের জন্য এ দোয়া করতেন।

اِسْتَوْدِعُ اللّٰهَ دِيْنَكُمْ وَاَمَانَتَكُمْ ، وَخَوَاتِيْمَ اَعْمَالِكُمْ (ابوداؤد)

উচ্চারণ ঃ ইসতাওদিউল্লাহা দীনাকুম ওয়া আমানাতাকুম ওয়া ওয়াখাওয়া তীমা আ'মালুকুম।

অতএব, কাউকে বিদায় দেয়ার সময় উপরোক্ত দোয়া পাঠ করা উচিত।

❐ ঝড়-তুফান প্রবাহিত হলে মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিম্নোক্ত দুয়া করতেন।

اَللّٰهُمَّ اِنِّىْ اَعُوْذُ بِكَ مِنْ شَرِّ مَا اُرْسِلَتْ فِيْهَا (طبرانى)

উচ্চারণ ঃ আল্লাহুম্মা ইন্নী আউযুবিকা ওয়া মিন শাররিমা আরসালতা ফীহা।

অর্থ ঃ আল্লাহ! আমি তোমার নিকট সেই বস্তুর অনিষ্ঠতা থেকে আশ্রয় প্রার্থনা করছি, যা এ বায়ু ও মেঘমালার সাথে আগমন করে থাকে। (তিবরানী)

❐ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পরিবার বর্গের মধ্য থেকে কেউ মিথ্যা বলেছে একথা জানতে পারলে তিনি তার প্রতি দুঃখিত ও অসন্তুষ্ট থাকতেন যতক্ষণ পর্যন্ত না সে তাওবা করে নিত। তওবা করে নিলে পুনরায় পূর্বের ন্যায় খুশী হয়ে যেতেন। (আহ্মদ)

❐ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোন দুশ্চিন্তায় পতিত হলে দাড়ি মোবারক হাতে নিয়ে দেখতে থাকতেন। (সিরাজী)

❐ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক বর্ণনায় আছে চিন্তা ও দুঃখের সময় তিনি দাড়ি মোবারকে হাত বুলাতে থাকতেন। কোন কঠিন বিষয়ের সম্মুখীন হলে আকাশের দিকে তাকিয়ে বলতেন ঃ সুবহানাল্লাহিল আ'জীম।

❐ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কারো সম্পর্কে কোন খারাপ বিষয়ে অবগত হলে তিনি এভাবে বলতেন না যে, অমুকের কি হল যে, সে এমন কাজ করল বরং তিনি এরূপ বলতেন যে, মানুষের কি হয়ে গেছে যে, তারা এমন কাজ করে।

❐ শীতকালে মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জুময়ার রাত হতে ঘরের অভ্যন্তরে শয়ন করতে শুরু করতেন এবং গরমকালে জুময়ার রাত হতেই বাইরে শয়ন করতে শুরু করতেন।

❐ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন নতুন কাপড় পরিধান করতেন তখন আল্লাহ তায়ালার প্রশংসা করতেন অর্থাৎ আল্হাম্দুলিল্লাহ্ অথবা অনুরূপ কোন শোকর গুজারীর শব্দ বলতেন এবং দু'রাকয়াত শোকরানা-নামায আদায় করে পুরাতন কাপড় কোন অভাব গ্রস্তকে দিয়ে দিতেন। (ইবনে আসকীর)

❐ অধিক হাসি এলে মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মুখের উপর হাত রাখতেন।

❐ যখন মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোন মজলিসে বসতেন এবং বক্তব্য রাখতেন এবং সেখান থেকে উঠার ইচ্ছা করতেন তখন দশ থেকে পনেরবার ইস্তেগফার পাঠ করতেন।

এক রেওয়ায়েতে নিম্নের এ এস্তেগফারটির কথাও উল্লেখ রয়েছে ঃ

اَسْتَغْفِرُ اللّٰهَ الَّذِىْ لَآاِلٰهَ اِلَّا هُوَ الْحَىُّ الْقَيُّوْمُ وَاَتُوْبُ اِلَيْهِ ـ

উচ্চারণ ঃ আসতাগফিরুল্লাহাল্লাযী লা-ইলাহা ইল্লা হুওয়াল হাইইয়ুল কাইয়্যুম ওয়া আতুবু ইলাইহি।

❐ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন বসে কথা বলতেন তখন তির্যক দৃষ্টিতে মাঝে মাঝে আকাশের দিকে তাকাতেন। (আবু দাউদ)

❐ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আকাশের বৈচিত্রকে দেখে কুদরতে ইলাহীতে নিমজ্জিত হতেন। যখন কোন কঠিন কাজের সম্মুখীন হতেন তখন নফল নামায আদায় করতেন। এ আমল দ্বারা প্রকাশ্য, অপ্রকাশ্য, ইহকাল, পরকালের ফায়দা হয় এবং পেরেশানি দূরীভূত হয়। (আবু দাউদ)

❐ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন তাঁর পবিত্র বিবিদের কাছে থাকতেন তখন অত্যন্ত নম্রতা আন্তরিকতার সাথে অবস্থান করতেন এবং ভালভাবে হাসি খুশীর গল্প করতেন। (ইবনে আসাকীর)

❐ যখন মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোন রুগীকে দেখতে যেতেন তাকে একথা বলতেন। (বোখারী)

لَابَاْسَ طَهُوْرٌاِنْشَآءَ اللّٰهُ ـ (بخارى)

উচ্চারণ ঃ লা-আবাসা ত্বাহূরান ইনশাআল্লাহু।

❐ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন দোয়া করতেন তখন আগে নিজের জন্য এবং পরে অন্যের জন্য দোয়া করতেন। (তিরবানী)

❐ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের যখন কোন পেরেশানী বা ভয় হত তখন এ দোয়া পাঠ করতেন। (নাসাঈ)

اَللّٰهُ اَللّٰهُ رَبِّىْ لَآاُشْرِكُ بِهٖ شَيْئًا ـ (نسائ)

উচ্চারণ ঃ আল্লাহু আল্লাহু রাব্বী লা-আশরিকু বিহী শাইয়ান।

মহানবী রাসূল (সাঃ)-এর বিভিন্ন সুন্নতসমূহ

❐ রোগীর সেবা যত্ন করা। (তিরমিযী)

❐ ক্ষতিকর বস্তু বা বিষয় হতে দূরে থাকা। (তিরমিযী)

❐ রোগীকে খাওয়া দাওয়ার ব্যাপারে বেশী পিড়াপিড়ী না করা। (মেশকাত)

❐ শরীয়ত বিরোধী তাবীজ, ঝাঁড়ফুঁক ও টোটকা ব্যবহার না করা। (মেশকাত)

❐ ঘরে মেহ্মান এলে তাকে খেদমত ও সম্মান করা। (মেশকাত)

❐ কোন ব্যক্তি ইচ্ছাকৃতভাবে কাউকে মেহমানদারী না করলেও সে যখন তার বাড়ীতে আসে তখন তার মেহমানদারী করা। (তিরমিযী)

❐ মেহমানের বিদায় বেলা তাকে অন্ততঃ বাড়ীর দরজা পর্যন্ত এগিয়ে দেয়া। (ইবনে মাজাহ্)

❐ প্রতিবেশীকে কোন প্রকার কষ্ট না দেয়া। তার সাথে সুন্দর ভাষায় কথা বলা নতুবা নিরবতার সাথে সহানুভূতি ও দয়া প্রদর্শন করা। (বুখারী মুসলিম)

❐ নিজ হাতে উপার্জন করে খাওয়া। (বোখারী)

❐ জুময়ার নামায ও দুই ঈদের নামায আদায় করার পূর্বে গোসল করা। নামাযের জন্য তাড়াতাড়ি যাওয়া। সেখানে দুনিয়াবী কথা না বলা। প্রথম কাতারে ইমামের পিছনে বসা। পূর্ব থেকে কোন লোক বসা থাকলে তাদেরকে ডিঙ্গিয়ে না যাওয়া। দুই ব্যক্তি যারা পাশাপাশি বসে আছে, তাদেরকে পৃথক না করা। খুৎবা পাঠ করার সময় নিরব থেকে খুৎবা শ্রবণ করা। জুময়ার ফরজের পূর্বে চার রাকয়াত এবং ফরজ নামাযের পর চার রাকয়াত তারপর দু'রাকয়াত সুন্নত নামায আদায় করা। (তারগীব)

❐ কোন মুসলমানের সাথে সাক্ষাত হলে তাকে সালাম করা এবং সালামের উত্তরে ওয়া আলাইকুমুস সালাম বলা, হাঁচি এলে আলহামদুলিল্লাহ বলা এবং হাঁচির উত্তরে "ইয়ার হামুকাল্লাহ" বলা ওয়াজিব। কেউ অসুস্থ হয়ে পড়লে তাকে দেখতে যাওয়া। মৃত্যু ব্যক্তির দাফনে শরীক হওয়া। কেউ দাওয়াত করলে তার দাওয়াতকে শরীয়তের ওজর ব্যতীত প্রত্যাখ্যান না করা। আমানত ঠিকভাবে আদায় করা ও ওয়াদা পূরণ করা। কোন আত্মীয়-স্বজন খারাব ব্যবহার করলে তার সাথে ভাল ব্যবহার করা। ছোটদের প্রতি রহম করা। বড়দেরকে সম্মান করা। প্রতিবেশীর সাথে এহ্সান করা। বিধর্মীদের উঠাবসা ও চালচলন ছেড়ে দিয়ে ইসলামের বিধান অনুযায়ী চলা। রাগকে হজম করা। মুসলমানকে হাত ও যবানের অনিষ্ঠ থেকে বাঁচিয়ে রাখা। নেয়ামতের শুকরিয়া আদায় করা। মসিবতের সময় ছবর করা। গানের প্রতি আকৃষ্ট না হওয়া। (তারগীব ও তারহীব)

❐ আহলে বাইত আজওয়াজে মুতাহ্হারাত (মহানবী (দঃ)-এর পরিবারবর্গ) সাহাবায়ে কেরামদের প্রতি আন্তরিক ভালবাসা রাখা। (তিরমিযী)

❐ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি দরূদ শরীফ পাঠ করা। (তিরমিযী)

❐ দোয়ার আগে ও পরে দরূদ শরীফ পাঠ করা (মিশকাত)

❒ কৌতুক পূর্ণ কথাবার্তা বলা, তবে কৌতুকের ভিতর সততা বজায় রাখা। (নশরুত্তিব)

❒ নিজের সময়ের কিছু সময় আল্লাহ পাকের ইবাদতের জন্য, কিছু সময় পরিবার পরিজনের হক আদায়ের জন্য (যেমন তাদের সাথে হাসি মুখে কথা বলা) এবং এক অংশ শারীরিক বিশ্রামের জন্য নির্ধারণ করা।

❒ দ্বীনের কথা শুনে অন্য মুসলমানের নিকট তা পৌঁছে দেয়া।

❒ অপ্রয়োজনীয় বাক্যালাপ বর্জন করা উদার প্রাণ ও চরিত্রবান লোকদের সাথে মেলামেলা করা।

❒ নিজ সঙ্গী সাথীদের অবস্থা খবরা খবর নেয়া।

❒ ভাল কথা শুনলে উত্তমরূপে তা গ্রহণ করা এবং মন্দ কথা বর্জন করা।

❒ প্রত্যেক কাজ সুষ্ঠু সুন্দর ভাবে সম্পন্ন করা।

❒ কোন গোত্রের গণ্যমান্য ব্যক্তির দেখা হলে তাকে উপযুক্ত সম্মান প্রদর্শন করা। মজলিসে আল্লাহ্ তায়ালার যিকিরের সাথে উঠা বসা করা। প্রত্যেক মজলিসে যে কোন সময়ে অন্তত একবার দরূদ শরীফ পাঠ করা।

❒ মজলিসের ভিতর যেখানেই জায়গা পাওয়া যায় সেখানে বসে যাওয়া।

❒ কোন ব্যক্তি যেখানে বসেছে—কোন উপায়ে তাকে সেখান হতে সরিয়ে দিয়ে নিজে সেখানে না বসা।

❒ প্রতিটি কথার জবাব কোমলতার সাথে দেয়া।

❒ শিশুর বয়স সাত বছর হলে তাকে নামায এবং ইসলামের অন্যান্য কাজের আদেশ করা।

❒ সন্তানের দশ বছর বয়স হলে তাকে শাস্তি দিয়ে নামায পড়ানো। (নশরুত্তীব)

✧ **মানব সৃষ্টির উদ্দেশ্য—**

মানুষ সৃষ্টির উদ্দেশ্য বিবৃত করতে গিয়ে আল্লাহ্ তাআ'লা বলেন–

وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْاِنْسَ اِلَّا لِيَعْبُدُوْنَ ـ

উচ্চারণ ঃ ওয়ামা খালাক্বতুল জিন্না ওয়াল ইন্‌সা ইল্লা লিয়া'বুদূন।

অর্থাৎ, আমি জ্বিন এবং মানব জাতিকে আমার ইবাদাত ব্যতীত অন্য কিছুর জন্য সৃষ্টি করি নাই।

এ আয়াত দ্বারা স্পষ্টরূপে বুঝা যায় যে, আল্লাহ্ তাআ'লার মানব সৃষ্টির উদ্দেশ্য তারা আল্লাহ্ পাকের অস্তিত্ব এবং একত্ববাদে দৃঢ়ভাবে বিশ্বাস স্থাপন করে সদা-সর্বদা তাঁর ইবাদতে মশগুল থাকবে। আর এ কারণেই আল্লাহ তাআ'লা মানব

জাতিকে সর্বশ্রেষ্ঠ নেয়া'মত জ্ঞান দান করতঃ দুনিয়ার শ্রেষ্ঠ মাখলুক নামে ভূষিত করেছেন। এমতাবস্থায় মানুষ যদি তার কর্তব্যকার্যে অবহেলা প্রকাশ করে, তবে তার মত কৃতঘ্ন জীব আর কি হতে পারে ? যে সমস্ত কাজ করলে আল্লাহ্ পাক সন্তুষ্ট হন সেগুলি করা এবং যে কাজ করলে তিনি অসন্তুষ্ট হন তা থেকে বিরত থাকার নামই ইবাদাত। ইবাদাতের পূর্ব শর্ত হচ্ছে ঈমান। আর ঈমানের পর সর্বশ্রেষ্ঠ ইবাদাত হচ্ছে নামায।

কালেমাসমূহ

ঈমানের মৌখিক স্বীকারোক্তি কিছু নির্দিষ্ট বাক্যের মাধ্যমে হইয়া থাকে। এই বাক্যগুলোকে পরিভাষায় কালেমা বলে। মৌখিক স্বীকারোক্তি আবার দুই ভাবে হইয়া থাকে। সংক্ষিপ্ত ও বিস্তারিত। যে কালেমায় ঈমানের স্বীকৃত বিষয় সংক্ষিপ্তভাবে রহিয়াছে উহাকে ঈমানে মুজমাল এবং যাহাতে বিস্তারিত ভাবে রহিয়াছে উহাকে ঈমানে মুফাসসাল বলে।

কালেমা ঈমানে মুজমাল

اٰمَنْتُ بِاللّٰهِ كَمَا هُوَ بِاَسْمَآئِهٖ وَصِفَاتِهٖ وَقَبِلْتُ جَمِيْعَ اَحْكَامِهٖ وَاَرْكَانِهٖ ـ

উচ্চারণ ঃ আ-মানতু বিল্লাহি কামা হুওয়া বি-আসমায়িহী ওয়া সিফাতিহী ওয়া কাবিলতু জামীআ আহ্কামিহী ওয়া আরকানিহী।

অর্থ ঃ সর্ববিধ নাম ও গুণবিশিষ্ট আল্লাহর উপর ঈমান আনিলাম এবং তাঁহার আদেশ ও বিধানগুলি মানিয়া লইলাম।

কালেমা ঈমানে মুফাসসাল

اٰمَنْتُ بِاللّٰهِ وَمَلٰئِكَتِهٖ وَكُتُبِهٖ وَرُسُلِهٖ وَالْيَوْمِ الْاٰخِرِ وَالْقَدْرِ خَيْرِهٖ وَشَرِّهٖ مِنَ اللّٰهِ تَعَالٰى وَالْبَعْثِ بَعْدَ الْمَوْتِ ـ

উচ্চারণ ঃ আ-মানতু বিল্লাহি ওয়া মালা-ইকাতিহী ওয়া কুতুবিহী ওয়া রুসুলিহী ওয়াল ইয়াওমিল্ আ-খিরি ওয়াল কাদরি খায়রিহী ওয়া শার্‌রিহী মিনাল্লা-হি তাআলা ওয়াল বা'সি বা'দাল মাউত।

অর্থ ঃ আল্লাহ্ ও তাঁহার ফেরেশতাগণ, কিতাবসকল, প্রেরিত রাসূলগণ, কেয়ামত, তাকদীরের ভালমন্দ এবং মৃত্যুর পর পুনরায় জীবন লাভ করার উপর ঈমান আনিলাম।

কালেমা তাইয়্যেব–(পবিত্র বাক্য)

لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ ـ

উচ্চারণ ঃ লা ইলা-হা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসূলুল্লাহ।

অর্থ ঃ আল্লাহ্ তাআলা ব্যতীত আর কেহই এবাদতের উপযুক্ত নাই, হযরত মুহাম্মদ (সঃ) আল্লাহ্র প্রেরিত পুরুষ।

কালেমা শাহাদাত– (সাক্ষ্য বাক্য)

اَشْهَدُ اَنْ لَّآ اِلٰهَ اِلَّا اللّٰهُ وَحْدَهٗ لَا شَرِيْكَ لَهٗ وَاَشْهَدُ اَنَّ مُحَمَّدًا عَبْدُهٗ وَرَسُوْلُهٗ ـ

উচ্চারণ ঃ আশহাদু আল্লা ইলা-হা ইল্লাল্লাহু ওয়াহ্দাহু লা শারীকা লাহু ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান আবদুহু ওয়া রাসূলুহু।

অর্থ ঃ আমি সাক্ষ্য দিতেছি, আল্লাহ্ ব্যতীত কেহই উপাস্য নাই। তিনি এক। তাঁহার কোন অংশীদার নাই এবং আরও সাক্ষ্য দিতেছি, হযরত মুহাম্মদ (স) তাঁহার বান্দা ও প্রেরিত রাসূল।

কালেমা তাওহীদ– (একত্ববাদ বাক্য)

لَآ اِلٰهَ اِلَّآ اَنْتَ وَاحِدًا لَّا ثَانِيَ لَكَ مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ اِمَامُ الْمُتَّقِيْنَ رَسُوْلُ رَبِّ الْعٰلَمِيْنَ ـ

উচ্চারণ ঃ লা ইলা-হা ইল্লা আন্তা ওয়াহিদাল্ লা সানিয়া লাকা মুহাম্মাদুর রাসূলুল্লাহ-হি ইমামুল মুত্তাকীনা রাসূলু রাব্বিল আলামীন।

অর্থ ঃ তুমি ভিন্ন এবাদতের যোগ্য কেহ নাই, তুমি অংশীদারবিহীন, এক অদ্বিতীয়। মুহাম্মদ (সাঃ) মোত্তাকীগণের ইমাম ও বিশ্বপালকের রাসূল।

কালেমা তামজীদ– (মহত্ত্ববোধক বাক্য)

لَآ اِلٰهَ اِلَّآ اَنْتَ نُوْرًا يَّهْدِى اللّٰهُ لِنُوْرِهٖ مَنْ يَّشَآءُ مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ اِمَامُ الْمُرْسَلِيْنَ خَاتَمُ النَّبِيِّيْنَ ـ

উচ্চারণ ঃ লা ইলা-হা ইল্লা আন্তা নূরাই ইয়াহদিয়াল্লা-হু লিনূরিহী মাই ইয়াশাউ মুহাম্মাদুর রাসূলুল্লা-হি ইমামুল মুরসালীনা খাতামুন নাবিয়্যীন।

অর্থ ঃ তুমি ব্যতীত কেহ এবাদতের উপযুক্ত নাই, তুমি জ্যোতির্ময় আল্লাহ, তুমি যাহাকে ইচ্ছা নিজ জ্যোতি দ্বারা পথ দেখাইয়া থাক। মুহাম্মদ (সঃ) প্রেরিত পুরুষগণের ইমাম এবং শেষ নবী।

পবিত্রতা অর্জন করার বিধি-বিধান

✧ পায়খানা প্রস্রাবের পূর্বের ও পরের দোয়া—

হযরত যায়েদ ইবনে আরকাম (রাঃ) হতে বর্ণিত তিনি বলেন, মহানবী রাসূলে করীম (দঃ) এরশাদ করেছেন, প্রস্রাব-পায়খানার এ সব স্থান নিকৃষ্ট ধরনের জীন-শয়তান ইত্যাদি থাকার জায়গা। অতএব তোমরা যখন পায়খানা-প্রস্রাবখানায় প্রবেশ করবে, তখন প্রথমেই এ দোয়া পড়বে, আমি সব খবীস ও খবীসানী হতে আল্লাহ্র নিকট পানাহ্ চাই। (আবূ দাউদ, ইবনে মাজাহ্)

✧ শৌচকার্যে কিবলাকে সামনে অথবা পেছনে রাখা নিষেধ—

হযরত নাফি ইব্নে ইসহাক (রাঃ) বলেন, মহানবী রাসূলুল্লাহ (দঃ)-এর সাহাবী হযরত আবূ আইয়ূব আনসারী (রাঃ)-কে আমি মিসরে বলতে শুনেছি, আল্লাহর কসম, আমি জানি না এই শৌচাগারগুলোকে কি করব। অথচ রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, তোমাদের কেউ যদি শৌচকার্যের জন্য যায় তবে কিবলাকে সামনেও করবে না এবং পিছনেও করবে না। (মুয়াত্তা ঃ মালিক)

✧ শৌচকার্যে গমন করে কিবলাকে সামনে রাখা নিষেধ—

জনৈক আনসারী সাহাবী (রাঃ) হতে বর্ণিত, শৌচকার্যের সময় কিবলাকে সামনে করে বসতে মহানবী রাসূলুল্লাহ্ (দঃ) আমাদেরকে নিষেধ করেছেন। (মুয়াত্তা ঃ মালিক)

✧ মযী বের হওয়ার কারণে ওযু—

হযরত মিক্দাদ ইব্নে আস্ওয়াদ (রাঃ) হতে বর্ণিত। হযরত আলী ইব্ন আবি তালেব (রাঃ) হযরত মিক্দাদকে নির্দেশ দিলেন, মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নিকট তাঁর পক্ষে প্রশ্ন করার জন্য। প্রশ্নটি হল এই-এক ব্যক্তি তাঁর স্ত্রীর নিকটে যাওয়ায় তার লিঙ্গাগ্রে মযী (তরল পদার্থ, শুক্র নয়) বের হয়েছে, সে ব্যক্তির প্রতি কি অযু ওয়াজিব হবে?

হযরত আলী (রাঃ) বললেন, মহানবী রাসূলুল্লাহু ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর কন্যা যেহেতু আমার স্ত্রী সেহেতু তাঁকে এ ধরনের প্রশ্ন করতে আমি লজ্জাবোধ করি। মিক্দাদ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে উপরিউক্ত প্রশ্ন করলে তিনি বললেন, তোমাদের কেউ অনুরূপ অবস্থার সম্মুখীন হলে সে নিজের লজ্জাস্থান পানি দ্বারা ধৌত করবে, তারপর নামাযের ওযূর ন্যায় ওযূ করবে। (মুয়াত্তা ঃ মালিক)

✧ লজ্জাস্থান স্পর্শ করলে ওযু করা—

হযরত আবদুল্লাহ ইব্নে আবূ বকর ইব্নে মুহাম্মদ ইব্নে আমর ইব্নে হাযম (রাঃ) হতে বর্ণিত—তিনি হযরত উরওয়াহ্ ইব্নে যুবায়ের (রাঃ)-কে বলতে শুনেছেন, আমি মাওরয়ান ইব্নে হাকাম (রাঃ)-এর নিকট গেলাম, আমরা উভয়ে ওযূ কিসে ওয়াজিব হয় সে বিষয়ে আলোচনা করলাম।

মারওয়ান বললেন, জননেন্দ্রিয় স্পর্শ করলে ওযূ করতে হবে। উরওয়াহ্ বললেন, আমিত ইহা জানি না। মারওয়ান বললেন, বুসরা বিন্তে সাফওয়ান (রাঃ) আমাকে খবর দিয়েছেন যে, তিনি রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছেন, তোমাদের কোন ব্যক্তি জননেন্দ্রিয় স্পর্শ করলে ওযূ করবে। (মুয়াত্তা ঃ মালিক)

✧ জানাবাত-এর গোসলের বর্ণনা (স্বপ্নদোষ বা স্ত্রী সহবাসে যে অপবিত্রতা আনে)—

উম্মুল-মুমিনীন হযরত আয়েশা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, মহানবী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন জানাবাত-এর গোসল করতেন, সর্বপ্রথম উভয় হাত ধৌত করতেন। অতঃপর নামাযের ওযূর মত ওযূ করতেন। তারপর আঙ্গুলসমূহ পানিতে প্রবেশ করাতেন, আঙ্গুল দ্বারা চুলের গোড়ায় খেলাল করতেন। অতঃপর উভয় হাত দিয়ে তিন আঁজলা পানি তাঁর শিরে ঢালতেন। অতঃপর সর্ব শরীরে পানি ঢালতেন। (মুয়াত্তা ঃ মালিক)

✧ জুনুব ব্যক্তির ওযূ করা ঃ গোসলের পূর্বে নিদ্রা অথবা খাদ্য গ্রহণ করতে ইচ্ছা করলে—

হযরত আবদুল্লাহ্ ইব্নে উমর (রাঃ) বলেন, মহানবী রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সমীপে হযরত উমর ইব্নে খাত্তাব (রাঃ) উল্লেখ করলেন, রাতে তাঁর জানাবাত অর্থাৎ অপবিত্রতা হয় (স্বপ্নদোষ বা স্ত্রীসহবাসের দরুন)। মহানবী রসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে বললেন, তুমি ওযূ কর এবং জননেন্দ্রিয় ধুয়ে ফেল, তারপর ঘুমাও। (মুয়াত্তা ঃ মালিক)

✧ জুনুব ব্যক্তির জানাবাত স্মরণ না থাকার কারণে নামায আদায় করলে সে নামায পুনরায় আদায় করা এবং গোসল করা ও কাপড় ধৌত করা প্রসঙ্গে—

হযরত ইসমাঈল ইব্নে আবি হাকীম (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, হযরত আতা ইব্নে ইয়াসার (রাঃ) তাঁকে বলেছেন, কোন এক নামাযে রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তকবীর বললেন। অতঃপর হাত দিয়ে তাঁদের (নামাযে শরীক

উপস্থিত সাহাবীদের) দিকে ইশারা করলেন, তোমরা নিজ নিজ স্থানে অবস্থান কর। তারপর রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রস্থান করলেন। অতঃপর প্রত্যাবর্তন করলেন (এমন অবস্থায় যে), তাঁর (পবিত্র) দেহের উপর পানির আলামত বিদ্যমান ছিল। (মুয়াত্তা ঃ মালিক)

✧ পুরুষের ন্যায় স্ত্রীলোকের স্বপ্নদোষ হলে গোসল করা—

হযরত উরওয়াহ্ ইব্ন যুবায়র (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নিকট উম্মু-সুলায়ম বিনতে মিলহান (রাঃ) বললেন, স্ত্রীলোক স্বপ্নে দেখল যেমন (স্বপ্ন) দেখে থাকে পুরুষ, (সেই) স্ত্রীলোক গোসল করবে কি?

মহানবী রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে বললেন, হাঁ, সে গোসল করবে। হযরত আয়েশা (রাঃ) তাঁকে (উম্মু-সুলায়মকে) বললেন, উঃ, তোমার সর্বনাশ হোক! স্ত্রীলোকও কি তা দেখে?

মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে (হযরত আয়েশা (রাঃ)-কে) বললেন, 'তোমার ডান হস্ত ধূলি-ধূসরিত হোক।' (স্ত্রীলোকের তা না হলে) তবে (সন্তান-এর) সাদৃশ্য আসে কোথা হতে? অর্থাৎ সন্তান মায়ের মত হয় কিরূপে? (মুয়াত্তা ঃ মালিক)

হযরত নবী করীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর পত্নী উম্মে-সালমা (রাঃ) বলেন, আবু-তাল্হা আনসারী (রাঃ)-এর স্ত্রী উম্মু-সুলায়ম মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর খেদমতে হাজির হলেন এবং আরজ করলেন, হে আল্লাহ্র রাসূল ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম! আল্লাহ্ হক কথা বলতে লজ্জা করেন না, স্ত্রীলোকের স্বপ্নদোষ হলে তার উপর গোসল ওয়াজিব হবে কি? হযরত বললেন, হাঁ, পানি দেখলে। (মুয়াত্তা ঃ মালিক)

✧ স্ত্রী ঋতুবতী থাকলে স্বামীর জন্য কতটুকু হালাল হবে—

হযরত রাবিয়া ইব্নে আবি আবদির রহমান (রঃ) হতে বর্ণিত, তিনি বলেন, হযরত নবী করীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর পত্নী হযরত আয়েশা (রাঃ) রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সাথে এক চাদরে (আবৃত অবস্থায়) শায়িতা ছিলেন। তখন আয়েশা (রাঃ) তড়িঘড়ি করে উঠে পড়লেন।

মহানবী রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে বললেন, তোমার কি ঘটেছে? সম্ভবতঃ তোমার নিফাস অর্থাৎ হায়েয হয়েছে। তিনি বললেন, হ্যাঁ।

মহানবী রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, তবে তুমি তোমার ইযার (পায়জামা বা তাহ্বনদ) শক্ত করে বাঁধ, তারপর তোমার বিছানায় প্রত্যাবর্তন কর। (মুয়াত্তা ঃ মালিক)

✧ **ঋতু সম্পর্কীয় হুকুম—**

হযরত ইয়াহ্ইয়া (রাঃ) বলেন, হযরত মালিক (রাঃ) বলেছেন, উক্ত হুকুম আমাদের গৃহীত সিদ্ধান্ত। মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর পত্নী হযরত আয়েশা (রাঃ) বলেন, আমি মহানবী রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর শির (মুবারক)-এ চিরুণী করতাম, অথচ তখন আমি ছিলাম ঋতুবতী। (মুয়াত্তা ঃ মালিক)

✧ **মহিলাদের ঋতু সম্পর্কীয় হুকুম—**

হযরত আসমা বিন্তে আবূ বকর সিদ্দীক (রাঃ) হতে বর্নিত, তিনি বলেন, জনৈক স্ত্রীলোক মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-কে প্রশ্ন করলেন, আমাদের মধ্যে একজনের কাপড়ে ঋতুস্রাবের রক্ত লাগলে সে কি করবে? মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, তোমাদের কোন স্ত্রীলোকের কাপড়ে হায়েযের রক্ত লাগলে তাকে খুঁচিয়ে পানি দ্বারা ধুয়ে ফেলবে। অতঃপর সেই কাপড়ে নামায পড়বে। (মুয়াত্তা ঃ মালিক)

✧ **মুস্তাহাযা প্রসঙ্গ—**

হযরত নবী করীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর পত্নী হযরত আয়েশা (রাঃ) বলেন, ফাতিমা বিন্তে আবি হুবাইসা (রাঃ) বললেন, ইয়া রসূলাল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম! আমি পবিত্র হই না (অর্থাৎ রক্তস্রাব বন্ধ হয় না)। আমি নামায পড়ব কি? রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে বললেন, তা একটি রোগ (শিরামাত্র), হায়েয নয়। তাই যখন হায়েয আরম্ভ হয় তখন নামায ছেড়ে দাও। হায়েযের (দিবসের) পরিমাণ দিন অতিবাহিত হলে তুমি তোমার রক্ত ধৌত কর, তারপর নামায পড়। (মুয়াত্তা ঃ মালিক)

নির্দেশ দিয়েছিলেন, যেন তিনি তাঁর (সা'দ ইব্‌নে আবি ওয়াক্‌কাসের) জন্য দোয়া করতে পারেন। লোকে হযরত আয়েশা (রাঃ)-এর এই কাজের সমালোচনা করলেন। তখন হযরত আয়েশা (রাঃ) বললেন, লোক কত তাড়াতাড়ি ভুলে গেল, মহানবী রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হযরত সুহায়ল ইব্‌নে বয়যা (রাঃ)-এর জানাযার নামায মসজিদেই আদায় করেছিলেন। (মুয়াত্তা ইমাম মালেক)

✧ জানাযার নামাযের বিবিধ আহকাম—

হযরত মালেক (রঃ) বলেন, তাঁর নিকট খবর পৌঁছেছে যে, হযরত উসমান ইব্‌নে আফ্‌ফান (রাঃ), হযরত আবদুল্লাহ্ ইব্‌ন উমর (রাঃ) এবং হযরত আবূ হুরায়রা (রাঃ) মদীনায় পুরুষ ও স্ত্রীলোকের জানাযার নামায (একত্রে) আদায় করতেন। তখন তাঁরা পুরুষদেরকে (লাশ) ইমামের নিকট, স্ত্রীলোকদেরকে (লাশ) কিবলার কাছে রাখতেন। (মুয়াত্তা ঃ মালিক)

❑ হযরত নাফি (রঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, হযরত আবদুল্লাহ্ ইব্‌নে উমর (রাঃ) বলতেন, ওযূ ছাড়া কোন লোক যেন জানাযার নামায আদায় না করে। (মুয়াত্তা মালিক)

✧ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দাফন—

হযরত মালিক (রঃ) বলেন, তাঁর নিকট রেওয়ায়েত পৌঁছেছে যে, মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ওফাত পেয়েছেন সোমবার দিন এবং তাঁকে দাফন করা হয়েছে মঙ্গলবার দিন, আর লোকে তাঁর (জানাযার) নামায পড়েছেন পৃথক পৃথক ভাবে; কেউ তাঁর ইমামতি করছিলেন না। অতঃপর কিছু লোক বলেন, তাঁকে মিম্বরের নিকট দাফন করা হোক; কেউ বলেন, জান্নাতুল বকী'তে দাফন করা হোক। ইতিমধ্যে হযরত আবু বকর সিদ্দীক (রাঃ) উপস্থিত হলেন। তিনি বললেন, আমি মহানবী রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, কখনও কোন নবীকে দাফন করা হয়নি, যে জায়গায় যে নবী ওফাত পেয়েছেন সে জায়গা ব্যতীত। অতঃপর সে জায়গায় (অর্থাৎ তাঁর হুজরা শরীফে) তাঁর কবরস্থান নির্ধারণ করা হয়। তাঁকে যখন গোসল দেওয়ার সময় হয় এবং লোকে তাঁর কোর্তা খোলার জন্য ইচ্ছা করেন, তখন তাঁরা আওয়ায শুনতে পেলেন–কেউ বলছেন, কোর্তা খুলিও না। তারপর কোর্তা খোলা হয়নি। ফলে কোর্তা তাঁর (পবিত্র) দেহেই ছিল। সে অবস্থায়ই তাকে গোসল দেওয়া হয়েছে। (মুয়াত্তা ইমাম মালিক)

✧ জানাযার জন্য দন্ডায়মান হওয়া ও কবরের উপর বসা—

হযরত আলী ইব্‌নে আবি তালিব (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, মহানবী রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জানাযার সম্মানার্থে দাঁড়াতেন, পরবর্তী সময়ে তিনি দাঁড়াতেন না বরং বসে থাকতেন। (মুয়াত্তা মালিক)

✧ মৃত ব্যক্তির জন্য কাঁদা নিষেধ—

হযরত জাবের ইব্‌নে আতিক (রাঃ) হতে বর্ণিত-রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হযরত আবদুল্লাহ্ ইব্‌নে সাবিত (রাঃ)-কে রোগশয্যায় দেখতে পেলেন। তাঁকে রোগে কাহিল অবস্থায় দেখতে পেলেন এবং তিনি তাঁকে ডাকলেন, কিন্তু তিনি কোন উত্তর দিলেন না, তখন মহানবী রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম 'ইন্নালিল্লাহি ওয়া ইন্নালিল্লাহি রাজিউন' পাঠ করলেন এবং বললেন, হে আবূ রাবী! আমরা তের্মার ব্যাপারে পরাস্ত হলাম। স্ত্রীলোকেরা তখন চীৎকার করে উঠল এবং কাঁদতে লাগল। হযরত জাবির ইব্‌নে জাতিক (রাঃ) তাদেরকে বারণ করতে লাগলেন। তখন রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, তাদেরকে ছাড়, যখন সময় আসবে তখন কোন ক্রন্দনকারিণী ক্রন্দন করবে না। তাঁরা বললেন, ইয়া রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম! সময় আসার অর্থ কি? মহানবী রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, যখন মৃত্যু হবে। এহা শুনে তাঁর কন্যা মৃত্যু পিতাকে বললেন, আল্লহ্‌র কসম, আমি আশা করেছিলাম আপনি শহীদ হবেন। কারণ আপনি (জিহাদে) আসার প্রস্তুতি নিয়ে ছিলেন। মহানবী রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, তাঁর নিয়ত অনুযায়ী আল্লাহ্ তায়ালা তাঁর জন্য সওয়াব নির্ধারণ করেছেন। তোমরা শাহাদাত কাকে গণ্য করে থাকে ? তাঁরা বললেন, আল্লাহ্‌র রাস্তায় নিহত হওয়াকে। মহানবী রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওযা সাল্লাম বললেন, আল্লাহ্‌র পথে নিহত হওয়া ছাড়াও শহীদ সাত প্রকারের, যথা–তাউনে (মহামারীতে) যে মৃত্যু বরণ করেছে সে ব্যক্তি শহীদ, যে ব্যক্তি পানিতে ডুবে মারা গেছে সে ব্যক্তি শহীদ, নিউমোনিয়া রোগে যে ব্যক্তি মারা গেছে সে ব্যক্তি শহীদ, পেটের পীড়ায় যে ব্যক্তি মারা গেছে সে ব্যক্তি শহীদ, যে ব্যক্তি আগুনে পুড়ে মারা গেছে সে ব্যক্তি শহীদ, কিছু চাপা পড়ে যে ব্যক্তি মারা গেছে সে ব্যক্তি শহীদ, অন্তঃসত্ত্বা অবস্থায় যে মহিলা মারা গেছে সে মহিলা শহীদ। (মুয়াত্তা ইমাম মালিক)

✧ মৃত ব্যক্তির জন্য কাঁদতে নিষেধ করা—

হযরত আম্‌রা বিন্‌তে আবদুর রহমান (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি উম্মুল মুমিনীন হযরত আয়েশা ছিদ্দীকা (রাঃ)-কে বলতে শুনেছেন, তাঁর নিকট উল্লেখ করা হয় যে, হযরত আবদুল্লাহ্ ইব্‌নে উমর (রাঃ) বলেন, জীবিত ব্যক্তির ক্রন্দনের কারণে মৃত্যু ব্যক্তিকে আযাব দেওয়া হয়। এহা শুনে হযরত আয়েশা ছিদ্দীকা (রাঃ) বললেন, হযরত আবু আবদুর রহমান (রাঃ)-কে আল্লাহ্ পাক ক্ষমা করুন। এহা সত্য যে, তিনি মিথ্যা বলেননি। অবশ্য তিনি ভুলে গিয়েছেন অথবা ভুল করেছেন। ঘটনা এই যে এক ইহুদী মহিলার (কবরের) পাশ দিয়ে একদা মহানবী রাসূলুল্লাহ্

ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যাচ্ছিলেন, তার পরিবারের লোকেরা তার জন্য কাঁদছিল, তখন মহানবী রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, তারা তার জন্য কাঁদছে অথচ তাকে কবরে আযাব দেয়া হচ্ছে। (মুয়াত্তা ইমাম মালিক)

❑ হযরত আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, মহানবী রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, মুসলমানদের কারও তিনটি সন্তানের মৃত্যু হলে তাকে (জাহান্নামের) আগুনে স্পর্শ করবে না। তবে কসম হালাল হওয়া পরিমাণ সময় অর্থাৎ অতি অল্প সময় অথবা জাহান্নামের উপর দিয়ে (পুলসিরাত) অতিক্রম করা কালিন। (মুয়াত্তা ইমাম মালিক)

❑ হযরত আবূন নায্‌র সালামী (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, মহানবী রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন; মুসলমানদের কারও যদি তিনটি সন্তান মারা যায়, অতঃপর সে যদি তদের ব্যাপারে ধৈর্য ধারণ করে, তবে সন্তান তার জন্য (জাহান্নামের) আগুন হতে (রক্ষার) ঢাল স্বরূপ হবে। তারপর মহাবী রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট জনৈকা মহিলা বললেন, হে আল্লাহ্‌র রাসূল (দঃ) ! দু'টি সন্তানের মৃত্যু হলেও কি ? তিনি বললেন, দু'টি সন্তানের (মৃত্যু হলেও)। (মুয়াত্তা মালিক)

❑ হযরত আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, মহানবী রাসূলূল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন; সর্বদা মুমিনের উপর মুসীবত পৌঁছে থাকে, তার সন্তান ও আত্মীয়দের (মৃত্যু ও রোগের) কারণে। এমন কি এভাবে সে আল্লাহ পাকের সাথে মিলিত হয় নিষ্পাপ অবস্থায়। (মুয়াত্তা ইমাম মালিক)

❑ হযরত আবদুর রহমান ইবনে কাসিম (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, মহানবী রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, মুসলমানগণ তাদের মুসীবতসমূহে সান্তনা লাভ করবে আমার মুসীবত দ্বারা। অর্থাৎ, মহানবী রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মুসীবতসমূহ দেখে।

(মুয়াত্তাঃ ইমাম মালিক)

❑ হযরত নবী করীম ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পত্নী হযরত উম্মে সালমা (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, মহানবী রাসূলুল্লাহ্ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেন, যার (উপর) কোন মুসীবত পৌঁছে, অতঃপর আল্লাহ্ রাব্বুল আ'লামীন তাকে যেরূপ নির্দেশ দিয়েছেন সেরূপ বলে ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলায়হি রাযিউন-আল্লাম্মা আযিরনী ফি মুসিবাতি ওয়া আকবেনী খায়রাম্মিনহা তবে আল্লাহ্ তার সাথে সেরূপ করবেন। উম্মে সালমা (রাঃ) বলেন, হযরত আবূ সালমা (রাঃ)-এর ওফাতের পর আমি উক্ত দোয়া পাঠ করলাম, আর বললাম, হযরত আবূ সালমা (রাঃ) হতে ভাল কে আছেন? ফলে তার পরিবর্তে আল্লাহ্ পাক আমাকে

তাঁর হাবীব মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে প্রদান করলেন, অতঃপর তিনি আমাকে বিবাহ করেন। (মুয়াত্তা মালিক)

❑ হযরত কাসিম ইবনে মুহাম্মদ (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, আমার এক স্ত্রীর ইন্তিকাল হয়। হযরত মুহাম্মদ ইবনে কা'ব কুরাজী (রাঃ) আমাকে তাঁর (মৃত্যু) উপলক্ষে সান্ত্বনা দিতে আমার বাড়ী এলেন। তিনি আমাকে বললেন, বনী ইসরাঈলের এক ব্যক্তি ছিলেন আলেম, তিনি ইবাদত গুযার, মুজতাহিদ, শরীয়তের মাসায়ালায় পারদর্শী ছিলেন। তাঁর এক স্ত্রী ছিল, তাঁদের উভয়ের মধ্যে গভীর ভালবাসা ছিল। (ঘটনাক্রমে) তার সে স্ত্রীর মৃত্যু হয়। তাতে তিনি খুব মর্মাহত ও ব্যথিত হলেন। এমন কি তিনি নিজেকে একটি গৃহে অন্তরীণ করে ফেললেন এবং লোক জনের সংশ্রব বর্জন করলেন। অতঃপর কোন লোক তাঁর নিকট যেত না। জনৈকা মহিলা এ বৃত্তান্ত শুনে তাঁর নিকট উপস্থিত হলেন। তিনি বললেন, তাঁর কাছে আমার একটি বিষয় জানার আব্যকতা রয়েছে, যে বিষয়টি আমি তাঁকে জিজ্ঞেস করব। তাঁর সাথে সামনা-সামননি না হলে আমার এই অবাশ্যক পূর্ণ হবে না। (তাঁর গৃহদ্বার ত্যাগ করে) সব লোক চলে গের, কিন্তু উক্ত মহিলা তাঁর দ্বারে রয়ে গেলেন এবং বললেন তাঁর নিকট আমার প্রয়োজন রয়েছে। একজন লোক সে ব্যক্তির নিকট বলল, এখানে একজন মহিলা আপনাকে কিছু জিজ্ঞেস করতে ইচ্ছুক, তিনি বলছেন, আমি তাঁর সাক্ষাতপ্রার্থী মাত্র। সব লোক চলে গেছে; কিন্তু তিনি দরজা ছাড়ছেন না। তিনি বললেন, তোমরা তাকে আসার অনুমতি দাও। (অনুমতি পেয়ে সে মহিলা) প্রবেশ করলেন এবং বললেন, আমি আপনার নিকট একটি বিষয় জানতে এসেছি। তিনি বললেন, সে বিসয়টি কি ? (মহিলা) বললেন, আমার প্রতিবেশীর নিকট হতে আমি একটি গহনা ধার নিয়ে ছিলাম। অতঃপর আমি তা পরিধান করতাম এবং নির্দিষ্ট সময় পর্যন্ত তা অন্য লোকদেরকে ধার-স্বরূপ দিতাম।

অতঃপর তারা তার (ফেরত দেয়ার) জন্য আমার নিকট লোক পাঠালেন। আমি তা ফেরত দিব কি ? তিনি বললেন, হাঁ, আল্লাহ্‌র কসম। মহিলা বললেন, সে গহনাটি যে বেশ কিছুদিন আমার কাছে ছিল। তিনি বললেন, এজন্য আরও বেশী উচিত যে, তুমি তা তাঁদের নিকট ফেরত দাও, তাঁরা এতকাল পর্যন্ত তোমাকে ধার দিয়েছেন। তখন উক্ত মহিলা বললেন ওহে! আপনার প্রতি আল্লাহ্ পাক দয়া করুন, আপনি আফসোস করতেছেন এমন বস্তুর উপর যা আল্লাহ্ পাক আপনাকে ধার দিয়েছেন, অতঃপর তিনি তা গ্রহণ করেছেন আপনার নিকট হতে। অথচ তিনি তার হকদার বেশী আপনি অপেক্ষা। তবে ভেবে দেখুন আপনি কোন হালতে আছেন। আল্লাহ্ পাক এই মহিলার উপদেশ দ্বারা তাঁকে উপকৃত করলেন। (মুয়াত্তা মালিক)

✧ জানাযার তাকবীরের মাসয়ালা—

হযরত আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, মহানবী রাসূলুল্লাহ, ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম লোকদেরকে নাজ্জাশীর মৃত্যুর খবর দিয়েছেন, যেদিন তাঁর মৃত্যু হয়েছে সেদিন। অতঃপর লোকজনকে নিয়ে তিনি নামাযে গমন করেছেন, অতঃপর তাদেরকে সারিবদ্ধ দাড় করেছেন এবং চার তাকবীরের সাথে জানাযার নামায আদায় করেছেন।

✧ জানাযার নামাযে কিরায়াত পাঠ করা—

হযরত নাফি' (রহঃ) বলেন, হযরত আবদুল্লাহ্ ইবনে ওমর (রাঃ) জানাযার নামাযে কোন কিরয়াত পাঠ করতেন না।

✧ শহীদ পাঁচ প্রকার—

হযরত আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, এক ব্যক্তি কোন পথ দিয়ে যাচ্ছিল, তখন পথিমধ্যে কাঁটাযুক্ত (বৃক্ষের) শাখা দেখতে পেয়ে সে তা অপসারিত করল। আল্লাহ্ তায়ালা তার এই কার্য গ্রহণ করলেন এবং তার গুনাহ্ মাফ করে দিলেন। মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরও বলেছেন, শহীদ পাঁচ প্রকার ঃ

(১) প্লেগাক্রান্ত বা (মহামারীতে মৃত),

(২) পেটের পীড়ায় মৃত,

(৩) যে পানিতে ডুবে মরেছে,

(৪) ভূমিকম্পে কিছু চাপা পড়ে যার মৃত্যু হয়েছে এবং

(৫) আল্লাহ্‌র পথে যে ব্যক্তি শহীদ হয়েছেন। (মুয়াত্তা ইমাম মালিক)

নামাযের সুন্নতসমূহের বিধান

❑ নামাযের নিয়ত করার সময় পুরুষের জন্য দুই হাত কান পর্যন্ত এবং মহিলাদের জন্য দুই হাত কাঁধ পর্যন্ত উঠানো।

❑ হাত উঠানোর সময় দুই হাতের তালু ও আঙ্গুলসমূহ ক্বেবলামুখী করা এবং স্বাভাবিকভাবে আঙ্গুল যতটুকু খোলা থাকে ততটুকু খোলা রাখা। নিজ (ইচ্ছায় আঙ্গুলসমূহ না খোলা বা মিলিয়ে না রাখা।)

❑ পুরুষের জন্য আল্লাহু আকবার বলে এমনভাবে নাভীর নিচে হাত বাঁধা যেন বাম হাত ডান হাতে নিচে থাকে এবং মহিলাগণ অনুরূপভাবেই সিনার উপরে বাম হাতের উপরে ডান হাত বাঁধবে।

❒ শুধুমাত্র প্রথম রাকয়াত সম্পূর্ণ সানা, অর্থাৎ 'সুবহানাকা আল্লাহুম্মা হতে লা-ইলাহা গায়রুক' পর্যন্ত পাঠ করা।

❒ শুধুমাত্র প্রথম রাকয়াতে ইমাম অথবা মুনফারিদ বা একাকী নামায আদায়কারীর "আউযু বিল্লাহি মিনাশ শাইতানির রাজীম" পাঠ করা।

❒ প্রতি রাকয়াতে সূরা ফাতেহা ও অন্য সূরা পাঠ করার পূর্বে। "বিসমিল্লাহির রাহমানির রাহীম" পাঠ করতে হবে।

❒ প্রতিবার সূরা ফাতিহা পাঠ শেষ করে অনুচ্চ শব্দে 'আমীন' বলা।

❒ সূরা ফাতেহার পাঠ করার পর অন্য সুরা মিলানো ওয়াজিব। আর রুকুতে যাওয়ার সময় "আল্লাহু আকবার" বলা।

❒ রুকুর করার সময় দুই হাতের আঙ্গুলগুলোকে বিস্তৃত করে হাঁটু ধরা।

❒ রুকুতে এমনভাবে ঝোঁকা যেন, মাথা, কোমর এবং নিতম্ব তক্তার মত এক বরাবর হয়ে যায় এবং পায়ের গোছাকেও সোজা রাখা। এ নিয়ম পুরুষদের জন্য। মহিলাদের জন্য শুধু এতটুকু ঝোঁকা আবশ্যক যাতে তাদের হাত ভালভাবে হাঁটু পর্যন্ত পৌঁছে যায়। তারা আঙ্গুলসমূহকে হাঁটুর উপর মিলিয়ে রাখবে।

❒ রুকুতে কমপক্ষে তিনবার রুকুর তাছবিহ অর্থাৎ "সুবহা-না রাব্বিয়্যাল আ'যীম" পাঠ করা।

❒ রুকু থেকে মাথা উঠানোর সময় ইমাম ও মুনফারিদের "সামিআল্লাহু লিমান-হামিদাহ্" বলতে হবে এবং মুক্তাদী ও মুনফারিদের রব্বানা লাকাল হামদ্ বলতে হবে।

❒ রুকুর পর সোজা হয়ে দাঁড়াতে হবে। কোন কোন ওলামা এটাকে ওয়াজিবও বলে থাকেন।

❒ সিজ্‌দায় যাওয়ার সময় "আল্লাহু আকবার" বলতে হবে।

❒ এমনভাবে সিজদাহ্ করা সুন্নত যে, দুই হাত হাঁটুর উপর রেখে মাটিতে হাঁটু ঠেকাবে। তারপর দুই হাতের পাঞ্জা এতটুকু দূরত্ব বজায় রেখে মাটির উপর রাখা যেন মাথা দুই পাঞ্জার মধ্যবর্তী স্থানে হয় এবং নাক ও কপাল মাটির সাথে এমনভাবে লেগে থাকে যেন হাতের বৃদ্ধাঙ্গুলি কানের লতির নিকটবর্তী হয়ে যায় এবং নাক ও কপাল উভয়ই জমিনের সাথে লেগে যায়।

❒ সিজদার যাওয়ার সময় দুই হাতের আঙ্গুলসমূহকে মিলিয়ে ক্বিলামুখী করে রাখা এবং অনুরূপ দুই পায়ের আঙ্গুলসমূহকেও ক্বিলামুখী রাখতে হবে।

❒ সিজদার সময় পুরুষের হাতের কলাই (কব্জার উপরিভাগ) মাটি হতে পৃথক রাখতে হবে এবং বাহুদ্বয়কে পাঁজড় থেকে পৃথক রাখতে হবে। অবশ্য মহিলাদের মাটির সাথে সিনা লাগিয়ে সিজ্‌দা করতে হবে।

❒ সিজ্‌দায় কমপক্ষে তিনবার "সুব্‌হা-না রাব্বিয়াল আ'লা" বলা অথবা পাঁচবার অথবা সাতবার যে কোন বেজোড় সংখ্যায় বলা উত্তম।

❒ সিজ্‌দাহ্ থেকে মাথা উঠানোর সময় "আল্লাহু আকবার" বলতে হবে।

❒ প্রথম সিজদাহ্ থেকে উঠে বাম পা' বিছিয়ে তার উপর বসে ডান পা' খাড়া করে আঙ্গুলসমূহ ক্বিলামুখী রাখতে হবে এবং হাতের পাঞ্জা রানের উপর এমনভাবে রাখতে হবে, যেন হাতের আঙ্গুলসমূহের মাথা স্বাভাবিকভাবেই হাঁটু বরাবর হয় এবং ক্বেবলামুখী থাকে।

❒ সিজ্‌দা থেকে উঠার সময় প্রথমে কপাল ও নাক উঠিয়ে দু'হাত, দু'হাঁটুর উপরে রেখে সোজা হয়ে বসে পুনরায় 'আল্লাহু আকবার' বলে দ্বিতীয় সিজ্‌দায় যাওয়া।

❒ যেভাবে প্রথম সিজদার সুন্নতসমূহ বর্ণনা করা হয়েছে ঐ ভাবে দ্বিতীয় সিজ্‌দায় যাওয়া। (অবশ্য সিজ্‌দাহ করা ফরয)

❒ সিজ্‌দা থেকে উঠার সময় প্রথম সিজ্‌দার অনুরূপভাবে মস্তক উঠিয়ে, দু'হাত দু'হাঁটুর উপরে রেখে পায়ের পাঞ্জার উপর ভর দিয়ে না বসে সোজা দ্বিতীয় রাকয়াতের জন্য 'আল্লাহু আকবার' বলে দাঁড়িয়ে যেতে হবে। দ্বিতীয় রাকয়াতে দুই সিজ্‌দা আদায় করার পর প্রথম বৈঠকে বসা এবং যেভাবে প্রথম সিজ্‌দাহ্ থেকে বসার কথা বলা হয়েছে ঠিক সেভাবেই সুন্নত তরীকায় প্রথম বৈঠকে বসা ও আত্তাহিয়্যাতু পাঠ করা। যখন আশ্‌হাদু আল্লা-ইলাহা পর্যন্ত পৌঁছবে তখন শাহাদাত আঙ্গুল দ্বারা ইশারা করা। ইশারার সময় ডান হাতের কনিষ্ঠ আঙ্গুল এবং তার সাথের দুই আঙ্গুলকে হাতের পাতার দিকে মুড়িয়ে মিলিয়ে রাখা এবং মধ্যমা ও বৃদ্ধা আঙ্গুল দ্বারা গোল হালক্বা বানানো এবং 'লা' বলার সময় শাহাদাত আঙ্গুল খাড়া করা ও ইল্লাল্লাহ বলে নীচে নামিয়ে ফেলা এবং ডান হাতকে শেষ পর্যন্ত ওভাবেই বন্দন অবস্থায় রাখা। আত্তাহিয়্যাতু পাঠ করা শেষ হওয়ার সাথে সাথে তৃতীয় রাকয়াতের জন্য দাঁড়িয়ে যাওয়া।

❒ ফরয নামাযের তৃতীয় ও চতুর্থ রাকয়াতে সূরা ফাতেহা পাঠ করার পর অন্য কোন সূরা মিলাতে হবে না। ফরয নামায ছাড়া বাকি নফল, সুন্নতে মুয়াক্‌কাদাহ্ ও গায়রে মুয়াক্‌কাদাহ্, বিতের এই সব নামাযে তৃতীয় ও চতুর্থ রাকয়াতে সূরা ফাতেহার সাথে অন্য সূরা মিলিয়ে পাঠ করা ওয়াজিব।

❐ মেয়েলোকেরা যখন আত্তাহিয়্যাতু পাঠ করার জন্য বসবে তখন তাদের দুই পা ডান দিকে বিছিয়ে দিবে এবং বাম নিতম্বকে জমিনের উপর ভর দিয়ে বসে পড়বে।

❐ শেষ বৈঠকেও আত্তাহিয়্যাতু পাঠ করার সময় (যেভাবে পূর্বে বর্ণিত হয়েছে ঐভাবে ইশারা করবে)। আত্তাহিয্যাতুর পাঠ করার পরর দুরূদ শরীফ পাঠ করা এবং কুরআন ও হাদীস শরীফে যে দোয়ার কথা উল্লেখ আছে এমন কোন দোয়া পাঠ করে ডানে এবং বামে সালাম ফিরাতে হবে।

❐ উভয় দিকে সালাম ফিরানোর সময় ইমাম সাহেবের মনে মনে এ নিয়্যত করতে হবে যে, উভয় দিকের সমস্ত ফেরেশতা এবং মোক্তাদিগণকে সালাম করছি, আর যে দিকে ইমাম আছে সে দিকে ইমামকেও নিয়তের মধ্যে শামিল করে নেয়া।

❐ ইমাম সাহেব সালাম ফিরানোর সময় বাম দিকের তুলনায় ডান দিকের সালাম কিছুটা উচ্চস্বরে এবং বাম দিকের সালাম কিছুটা নিচু স্বরে বলবেন।

❐ মুক্তাদি ইমাম সাহেবের সাথেই সালাম ফিরাবে দেরী করবে না।

❐ যে ব্যক্তি এক বা একাদিক রাকয়াত জামায়াতের সাথে পেল না তাকে মাস্‌বুক বলা হয়।

❐ মাস্‌বুক ব্যক্তি ইমাম সাহেবের সালাম ফিরানোর সময় দ্বিতীয় সালাম পর্যন্ত অপেক্ষা করবে। ইমাম সাহেব সালাম ফিরানোর পর মাস্‌বুক ব্যক্তি উঠে বাকী নামায পুরা করবে। (নুরুল ইজাহ)

নামায

কোর্‌আনে হাকীম

✧ আর নামায কায়েম কর, যাকাত দান কর এবং রুকুকারীদের সাথে রুকু কর। (আল-বাক্বারা-২ ঃ ৪৩)

✧ ধৈর্য ও নামাযের মাধ্যমে সাহায্য প্রার্থনা কর। অবশ্য তা যথেষ্ট কঠিন। কিন্তু সে সমস্ত বিনয়ী লোকদের পক্ষেই তা সম্ভব যারা একথা খেয়াল করে যে, তাদেরকে সম্মুখীন হতে হবে স্বীয় পরওয়ারদেগারের এবং তাঁরই দিকে ফিরে যেতে হবে। (আল-বাক্বারা-২ ঃ ৪৫, ৪৬)

✧ আপনি আপনার প্রতি প্রত্যাদিষ্ট কিতাব পাট করুন এবং নামায কায়েম করুন। নিশ্চয়ই নামায অশ্লীল ও মন্দ কাজ থেকে বিরত রাখে। আল্লাহ্‌র স্মরণ সর্বশ্রেষ্ঠ। আল্লাহ্ পাক জানেন তোমরা যা কর। (সূরা, আন্‌কাবুত ঃ ৪৫)

✧ তোমরা নামায কায়েম কর এবং যাকাত দাও। তোমরা নিজের জন্যে পূর্বে যে সৎকর্ম প্রেরণ করবে, আল্লাহ্‌র কাছে পাবে। তোমরা যা কিছু কর, নিশ্চয় আল্লাহ্ তা প্রত্যক্ষ করেন। (আল-কুর্‌আন, ২ ঃ ১১০)

✧ নিশ্চয়ই যারা বিশ্বাস স্থাপন করেছে, সৎকাজ করেছে, নামায প্রতিষ্ঠিত করেছে এবং যাকাত দান করেছে, তাদের জন্য তাদের পুরস্কার তাদের পালনকর্তার কাছে রয়েছে। তাদের কোন শঙ্কা নেই এবং তারা দুঃখিত হবে না। (আল-কুর্‌আন, ২ ঃ ২৭৭)

✧ আমি মানুষ ও জ্বীন জাতিকে আমার এবাদত করার জন্যই সৃষ্টি করেছি।

(আল-কুর্‌আন, ৫১ ঃ ৫৬)

✧ (হে নবী) আপনি আপনার পরিবারস্থ সবাইকে নামাযের আদেশ দিন এবং আপনি নিজেও এর উপর অবিচল থাকুন। আমি আপনার নিকট রিযিক চাইনা। রিযিক ত আপনাকে আমিই দিব, আর সর্বোত্তম পরিণাম একমাত্র পরহেজগারীর জন্যই। (আল-কুরআন, ২০ ঃ ১৩২)

✧ আমার বান্দাদেরকে বলে দিন যারা বিশ্বাস স্থাপন করেছে, তারা নামায কায়েম রাখুক এবং আমার দেয়া রিযিক থেকে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করুক ঐ দিন আসার আগে, যে দিন কোন বেচাকেনা নাই এবং বন্ধুত্বও নাই। (ইব্‌রাহীম-১৪ ঃ আয়াত, ৩১)

✧ হে মুমিনগণ, তোমরা রুক কর, সেজদা কর, তোমাদের পালনকর্তার এবাদত কর এবং সৎকাজ সম্পাদন কর, যাতে তোমরা সফলকাম হতে পার। (হজ্ব-২২ ঃ আয়াত, ৭৭)

✧ নামায কায়েম কর, যাকাত প্রদান কর এবং রাসূলের আনুগত্য কর যাতে তোমরা অনুগ্রহ প্রাপ্ত হও। (আন্‌-নূর-২৪ ঃ আয়াত, ৫৬)

✧ অতএব দুর্ভোগ সে সব নামাযীর, যারা তাদের নামায সম্বন্ধে বে-খবর। যারা তা লোক দেখানোর জন্য করে। (মাউন-১০৭ ঃ আয়াত, ৪-৬)

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরশাদ করেছেন যে,

✧ পাঁচ ওয়াক্ত নামাযের দৃষ্টান্ত এরূপ যেমন কারো দরজায় একটি গভীর প্রবাহিত নহর রয়েছে এবং সে ব্যক্তি উক্ত নহরে দৈনিক পাঁচ বার গোসল করে।

✧ যে ব্যক্তি দৈনিক ৫ ওয়াক্ত নামায পড়ে, আল্লাহ্ পাক তার সমস্ত গোনাহ ক্ষমা করে দেন। (বুখারী, মুসলিম)

✧ আল্লাহ্ পাকের নিকট সর্বাপেক্ষা অধিক প্রিয় কাজ হল নির্দিষ্ট সময়ে নামায আদায় করা। (বুখারী, মুসলিম)

✧ ইসলাম ধর্ম পাঁচটি স্তম্ভের উপর প্রতিষ্ঠিত ঃ ১. এ কথার সাক্ষ্য দেয়া যে আল্লাহ্ ছাড়া কোনো মা'বুদ নেই, হযরত মুহাম্মদ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর বান্দা ও রাসূল। ২. নামায কায়েম করা। ৩. যাকাত আদায় করা। ৪. হজ্ব করা। ৫. রমজান মাসের রোজা রাখা। (বুখারী ও মুসলিম)

✧ যে ব্যক্তি আল্লাহর ওয়াস্তে ৪০ দিন যাবত প্রথম তাকবীরের সাথে জামায়াতের সাথে নামায পড়বে তার জন্য দুটি পরওয়ানা লেখা হয়। একটি জাহান্নাম থেকে রক্ষা পাওয়ার ও অপরটি মুনাফেকী থেকে মুক্ত থাকার। (তিরমিজি)

✧ যে ব্যক্তির এক ওয়াক্ত নামাযও ছুটে গেল তার যেন পরিবার পরিজন ও ধন-সম্পদ সব কিছুই কেড়ে লওয়া হল। (ইবনে হাব্বান)

মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরও এরশাদ করেছেন ঃ

● কেয়ামতের দিনে সর্বপ্রথম নামাযেরই হিসেব নেয়া হবে। ● নামায শ্রেষ্ঠ জেহাদ। ● নামায মুমেনের নূর। ● আল্লাহ মানুষকে সেজদায় রত অবস্থায় দেখতে অধিক ভাল বাসেন। ● সেজদায় ব্যবহৃত অঙ্গকে আল্লাহ্ পাক আগুনের জন্য হারাম করে দিয়েছেন। ● নামায বেহেশতের চাবি। ● আল্লাহ্ পাকে নিকট সবচেয়ে প্রিয় আমল আউয়াল ওয়াক্তে নামায পড়া। ● ওয়াক্ত মত নামায পড়া সর্বশ্রেষ্ঠ আমল। ● নামায গোনাহ্ সমূহকে শুকনা পাতার মত ঝরিয়ে ফেলে।

নামাযের বিভিন্ন অংশের ফজিলত

তাক্বীরে উলা	নামাযের জন্য প্রথম তাকবীরে শরীক হওয়া ঃ	দুনিয়ার মধ্যে যা' কিছু আছে, সবকিছুর চেয়ে উত্তম।
কেরাত	নামাযের মধ্যে কুরআন পাঠ ঃ	প্রতি হরফে-বসে পড়লে ৫০ নেকী, দাড়িয়ে পড়লে ১০০ নেকী।
কেয়াম	যতক্ষণ বান্দা নামাযে দাঁড়া থাকে ঃ	তার মাথার উপর বৃষ্টির ন্যায় রহমত বর্ষিত হতে থাকে।
রুকু	নামাযী যখন রুকুতে যায় ঃ	তখন তার নিজের ওজন বরাবর স্বর্ণ আল্লাহ্র রাস্তায় দান করার ছওয়াব পায়।

সেজদাহ	নামাযী যখন সেজদাহ করে ঃ	সমস্ত জ্বীন ও ইনসানের সংখ্যার সমান ছাওয়াব।
আত্তাহিয়্যাতু	নামাযী যখন আত্তাহিয়্যাতু পড়ার জন্য বসে ঃ	তখন সে হযরত আইউব ও হযরত ইয়াকুব (আঃ)-এর মত ছবরকারীদের ছাওয়াব পায়।
ছালাম	নামাযী নামায শেষে যখন সালাম ফিরায় ঃ	তার জন্য বেহেশতের ৮টি দরওয়াজা খুলে যায়।

উপরে উল্লেখিত আয়াত সমূহ ছাড়াও আল্লাহ পাক পবিত্র কোর্আনের আরো বহু আয়াতে নামায সম্পর্কে নির্দেশ দিয়েছেন। এমনি ভাবে নামাযের তাগিদ ও ফজিলতের বর্ণনা সহ আরো বহু হাদীস রয়েছে। কোর্আন ও হাদীসের এ সব পবিত্র বাণী থেকে আমরা নামাযের অসীম গুরুত্ব ও ফজিলত সম্পর্কে জানতে পারি।

আসুন আমরা সবাই আল্লাহ্ পাকের অসন্তুস্টি তথা আযাব ও গজবের পরিবর্তে তাঁর সন্তুষ্টি তথা অশেষ রহমত ও পুরস্কারের আশায় যথাযথভাবে নামায কায়েম সহ তাঁর সকল আদেশ নিষেধ মেনে চলতে সচেষ্ট হই।

আল্লাহ্ পাক আমাদের সকলকে ওয়াক্ত মত, যথা নিয়মে, খুশু-খুযু ও হুযূরে-কালব-এর সাথে নামায পড়ার তাওফিক দান করুন।-আমীন।

"আমি যিকিরকারী হবো, আমি নামাযে দাঁড়াবো,
রহমতের বৃষ্টি আমার মাথাতে ঝরাবো।"
"আমি যিকিরকারী হবো, আমি নামাযী রহিবো,
পাপ-রাশি পাতার মত ঝড়ায়ে ফেলবো।"

নামাযে আমরা কি পড়ি ?

বিস্মিল্লাহির রাহ্মানির্ রাহীম

	নামাযের অবস্থান	যা পড়ি	অর্থ
১	নামাযের জন্য জায়নামাজে দাড়িয়ে পড়ি-**'জাযনামাযের দোয়া'**ঃ	ইন্নি ওয়াজ্জাহ্তু ওয়াজ্হিয়া লিল্লাযী ফাতারাচ্ছামাওয়াতে ওয়া আরদা হানীফাওঁ ওয়ামা-আনা মিনাল মুশ্রিকীন।	নিশ্চয়ই আমি তাঁর দিকে মুখ করলাম, যিনি আকাশ পাতাল সৃষ্টি করেছেন, আমি অবশ্যই মোশরেক-গণের দলভুক্ত নই।
২	নামাযের যথাযথ নিয়ত করে তাকবীর অর্থাৎ, 'আল্লাহু আক্বার' বলে হাত বেঁধে প্রথম রাকায়াতে পড়ি-'ছানা' ঃ	সুব্হানাকা আল্লাহুম্মা ওয়া বিহামদিকা ওয়া তাবারাকাছমুকা ওয়া তায়ালা জাদ্দুকা ওয়া লা-ইলাহা গাইরুকা।	হে আল্লাহ্ আমি তোমারই পবিত্রতার প্রশংসা করছি। তোমার নাম বরকতপূর্ণ, তোমারই গৌরব উচ্চতম এবং তুমি ছাড়া উপাস্য নাই।

৩	ও 'তা' আউয'- ঃ	আউযুবিল্লাহি মিনাশ্ শাইত্বনির্ রাজিম।	অভিশপ্ত শয়তান হতে আল্লাহ্ পাকের নিকট আশ্রয় প্রার্থনা করছি
৪	প্রতি রাকায়াতে পড়ি 'তাস্মিয়াহ্' ঃ	বিস্ইমল্লাহির্ রাহ্মানির্ রাহীম।	পরম করুণাময় ও অতিশয় দয়াবান আল্লাহ্র নামে (শুরু করছি)
৫	ও 'সুরা-ফাতিহা' ঃ	আলহামদুলিল্লাহি রাব্বিল আ'লামীন। আররাহ্মানির্ রাহীম। মা-লিকীয়াওমিদ্দিন। ইয়্যাকা না'বুদু ওয়াইয়্যাকা নাসতায়ীন। ইহ্দিনাছ ছীরাত্বল মুস্তাক্বীম। সীরাত্বাল্লাযীনা আনআমতা আলাইহীম। গাইরিল মাগ্দুবী আলাইহিম ওয়ালাদ্দল্লিন আমীন।	সকল প্রশংসা আল্লাহ্ পাকের জন্য যিনি সকল সৃষ্টি জগতের পালনকর্তা। তিনি অতিশয় মেহেরবান ও দয়ালু। যিনি বিচার দিনের মালিক। আমরা একমাত্র তোমারই ইবাদত করি এবং শুধুমাত্র তোমারই সাহায্য প্রার্থনা করি। আমাদেরকে সরল পথ দেখাও। সে সকল লোকের পথ যাদেরকে তুমি নেয়ামত দান করেছ। তাদের পথ নয়, যাদের প্রতি তোমার গজব নাজিল হয়েছে এবং যারা পথভ্রষ্ট হয়েছে। আমীন।
৬	ফরজ নামাযের প্রথম দু' রাকায়াতে ও অন্য নামাযের সকল রাকাযাতে পড়ি ঃ সুরা	সূরা ফাতিহা, ছাড়া যে কোন সূরা বা সূরার অংশ (কম পক্ষে ৩টি ছোট আয়াত বা উহার সমান) [বিস্মিল্লাহ্ সহ]	৭
৭	'আল্লাহু আক্বার' বলে রুকুতে গিয়ে পড়ি- 'রুকুর তছবীহ্' ঃ	সুব্হানা রাব্বিয়াল আযীম। (৩, ৫ বা ৭ বার)	মহান প্রতিপালকের পবিত্রতা বর্ণনা করছি।
৮	'সামিয়াল্লাহুলিমান হামিদা' বলে দাড়িয়ে পড়ি 'তাহ্মীদ' ঃ	রাব্বানা লাকাল্ হাম্দ।	হে আমার প্রতিপালক, সকল প্রশংসা তোমারই জন্য।
৯	'আল্লাহু আক্বার' বলে প্রথম সেজদায় গিয়ে পড়ি 'সেজদার তাছবীহ্' ঃ	সুব্হানা রাব্বিয়াল আ'লা। (৩, ৫ বা ৭ বার)	সেষ্ট্র প্রতিপালকের পবিত্রতা বর্ণনা করছি।

১০	'আল্লাহু আক্বার' বলে বসে পড়ি ঃ	আল্লাহুম্মগ্ ফির্লী ওয়ার্হামনী ওয়ারযুক্বনী ওয়াহ্দিনী।	হে আল্লাহ্ তুমি আমাকে মার্জনা কর, দয়া কর, আহার দান কর এবং সৎপথে চালাও।
১১	'আল্লাহু আক্বার' বলে দ্বিতীয় সেজদায় গিয়ে পড়ি 'সেজদার তাছবীহ্' ঃ	সুবহানা রাব্বিয়াল আ'লা (৩, ৫ বা ৭ বার)	মহান প্রতিপালকের পবিত্রতা বর্ণনা করছি।
১২	২ রাকায়াত নামাযের বৈঠকে এবং অন্য নামাযের ১ম ও শেষ বৈঠকে পড়ি- আত্তাহিয়াতু ঃ	আত্তাহিয়্যাতুলিল্লাহি ওয়াছ্ছালাওয়াতু ওয়াত্তাইয়্যিবাতু আস্সালামু আলাইকা আইয়্যুহান্নাবিয়্যু ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু, আস্সালামু-আলাইনা ওয়া আলা ইবাদিল্লা-হিচ্ছালিহীন। আশ্হাদু আল্লা ইলা হা ইল্লাল্লাহু ওয়া আশ্হাদু আন্না মুহাম্মাদান আবদুহু ওয়া রাসূলুহু।	আমার আন্তরিক ও মৌখিক যাবতীয় প্রশংসা, শারীরিক ও আর্থিক সমুদয় বন্দেগী একমাত্র আল্লাহ্র জন্যেই। হে নবী ! আপনার উপর আল্লাহ্র শান্তি ও কৃপা বর্ষিত হোক। আমাদের প্রতি ও আল্লাহ্র নেক বান্দাদের প্রতি আপনার অশেষ শান্তি অবতীর্ণ হোক। আমরা সাক্ষ্য দিচ্ছি যে আল্লাহ্ ছাড়া কোন মা'বুদ নেই এবং আমরা আরো সাক্ষ্য দিচ্ছি যে হযরত মুহাম্মদ (দঃ) আল্লাহ্র বান্দা ও রাসূল।
১৩	যে কোন নামাযের শেষ বৈঠকে আত্তাহিয়্যাতুর পরে পড়ি— 'দরূদ' ঃ	আল্লাহুম্মা ছাল্লি আ'লা মুহাম্মাদিওঁ ওয়া আ'লা আলি মুহাম্মাদিন কামা ছাল্লাইতা আ'লা ইব্রাহীমা, ওয়া আলা আলি ইব্রাহীমা, ইন্নাকা হামিদুম্ মাজীদ। আল্লাহুম্মা বারিক আ'লা মুহাম্মাদিওঁ ওয়া আ'লা আলি মুহাম্মাদিন কামা বারাক্তা আ'লা ইব্রাহীমা, ওয়া আলা আলি ইব্রাহীমা, ইন্নাকা হামিদুম্ মাজীদ।	হে আল্লাহ্ আপনি মুহাম্মদ (দঃ) এবং তাঁর বংশধরদের প্রতি রহমত বর্ষন করুণ যেরূপ ইব্রাহীম (আঃ) এবং তাঁর বংশধরদের প্রতি রহমত বর্ষন করেছিলেন। নিশ্চয়ই আপনি প্রশংসনীয় ও সম্মানীয়। হে আল্লাহ্ আপনি মুহাম্মদ (দঃ) এবং তাঁর বংশধরদের প্রতি বরকত নাযিল করুন যেরূপ ইব্রাহীম (আঃ) এবং তাঁর বংশধরদের প্রতি বরকত নাজিল করেছিলেন। নিশ্চয়ই আপনি প্রশংসনীয় ও সন্মানীয়।
১৪	ও 'দোয়া মাছুরাহ' ঃ	আল্লাহুম্মা ইন্নী যালামতু নাফসী যুলমান কাসিরাওঁ ওয়ালা ইয়াগ ফিরুয যুনুবা ইল্লা আনতা, ফাগফিরলী মাগফিরাতাম মিন্ ইন্দিকা ওয়ার্হাম্নী, ইন্নাকা আন্তাল গাফুরুর্ রাহীম।	হে আল্লাহ্, আমি আমার নিজের প্রতি বড়ই জুলুম করেছি এবং আপনি ছাড়া কেউ পাপসমূহ মাফ করতে পারবে না। আপনি আমাকে ক্ষমা করুন এবং আমার প্রতি অনুগ্রহ করুন। নিশ্চয়ই আপনি ক্ষমাশীলও অনুগ্রহকারী।

১৫	দোয়া মাছুরার পরে, ডানে বাঁয়ে **'সালাম'** দিয়ে নামায শেষ করে মোনাজাত করি।	অস্সালামু আলাইকুম ওয়া রাহ্মাতুল্লাহ।	আপনাদের প্রতি আল্লাহ্র রহমত ও শান্তি বর্ষিত হোক।

দুই রাকায়াত ফরজ, সুন্নত বা নফল নামাযের কোন রাকায়াতে কি পড়ি ?

	নামাযের অবস্থান	১ম রাকায়াতে পড়ি	২য় রাকায়াতে পড়ি
১	নামাযের জন্য জায়নামাযে দাড়িয়ে পড়ি- 'জায়নামাযের দোয়া'ঃ	ইন্নি ওয়াজ্জাহ্তু....	
২	নামাযের যথাযথ নিয়ত করে তাকবীর অর্থাৎ, 'আল্লাহু আক্বার' বলে হাত বেঁধে প্রথম রাকায়াতে পড়ি- **'সানা'** ঃ	সুব্হানাকা আল্লাহুম্মা	
৩	ও **'তা' আউয'** ঃ	আউযুবিল্লাহি...	
৪	প্রতি রাকায়াতে পড়ি **'তাস্মিয়াহ্'** ঃ	বিস্মিল্লাহির...	বিস্মিল্লাহির...
৫	ও **'সূরা-ফাতিহা'** ঃ	সূরা-ফাতিহা	সূরা-ফাতিহা
৬	এ নামাযের উভয় রাকায়াতে পড়িঃ **সূরা** ঃ	সূরা বা সূরার অংশ	সূরা বা সূরার অংশ
৭	'আল্লাহু আক্বার' বলে রুকুতে গিয়ে পড়ি- **'রুকুর তসবীহ্'** ঃ	সুব্হানা রাববি ইয়্যাল আযীম	সুব্হানা...আযিম
৮	'সামিয়াল্লাহুলিমান হামিদা' বলে দাড়িয়ে পড়ি **'তাহ্মীদ'** ঃ	রাব্বানা লাকাল হামদ	রাব্বানা...
৯	'আল্লাহু আক্বার' বলে প্রথম সেজদায় গিয়ে পড়ি **'সিজদার তাসবীহ্'** ঃ	সুব্হানা রাববিয়্যাল আ'লা	সুব্হানা...আ'লা
১০	'আল্লাহু আক্বার' বলে বসে পড়িঃ	আল্লাহুম্মাগ্ ফির্লী...	আল্লাহুম্মাগ্ ফির্লী...
১১	'আল্লাহু আক্বার' বলে ২য়-সিজদায় গিয়ে পড়ি **'সিজদার তসবীহ্'** ঃ	সুব্হানা....আ'লা	সুব্হানা...আ'লা
১২	২য়-রাকায়াতের ২য় সিজদার পরে বসে পড়ি **'আত্তাহিয়্যাতু'**		আত্তাহিয়্যাতু

১৩	আত্তাহিয়্যাতুর পরে পড়িঃ **'দূরূদ'**		দরূদ
১৪	ও**'দোয়া মাসুরাহ'** ঃ		দোয়া মাসুরাহ
১৫	দোয়া মাসুরার পরে, ডানে বাঁয়ে 'সালাম' দিয়ে নামায শেষ করে মোনাজাত করি।		সালাম ফিরাই

➢ এখান থেকে দাঁড়িয়ে ২য়-রাকায়াত পড়তে শুরু করি।

৩ রাকায়াত নামাযের কোন রাকায়াতে কি পড়ি ?

(মাগরিবে ৩ রাকায়াত নামায ফরজ এবং বেতেরের ৩ রাকায়াত নামায ওয়াজিব)

	নামাযের অবস্থান	১ম রাকায়াতে পড়ি	২য় রাকায়াতে পড়ি	৩য় রাকায়াতে পড়ি
১	নামাযের জন্য জায়নামাযে দাড়িয়ে পড়ি-১জায়নামাযের দোয়া'ঃ	ইন্নি ওয়াজ্জাহ্তু ...		
২	নামাযের যথাযথ নিয়ত করে তাকবীর অর্থাৎ, 'আল্লাহু আক্বার' বলে হাত বেঁধে প্রথম রাকায়াতে পড়ি-'সানা' ঃ	**সুব্হানাকা আল্লাহুম্মা** ---		
৩	ও **'তা' আউয'** ঃ	আউযুবিল্লাহি		
৪	প্রতি রাকায়াতে পড়ি **'তাস্মিয়াহ্'** ঃ	বিস্মিল্লাহির ...	বিস্মিল্লাহির	বিস্মিল্লাহির
৫	ও 'সূরা-ফাতিহা' ঃ	সূরা-ফাতিহা	সূরা-ফাতিহা	সূরা-ফাতিহা
৬	এ নামাযের প্রথম দু' রাকযাতে পড়িঃ সূরাঃ	সূরা বা সূরার অংশ	সূরা বা সূরার অংশ	***
৭	'আল্লাহু আক্বার' বলে রুকুতে গিয়ে পড়ি-**'রুকুর তাসবিহ্'** ঃ	সুব্হানা... আযিম	সুব্হানা ....আযিম	সুব্হানা ...আযিম
৮	'সামিয়াল্লাহুলিমান হামিদা' বলে দাড়িয়ে পড়ি **'তাহ্মীদ'**	রাব্বানা...	রাব্বানা...	রাব্বানা...
৯	'আল্লাহু আক্ববার' বলে প্রথম সেজদায় গিয়ে পড়ি **'সিজদার তাসবীহ্'**ঃ	সুব্হানা ...আ'লা	সুব্হানা ...আ'লা	সুব্হানা ...আ'লা
১০	'আল্লাহু আক্বার' বলে বসে পড়ি ঃ	আল্লাহুম্মগ্ ফির্লী...	আল্লাহুম্মাগ্ ফির্লী...	আল্লাহুম্মাগ্ ফির্লী...
১১	'আল্লাহু আক্বার' বলে ২য়-সেজদায় গিয়ে পড়ি **'সিজদার তাসবীহ্'**ঃ	সুব্হানা ...আ'লা	সুব্হানা ...আ'লা	সুব্হানা ...আ'লা

১২	২য় ও ৩য় রাকায়াতের সেজদাদ্বয়ের পরে বসে পড়ি **'আত্ত্যাহিয়াতু'** ঃ		আত্তাহিয়্যাতু **	আত্তাহিয়্যাতু
১৩	শেষ বৈঠকে আত্তাহিয়্যাতুর পরে পড়ি-'দরূদ'			দোয়া মাসুরাহ
১৫	দোয়া মাছুরার পরে, ডানে বাঁয়ে **'সালাম'** দিয়ে নামায শেষ করে মোনাজাত করি।			সালাম ফিরাই

➢ এখান থেকে দাড়িয়ে ২য়-রাকায়াত পড়তে শুরু করি।

➢ এখান থেকে দাড়িয়ে ৩য়-রাকায়াত পড়তে শুরু করি।

➢ বেতের নামাযে এখানেও সূরা বা সূরার অংশ পড়ে, 'আল্লাহু আকবর' (তাকবীর) বলে পুনরায় হাত বেধে 'দোয়া-কুনুত' পড়ে রুকু, সেজদা, বৈঠক ইত্যাদি করে যথারীতি নামায শেষ করতে হয়।

ফরজ নামাযের কোন রাকায়াতে কি পড়ি ?

	নামাযের অবস্থান	১ম রাকায়াতে পড়ি	২য় রাকায়াতে পড়ি	৩য় রাকায়াত পড়ি	৪র্থ রাকায়াতে পড়ি
১	নামাযের জন্য জায়নামাযের দাড়িয়ে পড়ি-**'জাযনামাযের দোয়া'** ঃ	ইন্নি ওয়াজ্জাহ্তু			
২	নামাযের যথাযথ নিয়ত করে তাবীর অর্থাৎ, 'আল্লাহু আক্বার' বলে হাত বেঁধে প্রথম রাকায়াতে পড়ি-**'তা'আউয'** ঃ	সুব্হানাকা আল্লাহুম্মা ...			
৩	ও **'তা' আউযু'** ঃ	আউযুবিল্লাহি ...			
৪	প্রতি রাকায়াতে পড়ি **'তাস্মিয়াহ্'** ঃ	বিস্মিল্লাহির ...	বিস্মিল্লাহির ...	বিস্মিল্লাহির ...	বিস্মিল্লাহির ...
৫	ও **'সূরা-ফাতিহা'** ঃ	সূরা-ফাতিহা	সূরা-ফাতিহা	সূরা-ফাতিহা	সূরা-ফাতিহা
৬	এ নামাযের প্রথম দু' রাকায়াতে পড়িঃ **সূরাঃ**	সূরা বা সূরার অংশ	সূরা বা সূরার অংশ		

৭	'আল্লাহু আক্বার' বলে রুকুতে গিয়ে পড়ি-'রুকুর তাসবীহ্'ঃ	সুব্হানা ....আযিম	সুব্হানা ...আযিম	সুব্হানা ..আযিম	সুব্হানা ...আযিম
৮	'সামিয়াল্লাহুলিমান হামিদা' বলে দাড়িয়ে পড়ি **'তাহ্মীদ'** ঃ	রাব্বানা...	রাব্বানা ...	রাব্বানা ...	রাব্বানা ...
৯	'আল্লাহু আক্বার' বলে প্রথম সেজদায় গিয়ে পড়ি **'সেজদার তাসবীহ্'** ঃ	সুব্হানা...আ'লা	সুব্হানা...আ'লা	সুব্হানা ...আ'লা	সুব্হানা... আ'লা
১০	আল্লাহু আক্বার বলে বসে পড়ি ঃ	আল্লাহুম্মাগ্ ফির্লী...	আল্লাহুম্মাগ ফির্লী...	আল্লাহুম্মাগ্ ফির্লী	আল্লাহুম্মাগ্ ফির্লী
১১	'আল্লাহু আক্বার' বলে ২য়-**'সেজদার তাসবীহ্'** ঃ	সুব্হানা ...আ'লা	সুব্হানা ...আ'লা	সুব্হানা ...আ'লা	সুব্হানা ...আ'লা
১২	২য় ও ৪র্থ রাকায়াতের সেজদাদ্বয়ের পরে বসে পড়ি-**'আত্ত্যাহিয়াতু'** ঃ		আত্তাহিয়্যাতু ***		আত্তাহিয়্যাতু
১৩	শেষ বৈঠকে আত্তাহিয়্যাতুর পরে পড়ি-'দরূদ'ঃ				দরূদ
১৪	ও 'দোয়া মাসুরাহ' ঃ				দোয়া মাসুরাহ
১৫	দোয়া মাসুরার পরে, ডানে বাঁয়ে 'সালাম' দিয়ে নামায শেষ করে মোনাজাত করি				সালাম ফিরাই

➢ এখান থেকে দাড়িয়ে ২য়-রাকায়াত পড়তে শুরু করি।

➢ এখান থেকে দাড়িয়ে ৩য়-রাকায়াত পড়তে শুরু করি।

➢ এখান থেকে দাড়িয়ে ৪র্থ-রাকায়াত পড়তে শুরু করি।

৪ রাকায়াত সুন্নত নামাযের কোন রাকায়াতে কি পড়তে হয়

	নামাযের অবস্থান	১ম রাকায়াতে পড়ি	২য় রাকায়াতে পড়ি	৩য় রাকায়াতে পড়ি	৪র্থ রাকায়াতে পড়ি
১	নামাযের জন্য যায়নামাযের দাঁড়িয়ে পড়ি-**'যায়নামাযের দোয়া'** ঃ	ইন্নি ওয়াজ্জাহ্তু			
২	নামাযের যথাযথ নিয়ত করে তাকবীর অর্থাৎ, 'আল্লাহু আক্বার' বলে হাত বেঁধে প্রথম রাকায়াতে পড়ি-**'সানা'** ঃ এবং	সুব্হানাকা আল্লাহুম্মা ...			

৩	ও 'তা' আউযু' ঃ	আউযুবিল্লাহি ...			
৪	প্রতি রাকায়াতে পড়ি 'তাস্‌মিয়াহ্' ঃ এবং	বিস্‌মিল্লাহির ...	বিস্‌মিল্লাহির ...	বিস্‌মিল্লাহির ...	বিস্‌মিল্লা হির ...
৫	**'সূরা-ফাতিহা' ঃ**	সূরা-ফাতিহা	সূরা-ফাতিহা	সূরা-ফাতিহা	সূরা-ফাতিহা
৬	এ নামাযের সকল রাকায়াতে পড়িঃ সূরাঃ	সূরা বা সূরার অংশ	সূরা বা সূরার অংশ	সূরা বা সূরার অংশ	সূরা বা সূরার অংশ
৭	'আল্লাহু আক্‌বার' বলে রুকুতে গিয়ে পড়ি- 'রুকুর তাসবীহ্'ঃ	সুব্‌হানা ....আযিম	সুব্‌হানা ...আযিম	সুব্‌হানা ..আযিম	সুব্‌হানা ...আযিম
৮	'সামিয়াল্লাহুলিমান হামিদা' বলে দাঁড়িয়ে পড়ি **'তাহ্‌মীদ' ঃ**	রাব্বানা...	রাব্বানা ...	রাব্বানা ...	রাব্বানা ...
৯	'আল্লাহু আক্‌বার' বলে প্রথম সেজদায় গিয়ে পড়ি **'সেজদার তাসবীহ্' ঃ**	সুব্‌হানা...আ'লা	সুব্‌হানা...আ'লা	সুব্‌হানা ...আ'লা	সুব্‌হানা... আ'লা
১০	আল্লাহু আক্‌বার বলে বসে পড়ি ঃ	আল্লাহুম্মাগ্‌ ফির্‌লী...	আল্লাহুম্মাগ ফির্‌লী...	আল্লাহুম্মাগ্‌ ফির্‌লী	আল্লাহুম্মাগ্‌ ফির্‌লী
১১	'আল্লাহু আক্‌বার' বলে ২য়-**'সেজদার গিয়ে পড়ি তাসবীহ্' ঃ**	সুব্‌হানা ...আ'লা *	সুব্‌হানা ...আ'লা	সুব্‌হানা ...আ'লা ***	সুব্‌হানা ...আ'লা
১২	২য় ও ৪র্থ রাকায়াতের সেজদাদ্বয়ের পরে বসে পড়ি- **'আত্তাহিয়াতু' ঃ**		আত্তাহিয়্যাতু **		আত্তাহিয়্যাতু
১৩	শেষ বৈঠকে আত্তাহিয়্যাতুর পরে পড়ি-**'দরূদ'ঃ** ও				দরূদ
১৪	ও 'দোয়া মাসুরাহ' ঃ				দোয়া মাসুরাহ
১৫	দোয়া মাসুরার পরে, ডানে বাঁয়ে 'সালাম' দিয়ে নামায শেষ করে মোনাজাত করি				সালাম ফিরাই

➢ এখান থেকে দাড়িয়ে ২য়-রাকায়াত পড়তে শুরু করি।
➢ এখান থেকে দাড়িয়ে ৩য়-রাকায়াত পড়তে শুরু করি।
➢ এখান থেকে দাড়িয়ে ৪থ-রাকায়াত পড়তে শুরু করি।

নামাযের ফরযসমূহ

নামাযের মধ্যে ১৩টি ফরয। তন্মধ্যে নামাযের বাহিরে ৬টি ও ভিতরে ৭টি। বাহিরের ৬টিকে নামাযের শর্ত বা আহকাম বলে। অপর ৭টি ফরযকে সেফাতে নামায বা আরকান বলে। এই তের ফরযের যে কোন একটি বাদ পড়িলে নামায সহীহ হইবে না।

অযু, গোসল, তায়াম্মুমের ন্যায় নামাযেও ফরয, ওয়াজিব, সুন্নত ইত্যাদি কার্যাবলী রহিয়াছে। নামায শুদ্ধভাবে আদায় করিবার জন্য নামাযের প্রারম্ভে কতগুলি অবশ্য পালনীয় বা ফরয কাজ আছে। সেইগুলিকে আহকাম বা নামায শুদ্ধ হইবার শর্ত বলে।

নামাযের শর্ত বা আহকাম

নামাযের শর্ত বা আহকাম ছয়টি ঃ

(১) শরীর পাক হওয়া। অযু গোসলের প্রয়োজন হইলে অযু গোসল করা ; (২) জামাকাপড় পবিত্র হওয়া– পরিধেয় বস্ত্র পাক-সাফ হওয়া। যদি কেহ বিনা ওযরে অপবিত্র কাপড়ে নামায পড়ে তবে তাহার নামায বাতিল হইবে ; (৪) সতর ঢাকা॥ শরীরের যেসব অংশ ঢাকিয়া রাখার নির্দেশ শরীয়তে রহিয়াছে, নামায পড়ার সময় ঐ সকল অংশ ঢাকিতে হইবে ; (৫) কেবলা রোখ হওয়া– কেবলা বা কাবা শরীফের দিকে মুখ করিয়া নামায পড়িতে হইবে ; (৬) নামাযের নিয়ত করা– আল্লাহর সন্তুষ্টি লাভের জন্য যে ওয়াক্তের নামায পড়িবে তাহার নিয়ত করিবে।

নামাযের আরকানসমূহ

নিম্নলিখিত কাজগুলি নামাযের ভিতরে ফরয বা অপরিহার্য কর্তব্য ; এই কারণে ইহাদিগকে নামাযের আরকান বা স্তম্ভ বলা হয়।

১। তাকবীরে তাহরীমা বলা — তাকবীরে তাহরীমা বা আল্লাহু আকবার বলিয়া নামায আরম্ভ করিতে হয়। আল্লাহু আকবার বলিতে পুরুষদের হাত কান এবং মেয়েলোকদের কাঁধ পর্যন্ত উঠাইতে হয়। অতঃপর পুরুষদের নাভির উপর এবং মেয়েলোকের সিনার উপর বাম হাত নীচে এবং ডান হাত উপরে রাখিয়া বাঁধিতে হয় ; ইহাকে তাকবীরে তাহরীমা বলে। তাহরীমা বাঁধার পর নামাযের কাজ ব্যতীত যাবতীয় পার্থিব কাজ হারাম হইয়া গেল।

২। দাঁড়াইয়া নামায পড়া— ফরয নামায দাঁড়াইয়া পড়িতে অক্ষম হইলে বসিয়া এবং বসিয়া অক্ষম হইলে শুইয়া পড়াও চলিবে। তবে সঙ্গত কারণ ব্যতীত বসিয়া বা শুইয়া নামায পড়া চলিবে না।

নফল নামায কারণবশত অথবা বিনা কারণেও বসিয়া পড়া চলিবে। কারণবশত নফল নামায বসিয়া পড়িলে দাঁড়াইয়া পড়ার সমান সওয়াব পাইবে। কিন্তু বিনা কারণে বসিয়া পড়িলে দাঁড়াইয়া পড়ার অর্ধেক সওয়াব পাইবে।

৩। কেরাআত বা কোরআনের অংশ বিশেষ পাঠ করা– প্রত্যেক রাকআতে সূরা ফাতেহার পর কোরআনের যেকোন আয়াত বা সূরা মিলাইতে হইবে। কিন্তু ফরয নামায তিন রাকআত হইলে তৃতীয় রাকআতে এবং চারি রাকআত হইলে তৃতীয় ও চতুর্থ রাকআতে সূরা ফাতেহার পর আর কোন আয়াত বা সূরা পড়িতে হইবে না।

৪। রুকু করা– অর্থাৎ সম্মুখে ঝুঁকিয়া পড়া। দুই হাতের তালু উভয় হাঁটুর উপরে রাখিয়া সম্মুখের দিকে এমনভাবে ঝুঁকিয়া পড়া যাহাতে কোমর, পিঠ ও মাথা সমানভাবে স্থাপিত হয়।

৫। সেজদা করা– নাক ও কপাল দ্বারা ভূমি স্পর্শ করা।

৬। শেষ বৈঠক– যে বৈঠকের পর সালাম ফিরাইয়া নামায শেষ করা হয় তাহাকে শেষ বৈঠক বলে।

৭। নামাযের সপ্তম ফরয হইতেছে নামায ভঙ্গকারী কোন কাজ করা। যেমন– "আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ" বলিয়া ডানে বামে মুখ ফিরাইয়া নামায শেষ করা।

নামাযের ওয়াজিবসমূহ

(১) প্রত্যেক রাকআতে সূরা ফাতেহা পাঠ করা; (২) ফরয নামাযের প্রথম দুই রাকআতে এবং সুন্নত, ওয়াজিব ও নফল নামাযের সকল রাকআতে সূরা ফাতেহার সহিত অন্য কোন সূরা বা আয়াত পড়া ; (৩) নামাযের কাজগুলি ধারাবাহিকভাবে আদায় করা। যথা– আগে কেয়াম, তারপর রুকু ও সেজদা ইত্যাদি ; (৪) নামাযের ফরযগুলি সুষ্ঠুভাবে আদায় করা ; (৫) দুই রোকনের মধ্যে এক তসবীহ পরিমাণ অবকাশ নেওয়া ; (৬) উভয় বৈঠকে তাশাহহুদ পাঠ করা ; (৭) সালামের সাথে নামায শেষ করা ; (৮) বেতের নামাযে শেষ রাকাআতে রুকুর আগে দোআ কুনুত পাঠ করা ; (৯) ঈদের নামাযে অতিরিক্ত ছয় তাকবীর বলা ; (১০) যেখানে কেরাআত উচ্চ স্বরে পাঠ করার বিধান সেখানে উচ্চ স্বরে এবং যেখানে চুপে চুপে পাঠ করার বিধান সেখানে চুপে চুপে পাঠ করা।

নামায ভঙ্গ হওয়ার কারণ

(১) নামাযের মধ্যে ভুলক্রমে, ইচ্ছায় অনিচ্ছায় কথা বলিলে, সজ্ঞানে সালাম কলিলে, হাঁচির জবাব দিলে, কারণ ব্যতীত কাশি দিলে, শুভ সংবাদে মারহাবা এবং

দুঃসংবাদে ইন্না লিল্লাহ বলিলে নামায নষ্ট হইয়া যাইবে। (২) পীড়িত অবস্থায় নামাযের মধ্যে ব্যথা বেদনার কারণে উহ-আহ করিলে, চীৎকার করিয়া কাঁদিলে, কিন্তু আল্লাহর ভয়ে নীরবে রোদন করিলে কোন ক্ষতি নাই ; (৩) আরকান-আহকাম যথারীতি আদায় না করিলে ; (৪) নেশা করিয়া অজ্ঞান অবস্থায় নামায পড়িলে ; (৫) নামাযে কোরআন দেখিয়া পড়িলে ; (৬) নিজ ইমাম ব্যতীত অন্য কাহাকেও লোকমা দিলে এবং ইমাম নিজ মোক্তাদী ব্যতীত অন্য কাহারো লোকমা গ্রহণ করিলে ; (৭) নামাযে সাংসারিক কোন বস্তুর প্রার্থনা করিলে ; (৮) অপবিত্র স্থানে সেজদা করিলে ; (৯) আমলে কাসীর করিলে অর্থাৎ, যে কার্য করিলে নামায পড়িতেছে না বুঝা যায়; (১০) নামাযে পান ভোজন করিলে; (১১) নামাযে মোক্তাদী ইমামের অগ্রে দাঁড়াইলে ; (১২) নামাযে শিশুকে কোলে লইলে বা হস্ত দ্বারা ঠেলিয়া দিলে।

নামায পড়িবার নিয়ম

আল্লাহ তাআলা পাক। তাঁহার বন্দেগী করিতে পাক পবিত্র থাকা অত্যাবশ্যক। তাই নামায আদায় করিতে প্রয়োজনে গোসল ও অযু করা ফরয এবং শরীর, কাপড় ও স্থান পাক থাকিতে হইবে। নামায শুরু করিবার পূর্বে সাংসারিক সকল চিন্তা-ভাবনা ভুলিয়া অত্যন্ত সরল প্রাণে, এক মনে এক ধ্যানে একমাত্র প্রতিপালক আল্লাহ তাআলার দিকে দেল রুজু করিবে এবং কেবলামুখী হইয়া দাঁড়াইবে। তারপর সেজদার জায়গায় দৃষ্টি স্থাপন করত আল্লাহ তাআলাকে হাজের-নাজের জানিয়া উভয় হস্ত ঝুলাইয়া "ইন্নী ওয়াজ্জাহতু" পাঠ করিবে। ইহার পর নিয়ত করিয়া তাকবীর অর্থাৎ "আল্লাহু আকবার" বলিয়া উভয় হস্তের বৃদ্ধাঙ্গুল দ্বারা কর্ণমূল স্পর্শ করিয়া নাভির নীচে বাম হাতের উপর ডান হাত স্থাপন করিয়া তাহরীমা বাঁধিবে। মেয়েলোকেরা উভয় হাত কাঁধ পর্যন্ত উঠাইয়া ঐ করমেই বুকের উপর বাঁধিবে। তারপর চুপে চুপে সানা পাঠ করিয়া 'আউযু বিল্লাহ' এবং 'বিসমিল্লাহ' পাঠ করত 'সূরা ফাতেহা' (আলহামদু লিল্লাহ) পড়িয়া আমীন বলিবে এবং পরে বিসমিল্লাহর সহিত অন্য একটি সূরা পড়িবে। অতঃপর "আল্লাহু আকবার" বলিয়া রুকু করিবে এবং জানুদ্বয়ের উপর উভয় হস্তের তালু স্থাপন করত অঙ্গুলিসমূহ পৃথক রাখিয়া পিঠ ও মাথা এক সমান উঁচু রাখিয়া সামনের দিকে ঝুঁকিবে। রুকুতে যাইয়া ৩, ৫ কি ৭ বার রুকুর নির্ধারিত তসবীহ 'সোবহানা রাব্বিয়াল আযীম' বলিবে। তারপর তাসমী অর্থাৎ "সামিআল্লাহু লিমান হামিদা" বলিয়া সোজাভাবে দাঁড়াইবে। মোক্তাদীগণ 'রাব্বানা লাকাল হামদ' বলিয়া ইমামের সঙ্গে দাঁড়াইয়া যাইবে। ইহার পর আল্লাহু আকবার বলার সাথে সাথে সেজদায় যাইবে। সেজদার সময় প্রথমে হাঁটুদ্বয়, তৎপর হস্তদ্বয়, তারপর নাক, অতঃপর কপাল ভূমিতে স্থাপন করিবে এবং

নাসিকার দিকে দৃষ্টি রাখিয়া হস্তদ্বয় কেবলামুখী করিয়া কানের নিকটে রাখিবে। সেজদায় যাইয়া তিন, পাঁচ বা সাত বার নির্ধারিত তসবীহ সোবহানা রাব্বিয়াল আ'লা পড়িবে। তারপর "আল্লাহু আকবার" বলিয়া মাথা তুলিবে এবং ডান পা খাড়া করিয়া বাম পায়ের উপর ভর করিয়া বসিবে। স্ত্রীলোক উভয় পা ডান দিকে বাহির করিয়া বসিবে। এ সময় হস্তদ্বয়ের অঙ্গুলিগুলি হাঁটুর উপর কাবা শরীফমুখী করিয়া রাখিবে এবং দৃষ্টি কোলের দিকে রাখিবে। ইহার পরে আবার আল্লাহু আকবার বলিয়া পুনরায় সেজদায় যাইয়া আগের মত তসবীহ পাঠ করিবে। তারপর আল্লাহু আকবার বলিয়া সোজাভাবে দাঁড়াইবে। এভাবে এক রাকআত নামায শেষ হইল।

দ্বিতীয় রাকআতে, তাসমিয়া (বিসমিল্লাহ্)-এর পর আল-হামদুর সহিত অন্য সূরা পড়িয়া রুকু, সেজদা ইত্যাদি শেষ করিয়া পূর্বের ন্যায় বসিবে। অঙ্গুলিসমূহ কাবামুখী করিয়া দুই হাত দুই হাঁটুর উপর রাখিবে এবং ডান পা খাড়া রাখিয়া বাম পায়ের পাতা বিছাইয়া উহার উপর বসিবে। 'তাশাহহুদ' 'দরূদ' ও দোআ মাসূরা পড়িয়া প্রথমে ডান দিকে ও পরে বাম দিকে সালাম ফিরাইয়া নামায শেষ করিবে। এইভাবে দুই রাকআত নামায শেষ হইল।

তিন বা চারি রাকআতবিশিষ্ট ফরয নামাযের দ্বিতীয় রাকআতের শেষে বৈঠকে শুধু 'আত্তাহিয়্যাতু' পড়ার পর "আল্লাহু আকবার" বলিয়া উঠিয়া পূর্বের ন্যায় সূরা ফাতেহা 'রুকু 'সেজদা' করিয়া বসিবে। তৎপর 'আত্তাহিয়্যাতু', 'দরূদ' ও দোআ মাসূরা পড়িয়া সালাম ফিরাইবে। এরূপে তিন রাকআত নামায হইল।

চারি রাকআতবিশিষ্ট সুন্নত নামাযে দুই রাকআতের বৈঠকে তাশাহহুদ (আত্তাহিয়্যাতু) শেষ করিয়া "আল্লাহু আকবার" বলিয়া দাঁড়াইবে এবং প্রথম ও দ্বিতীয় রাকআতের নিয়মানুসারে তৃতীয় ও চতুর্থ রাকআত শেষ করিবে।

চারি রাকআতবিশিষ্ট ফরয নামায হইলে দুই রাকআতের বৈঠকে শুধু তাশাহহুদ (আত্তাহিয়্যাতু) শেষ করিয়া আল্লাহু আকবার বলিয়া দাঁড়াইবে। তৎপর তৃতীয় ও চতুর্থ রাকআতে শুধু সূরা ফাতেহা পাঠ করিয়া রুকু-সেজদা করিয়া শেষ বৈঠক করিবে এবং 'তাশাহহুদ', 'দরূদ' ও দোআ মাসূরা পাঠ করত সালাম ফিরাইয়া নামায শেষ করিবে।

সুন্নত ও নফল নামাযের প্রত্যেক রাকআতে এবং ফরয নামাযের প্রথম দুই রাকআতে সূরা ফাতেহার পর কোরআন শরীফের যেকোন সূরা বা আয়াত পড়িতে হইবে। রুকু, সেজদা, তসবীহ ও বৈঠক সমস্তই ফরয নামাযের ন্যায় করিতে হইবে। নামায শেষে সালামের পর দুই হাত উঠাইয়া ভক্তিপূর্ণ চিত্তে আল্লাহর দরারে মোনাজাত করিবে।

পুরুষদের নামায পড়ার নিয়ম

নামায শুরু করার পূর্বের নিয়ম

মাসআলা ঃ ১। প্রথমে কিলাবমুখী হতে হবে। (শামী ১/৪২৭, আলমগীরী ১/৬৩)

মাসআলা ঃ ২। সোজা হয়ে দাঁড়াবে এবং দৃষ্টি সেজদার জায়গায় থাকবে। গর্দান সামান্য ঝুঁকিয়ে রাখবে। থুতনীকে সীনার সাথে মিলিয়ে রাখা মাকরূহ। নামাযের নিয়ত বাঁধার পূর্ব পর্যন্ত হাত ছাড়া অবস্থায় রাখবে। (আহ্সানুল ফাতওয়া ২/২৯৭)



নামাযে দাড়ানোর চিত্র

মাসআলা ঃ ৩। পা এবং পায়ের আঙ্গুলগুলো কিবলামুখী থাকবে। পা সোজা থাকা চাই, পা বাম বা ডান দিকে বাঁকা করে রেখে দাঁড়ানো সুন্নাতের খেলাফ হবে। (আহসানুল ফাতাওয়া ৩/৪১)



নামাযে পা রাখার চিত্র

মাসআলা ঃ ৪। উভয় পায়ের মাঝখানে চার আঙ্গুল পরিমাণ ফাঁক থাকবে। সামনে পেছনে সমান ফাঁক রাখবে যাতে পা সোজা এবং কিবলামুখী হয়। (তাহতাবী ১/৪৩)



পায়ের মাঝ খানে ৪ আঙ্গুল ফাকা রাখার চিত্র

মাসআলা ঃ ৫। যখনই জামাআতে নামায পড়বে তখন কাতার সোজা হওয়া প্রয়োজন, কাতার সোজা করার সহজ পদ্ধতি হচ্ছে প্রত্যেকে নিজ নিজ পায়ের গোড়ালীর শেষ মাথা বরাবর রাখবে।



নামাযে সবার পা সমান রাখার চিত্র

মাসআলা ঃ ৬। জামাআতের সময় লক্ষ্য রাখবে যেন ডানে বামে পরস্পরের বাহুগুলো সমান থাকে এবং দু'বাহুর মাঝখানে যেন ফাঁকা না থাকে। (শামী ৪৪৪, আপকে মাসায়িল ২/২২১)



জামআতে বাহু সমান রাখার চিত্র

মাসআলা ঃ ৭। পায়জামা অথবা লুঙ্গী টাখনুর নীচে নামানো নাজায়েয। সুতরাং লুঙ্গি, পায়জামা, জামা প্যান্টকে উঁচু করে টাখনুর উপরে উঠিয়ে নিবে। (আহসানুল ফাতাওয়া ৩/২৯৬)



টাখনুর উপরে কাপড় রাখার চিত্র

মাসআলা ঃ ৮। হাতের আস্তিন সম্পূর্ণ লম্বা হওয়া চাই যাতে করে কবজি বরাবর ঢেকে থাকে। আস্তিন গুটিয়ে নামায পড়া মাকরূহ। (আলমগীরী ১/১০৬)



হাতের আস্তিন ঠিক রাখার চিত্র

মাসআলা ঃ ৯। এমন ধরনের পোশাক পরিধান করে নামায পড়া মাকরূহ যে ধরনের পোশাক পরিধান করে মানুষজনের সম্মুখে যাওয়া যায়না। (আলমগীরী ১/১০৭)

নামায শুরু করার সময়

মাসআলা ঃ ১। মনে মনে নিয়ত করবে, আমি অমুক নামায পড়ছি। মুখে নিয়তের ভাষা উচ্চারণ করা জরুরী নয়, তবে মুস্তাহাব। (শামী ১/৪১৪)

মাসআলা ২। দুই হাত কান বরার এমনভাবে উঠাবে যাতে উভয় হাতলী কিবলার দিকে হয়, আঙ্গুলের মাথা যেন কিবলামুখী ও ফাঁক থাকে। অর্থাৎ বৃদ্ধাঙ্গুলী দু'টির মাথা কানের সাথে হয়তো একেবারে মিলে যাবে অথবা বরাবর হবে বাকী আঙ্গুলগুলো উপরের দিকে থাকবে। (শামী ১/৪৭৪, ৪৮২)



নামাযে হাত রাখার চিত্র

বিঃ দ্রঃ অনেকে হাতলীর মুখ কিবলার দিকে করার পরিবর্তে কানের দিকে করে ফেলে, কেউ আবার কানকে হাতের দ্বারা একেবারে ঢেকে লয়, আবার কেউ হাতকে কান বরাবর না তুলে শুধু ইশারা করে নেয়। এ সকল নিয়ম সুন্নাতের পরিপন্থী। এগুলো ত্যাগ করা উচিত।

মাসআলা ঃ ৩। কান থেকে হাত বাঁধার দিকে নিয়ে যাবে, হাত সোজা নীচের দিকে ছেড়ে দিবে না বা পেছনের দিকে ঝাড়া দিবে না। (শামী ১/৪৮৭)

কান থেকে হাত বাঁধার চিত্র

মাসআলা ঃ ৪। হাত তোলার সময় আল্লাহু আকবার বলবে। অতঃপর ডান হাতের বৃদ্ধাঙ্গুলী ও কনিষ্ঠ আঙ্গুলী দ্বারা হালকা বানিয়ে বাম হাতের পাঞ্জাকে ধরবে এবং অবশিষ্ট তিনটি আঙ্গুল বাম হাতের পিঠের উপর স্বাভাবিক ভাবে বিছিয়ে রাখবে যেন আঙ্গুলের মাথাগুলো কনুইর দিকে থাকে। (শামী ১/৪৮৭)



এক হাত আরেক হাতকে ধরার চিত্র

মাসআলা ঃ ৫। উভয় হাত নাভীর সামান্য নীচে পেটের সাথে কিছুটা চেপে ধরে উপরোক্ত নিয়মে বাঁধবে।



নাভীর সামান্য নীচে পেটের সাথে হাত বাঁধার চিত্র

দাঁড়ানো অবস্থায়

মাসআলা ঃ একাকী নামায পড়লে প্রথমে সুবহানাকা, সূরায়ে ফাতিহা ও অপর একটি সূরা পড়বে। মুক্তাদী হলে সুবহানাকা পড়ে চুপ করে একাগ্র মনে ইমামের কিরআত শুনতে থাকবে। ইমাম যদি কিরআত নীরবে পড়ে তখন জিহ্বা হেলানো ব্যতীত মনে মনে সূরা ফাতিহার ধ্যান করবে।

মাসআলা ঃ যখন সূরা ফাতিহা পাঠ করবে তখন এক এক আয়াত থেমে থেমে পড়বে। প্রত্যেক আয়াতের শেষে নিশ্বাস ছেড়ে দিবে। যেমন আলহামদুলিল্লা রাব্বিল আলামীন। আর রাহমানির রাহীম (থামবে)। মালিকি ইয়াওমিদ্দীন (থামবে)। এভাবে শেষ করবে। সূরা ফাতিহা ছাড়া অপর সূরা পাঠ করার সময় এক নিঃশ্বাসে এক বা একাধিক আয়াত পাঠ করলে কোন অসুবিধা নেই

মাসআলা ঃ উভয় পায়ের উপর সমান ভার রেখে দাঁড়াবে। শরীরের সমস্ত ভার এক পায়ের উপর এভাবে দেয়া যাতে অপর পা বাঁকা হয়ে যায় এ ধরনের দাঁড়ানো সুন্নাতের পরিপন্থী। যদি এক পায়ের উপর এভাবে ভর দেয়া হয় যাতে করে অপর পা বেঁকে না যায় তাহলে কোন ক্ষতি নেই। (শামী ১/৪৪৪)



পায়ের উপর ভার দেয়ার চিত্র

মাসআলা ঃ হাই তোলা বা চুলকানো থেকে যথাসাধ্য বিরত থাকার চেষ্টা করবে। যদি বিরত রাখা সম্ভব না হয়, তাহলে হাত বাঁধা অবস্থায় ডান হাতের পেট দিয়ে মুখ বন্ধ করবে। অন্য অবস্থায় হলে বাম হাতের পিঠ দিয়ে মুখ বন্ধ করবে। (শামী ১/৪৭৮)



হাত বাঁধা অবস্থায়

বসা বা রুকু অবস্থায়

রুকুর মধ্যে

রুকুতে যাবার সময় নীচের কথাগুলো বিশেষভাবে খেয়াল রাখবে।

মাসআলা ঃ শরীরের উপর অংশকে এভাবে ঝুঁকাবে যাতে করে গর্দান ও পিঠ এক বরাবর হয়, এর চেয়ে বেশী ও কম করবে না। (আলমগীরী ১/৭৪)



চিত্রে নিয়ম

মাসআলা ঃ রুকুর অবস্থায় গর্দান এতটুকু ঝুঁকাবেনা যেন থুতনী সীনার সাথে মিশে যায়। আবার এতটুকুও উপরে রাখবে না যাতে করে গর্দান কোমর থেকে উঁচু হয়, বরং গর্দান ও কোমর এক বরাবর থাকা চাই। (আলমগীরী ১/৭৪)



চিত্রে থুতনী সীনার সাথে

মাসআলা ঃ রুকুর মধ্যে পা সোজা রাখুন।

মাসআলা ঃ পায়ের নলা সোজা খাড়া রাখবে। (তাহতাবী ১৪৫)



পায়ের নলা সোজা রাখার নিয়ম

মাসআলা ঃ রুকুতে যাওয়ার সময় হাত সোজা ছেড়ে দিবে না। (শামী ১/৪৪৮)

মাসআলা ঃ উভয় হাত হাঁটুর উপর এভাবে রাখবে যেন আঙ্গুলগুলো খোলা থাকে এবং দুই আঙ্গুলের মাঝখানে ফাঁক থাকে। এভাবে ডান হাত দ্বারা ডান হাঁটু ও বাম হাত দ্বারা বাম হাঁটু শক্তভাবে ধরবে। (শামী ১/৪৭৬)



উভয় হাত হাটুর উপর রাখার নিয়ম

মাসআলা ঃ রুকুকালীন সময়ে হাত ও বাহু সোজা থাকা চাই কোন অবস্থাতে যেন বাঁকা না হয়। পাজর থেকে বাহুকে মুক্ত রাখবে। (আল-ফিকহুল ইসলামী ১/৭৬৮)



রুকু কালীন সময় হাত বা বাহু সোজা রাখার চিত্র

মাসআলা ঃ রুকুকালীন সময়ে দৃষ্টি উভয় পায়ের উপর রাখবে। (শামী ১/৪৭৭)

মাসআলা ঃ রুকুতে স্থিরতার সাথে দেরী করবে, যাতে কমপক্ষে তিনবার 'সুবহানা রাব্বিয়াল আজীম' সহীহ-শুদ্ধভাবে আদায় করা যায়। (আলশগীরী ১/৭৪, শামী ১/৪৭৬)

মাসআলা ঃ উভয় পায়ের ভারসাম্য সমান থাকবে এবং পায়ের গোড়ালী দু'টি পরস্পর পাশাপাশি থাকবে। (আপকে মাসায়িল ২/২২১)

রুকু থেকে দাঁড়ানোর সময়

মাসআলা ঃ রুকু হতে দাঁড়ানোর সময় এভাবে সোজা হবে যেন কোথাও বক্রতা না তাকে। হাত নীচের দিকে ছেড়ে সোজা রাখবে। (শামী ১/৪৭৬, হালবী ৩২০)

মাসআলা ঃ কোন কোন লোক রুকু থেকে দাঁড়ানোর পরিবর্তে সামান্য মাথা তুলে দাঁড়ানোর ইশারা করে, শরীর ঝুঁকানো অবস্থাতেই সাজদায় চলে যায়, তাদের জন্য নামায পুনরায় পড়া ওয়াজিব, (কেননা রুকু হতে সোজা হয়ে দাঁড়ানো ওয়াজিব)। (শামী ১/৪৬৪) চিত্র পরবর্তী পৃষ্ঠায় দেখুন



চিত্রে নিয়ম

সিজদায় যাওয়ার সময়

সিজদায় যাওয়ার সময় এই নিয়মগুলো খেয়াল রাখবে।

মাসআলা ঃ প্রথমে হাঁটু বাঁকা করে যমীনের দিকে এভাবে নিয়ে যাবে যেন সীনা ও মাথা আগে না জুঁকে। যখন হাঁটু মাটিতে লেগে যায় তখন সীনা ও মাথা ঝুঁকাতে হবে।

মাসআলা ঃ হাঁটু জমিতে ঠেকবার আগ পর্যন্ত শরীরের উপরের অংশ সামনের দিকে ঝুঁকাবে না।

মাসআলা ঃ সীনা সামনের দিকে না ঝুঁকার নিয়ম হলো– সেজদায় যাবার সময় হাঁটুর উপর হাত দিয়ে ভর না দেয়া, এতে হাঁটু মাটিতে লাগার পূর্বে সীনা ও মাথা সামনের দিকে ঝুঁকে যায়।



চিত্রে পর্যায়ক্রমে সেজদায় যাওয়া

মাথা ও সীনা না ঝুকানো

মাসআলা ঃ সেজদা যাওয়ার সময় হাঁটুতে হাত রাখার কোন প্রমাণ নেই। তবে সেজদা থেকে উঠার সময় হাঁটুতে হাত রাখা মুস্তাহাব। (আহসানুল ফাতওয়া ৩/৫০)

মাসআলা ঃ হাঁটুর পর প্রথমে যমীনের উপর হাত, তারপর নাক, অতঃপর কপাল রাখবে। (শামী ১/৪৯৭)



সেজদায় পর্যায়ক্রমে অঙ্গ রাখার চিত্র

সেজদা অবস্থায়

মাসআলা ঃ সেজদাতে মাথা উভয় হাতের মাঝখানে এভাবে রাখবে, উভয় হাতের বৃদ্ধাঙ্গুলীর মাথা কানের লতি বরাবর হয়। উভয় হাতের মাঝে মুখমণ্ডলের চওড়া পরিমাণ ফাঁকা রাখবে। (আলমগীরী ১/৭৫)



চিত্রে নিয়ম

মাসআলা ঃ সেজদায় উভয় হাতের আঙ্গুলগুলো পরস্পর মিলে থাকবে। আঙ্গুলের মাঝখানে যেন কোন ফাঁক না থাকে। (শামী ১/৪৯৮)



চিত্রে নিয়ম

মাসআলা ঃ সেজদায় উভয় পায়ের টাখনু কাছাকাছি রাখবে এবং আঙ্গুলের মাথাগুলো কিবলামুখী থাকবে। (আল-ফিকহুল ইসলামী ১/৭৬৮, আপকে মাসায়িল ১/২২১)



চিত্রে নিয়ম

মাসআলা ঃ উভয় হাতের কনুইদ্বয় যমীন হতে উপরে থাকবে, কনুইদ্বয় মাটিতে বিছিয়ে রাখা সুন্নাতের খেলাফ। (তাহতাবী ১৪৬)



চিত্রে নিয়ম

মাসআলা ঃ উভয় বাহু বগল হতে পৃথক রাখা চাই, বগল ও বাহু মিলিয়ে রাখা উচিত নয়। (তাহতাবী ১৪৬)

চিত্রে নিয়ম

মাসআলা ঃ কনুইদ্বয়কে এত দূরে রাখবেনা যাতে পাশের নামাযীর অসুবিধা হয়।

চিত্রে নিয়ম

মাসআলা ঃ পেট ও রান আলাদা আলাদা রাখবে। (চিত্র পরবর্তী পৃষ্ঠায়)



চিত্রে নিয়ম

মাসআলা ঃ সেজদার মধ্যে নাক মাটির সাথে মিলিয়ে রাখবে। মাঝে মধ্যে তুলে ফেলা ঠিক নয়।

মাসআলা ঃ উভয় পা খাড়া রাখবে যেন পায়ের গোড়ালী উঁচু থাকে এবং আঙ্গুলগুলো মোড় দিয়ে কিবলামুখী থাকে। অক্ষমতার কারণে যারা আঙ্গুল মোড় দিতে অক্ষম তারা যতদূর সম্ভব আঙ্গুলগুলো কিবলার দিকে মোড় করার চেষ্টা করবে। (আল-ফিকহুল ইসলামী ১/৭৬৮)



চিত্রে নিয়ম

মাসআলা ঃ সেজদার সময় উভয় পা পূর্ণ সময় যমীনের সাথে লাগানো থাকবে। সেজদায় তিন তাসবীহ পরিমাণ সময় পা মাটিতে না রাখলে সেজদা আদায় হয় না। (শামী ১/৪৯৯)



চিত্রে নিয়ম

মাসআলা ঃ সেজদায় কমপক্ষে ততক্ষণ অবস্থান করবে যতক্ষণে ধীরস্থিরভাবে তিনবার 'সুবহানা রাব্বিয়াল আলা' পড়া যায়। কপাল মাটির সাথে ঠেকানো মাত্রই উঠে যাওয়া নিষেধ।

দুই সেজদার মধ্যখানে

মাসআলা ঃ প্রথম সেজদা থেকে উঠে ধীরস্থিরতার সাথে দো জানু সোজা হয়ে বসবে। অতঃপর দ্বিতীয় সেজদা করবে। সামান্য মাথা তুলে আবার সেজদায় চলে গেলে, দু'টাই মিলে এক সেজদা গণ্য হবে। (শামী ১/৪৬৪)

চিত্রে নিয়ম

মাসআলা ঃ বাম পা বিছিয়ে তার উপর বসবে এবং ডান পা এভাবে খাড়া রাখবে যেন আঙ্গুলগুলো মুড়িয়ে কিবলার দিকে থাকে। (থাহতাবী ১৪৬)



চিত্রে নিয়ম

অর্থ ঃ যখন আল্লাহর সাহায্য ও বিজয় আসিল এবং আপনি (মুহাম্মদ) লোকদের দেখিতে পাইলেন, তাহারা আল্লাহর ধর্মে দলে দলে প্রবেশ করিতেছে ; তখন আপনার প্রভুর গুণগান করুন এবং তাঁহার নিকট ক্ষমা প্রার্থনা করুন ; নিশ্চয়ই তিনি ক্ষমাশীল।

সূরা লাহাব (মক্কায় অবতীর্ণ)

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

تَبَّتْ يَدَآ اَبِىْ لَهَبٍ وَّتَبَّ ۔ مَآ اَغْنٰى عَنْهُ مَالُهٗ وَمَا كَسَبَ ۔ سَيَصْلٰى نَارًا ذَاتَ لَهَبٍ ۔ وَّامْرَاَتُهٗ حَمَّالَةَ الْحَطَبِ ۔ فِىْ جِيْدِهَا حَبْلٌ مِّنْ مَّسَدٍ ۔

উচ্চারণ ঃ তাব্বাত ইয়াদা- আবী- লাহাবিওঁ ওয়া তাব্বা। মা আগ্না- আ'নহু মালুহু- ওয়ামা কাসাব। সাইয়াসলা-নারান্ জাতা লাহাবিওঁ ওয়ামরাআতুহু, হাম্মালাতাল হাত্বাব্। ফী- জী-দিহা- হাবলুম্ মিম্ মাসাদ্।

অর্থ ঃ আবু লাহাবের হাত দুইটি ধ্বংস হউক, সে নিজে ধ্বংস হউক। তাহার ধন-সম্পদ এবং যাহা কিছু সে উপার্জন করিয়াছে কিছুই তাহার কাজে আসিবে না। শীঘ্রই সে শিখাযুক্ত অগ্নিকুণ্ডে প্রবেশ করিবে এবং তাহার (কাঠের বোঝা বহনকারিণী) স্ত্রীরও গ্রীবাদেশে খেজুরের আঁশ নির্মিত রশি বাঁধা থাকিবে।

সূরা এখলাস (মক্কায় অবতীর্ণ)

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ ۔ اَللّٰهُ الصَّمَدُ ۔ لَمْ يَلِدْ وَلَمْ يُوْلَدْ ۔ وَلَمْ يَكُنْ لَّهٗ كُفُوًا اَحَدٌ ۔

উচ্চারণ ঃ কুল হুওয়াল্লাহু আহাদ। আল্লাহুছ্ ছামাদ। লাম ইয়ালিদ ওয়া লাম ইউলাদ, ওয়া লাম ইয়াকুল্লাহূ কুফুওয়ান আহাদ্।

অর্থ ঃ বলুন (হে মুহাম্মদ!) আল্লাহ এক, অদ্বিতীয় এবং স্বয়ংসম্পূর্ণ। তিনি কাহাকেও জন্ম দেন নাই এবং কাহারও জাত নহেন; আর তাঁহার সমতুল্য কেহই নাই।

সূরা ফালাক্ব (মক্কায় অবতীর্ণ)

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ ۔ مِنْ شَرِّمَا خَلَقَ ۔ وَمِنْ شَرِّغَاسِقٍ اِذَا وَقَبَ ۔ وَمِنْ شَرِّالنَّفّٰثٰتِ فِى الْعُقَدِ ۔ وَمِنْ شَرِّحَاسِدٍ اِذَا حَسَدَ ۔

উচ্চারণ ঃ কুল আউযু বিরাব্বিল ফালাক্ব। মিন শাররি মা খালাক্ব। ওয়া মিন্ শাররি গাসিক্বিন ইযা ওয়াক্কাব্। ওয়া মিন শাররি ন্নাফ্ফাসাতি ফিল উ'ক্বাদ্। ওয়া মিন শার্‌রি হাসিদিন্ ইযা হাসাদ্।

অর্থ ঃ বলুন [হে মুহাম্মদ (সঃ)]! আমি প্রভাতের প্রভুর আশ্রয় চাহিতেছি তাঁহার সৃষ্ট বস্তুর অনিষ্ট হইতে এবং আঁধার রাতের অনিষ্ট হইতে, যখন উহা আচ্ছাদিত করে, আর (মন্ত্র পড়িয়া) গিঁটসমূহে ফুঁকদাত্রীদের অনিষ্ট হইতে এবং হিংসুকের অনিষ্ট হইতে যখন সে হিংসা করে।

সূরা নাস (মক্কায় অবতীর্ণ)

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قُلْ اَعُوْذُ بِرَبِّ النَّاسِ ۔ مَلِكِ النَّاسِ ۔ اِلٰهِ النَّاسِ ۔ مِنْ شَرِّالْوَسْوَاسِ الْخَنَّاسِ ۔ الَّذِىْ يُوَسْوِسُ فِىْ صُدُوْرِالنَّاسِ ۔ مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ ۔

উচ্চারণ ঃ কুল্ আউ'যু বিরাব্বিন্নাস। মালিকি ন্নাস। ইলাহি ন্নাস। মিন শাররিল্ ওয়াস্ওয়াসিল্ খান্নাস। আল্লাযী ইউওয়াসওয়েসু ফী সুদূরি ন্নাস্। মিনাল্ জিন্নাতি ওয়ান্নাস।

অর্থ ঃ বলুন (হে মুহাম্মদ [সঃ])! আমি আশ্রয় চাই মানুষের প্রতিপালকের কাছে। মানুষের প্রভুর নিকট, মানুষের উপাস্য প্রভুর নিকট, অন্তরে সদা পলায়নপর শয়তানের প্ররোচনার অনিষ্ট হইতে, যে (শয়তান) মানুষের অন্তরসমূহে কুমন্ত্রণা দেয়, জ্বিন ও মানুষের মধ্য হইতে।

শবে বরাতের নামাযের নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّىَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَىْ صَلٰوةِ لَيْلَةِ الْبَرَاءَةِ مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ *

উচ্চারণ ঃ নাওয়াইতু আন্ উসাল্লিয়া লিল্লাহি তাআলা রাকআতাই সালাতি লাইলাতিল বারাআতি মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কা'বাতিশ শারীফাতি আল্লাহু আকবার।

এই নামাযের প্রত্যেক রাকআতে সূরা ফাতেহার পর সূরা কদর একবার ও সূরা এখলাস যতবার সুবিধা পড়া যায়। অথবা সূরা ফাতেহার পর আয়াতুল কুরসী একবার ও সূরা এখলাস তিনবার পড়িতে পারা যায়। সূরা ফাতেহার সহিত অন্য সূরা মিলাইয়া পড়িলেও কোন ক্ষতি হইবে না। দুই দুই রাকআত করিয়া মোট বার রাকআত নামায পড়িতে হয়। নামায শেষে দোআ, দরূদ, কালেমা, সূরা ইয়াসীন, সূরা আররাহমান প্রভৃতি পাঠ করা অত্যন্ত সওয়াবের কাজ।

শবে বরাত এর আমল

'বরাত' শব্দের অর্থ মুক্তি এবং 'শব' এর অর্থ রাত। অতএব 'শবে বরাত' এর অর্থ মুক্তির রাত। এই রাতে আল্লাহ তায়ালা অভাব-অনটন, রোগ-শোগ ও বিপদ-আপদ থেকে মুক্তি চাওয়ার জন্য মানুষকে আহ্বান জানান এবং তাঁর নিকট চাইলে তিনি এসব থেকে মুক্তি দিয়ে থাকেন, তাই এ রাতকে শবে বরাত বা মুক্তির রাত বলা হয়। শাবান মাসের ১৫ই রাত অর্থাৎ ১৪ই শাবান দিবাগত রাতই হল এই শবে বরাত। হাদীস শরীফের আলোকে এবং ফিক্হের কিতাবে বর্ণিত তথ্য অনুযায়ী শবে বরাত উপলক্ষ্যে ৬টি আমলের কথা প্রমাণিত হয় ঃ

১। ১৪ই শাবান দিবাগত রাত জাগরণ করে নফল ইবাদত বন্দেগী, যিক্র-আযকার ও তিলাওয়াতে লিপ্ত থাকা। এ রাতে যেকোন নফল নামায পড় ন,

যে কোন সূরা দিয়ে পড়তে পারেন– কোন নির্দিষ্ট সূরা দিয়ে পড়া জরুরী নয়। যত রাকআত ইচ্ছে পড়তে পারেন। আরও মনে রাখবেন নফল নামায ঘরে পড়াই উত্তম। একান্ত যদি ঘরে নামায পড়ার পরিবেশ না থাকে তাহলে মসজিদে পড়তে পারেন। বর্তমানে শবে বরাত ও শবে কদর উপলক্ষ্যে ইবাদত করার জন্য মসজিদে ভীড় করার একটা প্রথা হয়ে গিয়েছে– এর ভিত্তিতে কোন কোন মুফতী শবে বরাত ও শবে কদরে ইবাদত করার জন্য মসজিদে একত্রিত হওয়াকে মাকরূহ ও বিদআত বলে ফতুয়া দিয়েছেন। এর জন্য ফাতাওয়া মাহমূদিয়া দেখুন। তাই যথা সম্ভব ঘরেই ইবাদত করা উত্তম।

২। এ রাতে বেশী বেশী দুআ করা। কেননা আল্লাহ তায়ালা সূর্যাস্তের পর থেকে ছুবহে ছাদেক পর্যন্ত দুনিয়ার আসমানে এসে মানুষকে ক্ষমা চাওয়ার জন্য, রিয্ক চাওয়ার জন্য, রোগ-শোক, বিপদ-আপদ থেকে মুক্তি ও বিভিন্ন মাকসুদ চাওয়ার জন্য আহ্বান করতে থাকেন, তদুপরি আর এক হাদীসের বর্ণনা অনুযায়ী এই রাতে মানুষের সারা বৎসরের হায়াত-মওত ও রিজিক-দৌলত ইত্যাদি লেখা হয়ে থাকে। অতএব এ রাতে আল্লাহর কাছে বেশী বেশী করে দুআ করা চাই।

৩। হাদীস শরীফে আছে, এই রাতে নবী করীম (সাঃ) কবরস্থানে গিয়েছিলেন এবং মৃত মুসলমানদের জন্য মাগফিরাতের দুআ করেছিলেন, তাই এই রাতে কবর যিয়ারতে যাওয়া যায়। তবে নবী (সাঃ) কবরস্থানে একাকী গিয়েছিলেন– কাউকে সাথে নিয়ে আড়ম্বর সহকারে যাননি। তাই এ রাতে দলবল নিয়ে সমারোহ না করে আড়ম্বরের সাথে না গিয়ে নীরবে কবর যিয়ারতেও যাওয়া যায়।

৪। নবী (সাঃ) মৃত মুসলমানদের জন্য মাগফিরাতের দুআ করেছিলেন। এটা ইছালে সওয়াবের অন্তর্ভুক্ত। তাই এ রাতে মৃতদের জন্য দুআ করা ছাড়াও অন্যান্য পদ্ধতিতেও ইছালে সওয়াব করার অবকাশ রয়েছে। যেমন কিছু দান খয়রাত করে বা কিছু নফল ইবাদত বন্দেগী করে তার সওয়াব মৃতদেরকে বখশে দেয়া। এরূপ করাও উত্তম হবে।

৫। পরের দিন অর্থাৎ, ১৫ই শাবান নফল রোযা রাখা উত্তম।

৬। শবে বরাতে (১৪ই শাবান দিবাগত রাতে) গোসল করাও মুস্তাহাব। (রদ্দুল মুহতার ১ম খণ্ড, বেহেশতী গাওহার)

উপরোল্লিখিত ৬টি বিষয় ব্যতীত শবে বরাত উপলক্ষ্যে আর বিশেষ কোন আমল কুরআন-সুন্নাহ দ্বারা প্রমাণিত নয়। শবে বরাত উপলক্ষ্যে হালুয়া রুটি তৈরি করা, মোমবাতি জ্বালানো, আতশবাজী ও পটকা ফোটানো ইত্যাদি নিষিদ্ধ। এগুলো প্রথা, বিদআত ও গোনাহের কাজ।

রোযা

রমযানের চাঁদ যে সন্ধ্যায় দেখা যায়, তাহার পরের দিন হইতে পরবর্তী শাওয়াল মাসের চাঁদ দেখা না যাওয়া পর্যন্ত পুরা একমাস রোযা রাখা প্রত্যেক প্রাপ্তবয়স্ক, সুস্থ মুসলমানের উপর ফরয। সোবহে সাদেক হইতে সূর্যাস্ত পর্যন্ত পানাহার ও ইন্দ্রিয় তৃপ্তি হইতে বিরত থাকাকে রোযা বলে। রোযার নিয়ত করাও একটি ফরয। দ্বিপ্রহরের পূর্বে নিয়ত না করিলে রোযা হইবে না।

রোযার নিয়ত

نَوَيْتُ اَنْ اَصُوْمَ غَدًا مِّنْ شَهْرِ رَمَضَانَ الْمُبَارَكِ فَرْضًا لَّكَ يَا اَللّٰهُ فَتَقَبَّلْ مِنِّىْ اِنَّكَ اَنْتَ السَّمِيْعُ الْعَلِيْمُ۔

উচ্চারণ ঃ নাওয়াইতু আন আসূমা গাদাম মিন শাহরি রামাযানাল মোবারাকি, ফারযাল লাকা ইয়া আল্লাহু ফাতাকাব্বাল মিন্নী ইন্নাকা আনতাস সামীউল আলীম।

ইফতার

সারা দিন পানাহার হইতে বিরত থাকিয়া সূর্যাস্তের পর অনতিবিলম্বে ইফতার করিবে। বিনা দরকারে বিলম্বে ইফতার করা ইহুদীদের রীতি। সুতরাং অহেতুক বিলম্ব করিবে না। আর ইফতারের জন্য কোন উপাদেয় খাদ্য সামগ্রীরও দরকার নাই। ইফতারের নিয়তে সামান্য কতটুকু পানি খাইয়া লইলেও চলিবে।

ইফতারের নিয়ত

اَللّٰهُمَّ صُمْتُ لَكَ وَتَوَكَّلْتُ عَلٰى رِزْقِكَ وَاَفْطَرْتُ بِرَحْمَتِكَ يَا اَرْحَمَ الرَّاحِمِيْنَ۔

উচ্চারণ ঃ আল্লাহুম্মা সুমতু লাকা ওয়া তাওয়াক্কালুত আলা রিযকিকা ওয়া আফতারতু বিরাহমাতিকা ইয়া আরহামার রাহিমীন।

রোযা কত প্রকার ও কি কি

ফরয– রমযান মাসের রোযা ফরয এবং উহার কাযাও ফরয।

ওয়াজিব– মানতী রোযা এবং যে নফল রোযা শুরু করিয়া ভাঙ্গিয়া ফেলা হইয়াছে তাহার কাযা আদায় করা ওয়াজিব।

সুন্নত– মহররম মাসের প্রথম দশ দিনের রোযা।

মোস্তাহাব– প্রত্যেক চাঁদের ১৩, ১৪ ও ১৫ তারিখে রোযা রাখা। এই রোযাকে আইয়ামে বীয-এর রোযা বলা হয়। শাওয়াল মাসে ছয় দিন রোযা রাখাও মোস্তাহাব।

নফল– উল্লিখিত দিনসমূহের রোযা ব্যতীত বৎসরের অন্যান্য দিনে রোযা রাখা নফল।

হারাম– যিলহজ্জ চাঁদের ১১, ১২, ১৩ এবং দুই ঈদের দিন রোযা রাখা হারাম।

মাকরূহ তানযিহী– মহররম মাসে কেবল ১০ তারিখে রোযা রাখা, শুধু শুক্রবারে বা যেকোন মাত্র একদিন রোযা রাখা।

যেসব কারণে রোযা ভঙ্গ হয়

১। রোযা রাখিয়া ইচ্ছাপূর্বক কোন জিনিস পানাহার করিলে।

২। কোন প্রকারে ইন্দ্রিয় তৃপ্তি উপভোগ করিলে।

৩। সিঙ্গা দেওয়ার দরুন বা ভুলে কিছু পানাহারের পর রোযা ভঙ্গ হইয়াছে ভাবিয়া ইচ্ছাপূর্বক আহার করিলে।

রোযার কাফ্ফারা

রমযানের রোযা ভাঙ্গিলে প্রত্যেক রোযার পরিবর্তে নিম্নের যে কোন একটি করিতে হইবে।

(১) একজন ক্রীতদাসকে দাসত্ব বন্ধন মুক্ত করা। অথবা

(২) অনবরত ৬০ দিন রোযা রাখা বা ৬০ জন দরিদ্র ব্যক্তিকে দুই বেলা তৃপ্তির সহিত আহার করান বা উহার মূল্য দান করা।

যে সকল কারণে রোযা মাকরূহ হয়

১। পরের দোষ-ত্রুটি বর্ণনা করিলে। ২। মিথ্যা কথা বলিলে ; অশ্লীল কথাবার্তা বলিলে। ৩। ইফতার না করিলে।

৪। দাঁত হইতে বাহির হওয়া বুটের চাইতে ছোট জিনিস চিবাইয়া খাইলে।

৫। গরমবোধে বার বার কুলি করিলে বা গায়ে ঠাণ্ডা কাপড় জড়াইলে অথবা গড়গড়া করিলে।

তারাবীর নামাযের বিবরণ

মাসআলা ঃ নারী-পুরুষ সকলের জন্য রমজান মাসে ইশার নামাযের পর বিশ রাকআত তারাবীহ পড়া সুন্নাতে মুয়াক্কাদাহ। দু'রাকআত করে পড়া উত্তম, চার রাকআত শেষে চার রাকআত পড়ার সময় পরিমাণ বসা মুস্তাহাব। (শামী ২/৪৩)

আরবী নিয়ত ঃ

نَوَيْتُ اَنْ اُصَلِّىَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَىْ صَلٰوةِ التَّرَاوِيْحِ سُنَّةُ رَسُوْلِ اللّٰهِ تَعَالٰى مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ ـ

উচ্চারণ ঃ নাওয়াইতুআন উছাল্লিয়া লিল্লাহি তাআ'লা রাকাআ'তাই সালাতিত তারাবী-হ সুন্নাতু রাসূলিল্লাহি তা'আলা মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কা'বাতিশ শারী-ফাতি আল্লাহু আকবার।

বাংলা নিয়ত ঃ আমি কিবলামুখী হয়ে আল্লাহর উদ্দেশ্যে তারাবীহ্‌র দুই রাকআত সুন্নাত নামাযের নিয়্যাত করছি। আল্লাহু আকবার।

সূরা তারাবীহ্‌র নিয়ম

১। সূরা তারাবীহ্‌র মধ্যে প্রথম ও দ্বিতীয় রাকআতে কুরআনের যে কোন অংশ বা যে কোন সূরা পড়তে পারবে অথবা দ্বিতীয় রাকআতে প্রতিবারই সূরা ইখলাছ পড়লেও জায়িয আছে। (শামী ২/৪৭, দারুল উলূম ৪/২৫১)

২। সূরা ফীল হতে সূরা নাস পর্যন্ত দশটি সূরার দ্বারা দশ রাকআত পড়ে আবার সূরা ফীল হতে নাস পর্যন্ত বাকী দশ রাকআত পড়ে নিবে। (শামী ২/৪৭)

রমযানের চাঁদ উঠিবার পর হইতে শাওয়াল মাসের চাঁদ না উঠা পর্যন্ত ১ মাস এশার নামাযের পর বেতের নামাযের পূর্বে দুই দুই রাকআত করিয়া ১০ সালামে ২০ রাকআত নামায আদায় করিতে হয়। এই নামাযকে তারাবীর নামায বলা হয়। এই নামায জামাআতের সহিত পড়া সুন্নতে মোআক্কাদায়ে কেফায়া। ওযরবশত একাও পড়া চলে। তারাবীহ নামাযে সারা রমযান মাসে একবার কোরআন শরীফ খতম করা সুন্নত। যদি ইমাম হাফেয না হন তবে প্রত্যেক রাকআতে সূরা ফাতেহার পর সূরা এখলাস অথবা অন্য সূরা বা আয়াত পড়িবে। এই নামায একা পড়িলে বেতেরের নামাযও একা পড়িবে। কিন্তু তারাবীর নামায জামাআতে পড়িলে অধিক সওয়াব হইবে। তারাবীহ নামাযের নিয়ত করিয়া তাহরীমা বাঁধিয়া দুই রাকআত সুন্নত নামাযের মত পড়িয়া সালাম ফিরাইবে।

তারাবীহ্ নামাযের নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّىَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَىْ صَلٰوةِ التَّرَاوِيْحِ سُنَّةُ رَسُوْلِ اللّٰهِ تَعَالٰى مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ ـ

উচ্চারণ ঃ নাওয়াইতু আন্ উসাল্লিয়া লিল্লাহি তাআলা রাক্‌আতাই সালাতিত তারাবীহি, সুন্নাতু রাসূলিল্লাহি তাআলা মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কাবাতিশ শারীফাতি আল্লাহু আকবার।

তারাবীহ্ নামাযের দোআ

প্রতি চারি রাকআত শেষে বসিয়া নিম্নের দোআটি পড়া যায়। না পড়িলেও দোষের কিছু নাই; বরং পড়িতেই হইবে এমন কোন বাধ্যবাধকতা আরোপ করা ঠিক হইবে না।

سُبْحٰنَ ذِى الْمُلْكِ وَالْمَلَكُوْتِ سُبْحٰنَ ذِى الْعِزَّةِ وَالْعَظَمَةِ وَالْهَيْبَةِ وَالْقُدْرَةِ وَالْكِبْرِيَاءِ وَالْجَبَرُوْتِ سُبْحٰنَ الْمَلِكِ الْحَىِّ الَّذِىْ لَا يَنَامُ وَلَا يَمُوْتُ اَبَدًا اَبَدًا سُبُّوْحٌ قُدُّوْسٌ رَبُّنَا وَرَبُّ الْمَلٰئِكَةِ وَالرُّوْحِ ـ

উচ্চারণ ঃ সোবহানা যিলমুলকি ওয়াল মালাকুতি, সোবহানা যিল্‌ইজ্জাতি ওয়াল আযমাতি ওয়াল হায়বাতি ওয়াল কুদরাতি ওয়াল কিবরিয়ায়ি ওয়াল জাবারূতি, সোবহানাল্ মালিকিল হাইয়্যিল্লাযী লা ইয়ানামু ওয়ালা ইয়ামূতু আবাদান আবাদান, সুব্বুহুন কুদ্দুসুন রাব্বুনা ওয়া রাব্বুল মালাইকাতি ওয়াররূহ।

প্রতি চারি রাকআত শেষে উল্লিখিত দোআ পড়ার পর কোন প্রকার বাধ্যবাধকতা ছাড়া নিম্নের দোআ পড়িয়া মোনাজাত করা যায়। বিশ রাকআত শেষে একত্রেও করা যায়। না করিলেও দোষের কিছু নাই। তবে খেয়াল রাখিতে হইবে যেন জামাআতে উপস্থিত লোকজনের কষ্ট না হয়।

তারাবীহ্ নামাযের মোনাজাত

اَللّٰهُمَّ اِنَّا نَسْئَلُكَ الْجَنَّةَ وَنَعُوْذُ بِكَ مِنَ النَّارِ يَاخَالِقَ الْجَنَّةِ وَالنَّارِ بِرَحْمَتِكَ يَا عَزِيْزُ يَاغَفَّارُ يَاكَرِيْمُ يَا سَتَّارُ يَا رَحِيْمُ يَا جَبَّارُ يَا خَالِقُ يَا بَارُّ اَللّٰهُمَّ اَجِرْنَا مِنَ النَّارِ يَا مُجِيْرُ يَا مُجِيْرُ يَا مُجِيْرُ بِرَحْمَتِكَ يَا اَرْحَمَ الرَّاحِمِيْنَ ـ

উচ্চারণ ঃ আল্লাহুম্মা ইন্না নাসআলুকাল্ জান্নাতা ওয়া নাঊযু বিকা মিনান নারি, ইয়া খালিকাল জান্নাতি ওয়াননারি, বিরাহমাতিকা ইয়া আযীযু ইয়া গাফ্ফারু ইয়া কারীমু ইয়া সাত্তারু ইয়া রাহীমু ইয়া জাব্বারু ইয়া খালেকু ইয়া বাররু, আল্লাহুম্মা অজিরানা মিনান্নারি ইয়া মুজীরু ইয়া মুজীরু ইয়া মুজীরু বিরাহ্মাতিকা ইয়া আরহামার রাহিমীন।

খতম তারাবীহ্র মাসায়িল

মাসআলা ঃ রমজান মাসে তারাবীহ্র মধ্যে তারতীব অনুযায়ী একবার কুরআন শরীফ খতম করা (পড়া/শুনা) সুন্নাতে মুয়াক্কাদাহ। (শামী ২/৪৬)

মাসআলা ঃ তারাবীহর খতমের মধ্যে যে কোন একটি সূরার শুরুতে বিসমিল্লাহির রাহমানির রাহীম জোরে পড়া চাই, নতুবা শ্রোতাদের খতম পূর্ণ হবে না। (আহসানুল ফাতাওয়া ৩/৫১৯)

মাসআলা ঃ নাবালেগের পিছনে ইক্তেদা করা জায়েয নয়, চাই ফরয নামাযে হোক বা তারাবীহ্র নামাযে হোক। (আলমগীরী ১/১১৭)

মাসআলা ঃ ইচ্ছাকৃত ভাবে ভুল লোকমা দিয়ে হাফেজকে পেরেশান করা নিষিদ্ধ। (ফাতাওয়া দারুল উলূম ৪/২৫৮)

মাসআলা ঃ তারাবীহতে এত দ্রুত তিলাওয়াত করা যা বুঝে আসে না এরূপ তিলাওয়াত ছওয়াবের পরিবর্তে গোনাহের কারণ হয়ে দাঁড়ায়। (ফাতওয়া দারুল উলূম ৪/২৫৭)

মাসআলা ঃ হাফেজ সাহেব ভুলে গিয়ে চুপ-চাপ দাঁড়িয়ে অথবা বৈঠকে তাশাহ্হুদের আগে বা পরে চিন্তা করতে থাকেন এবং এর মধ্যে এক রুকন পরিমাণ (তিনবার সুবহানাল্লাহ বলার পরিমাণ) সময় অতিবাহিত হয়ে যায়, তাহলে সাজদায়ে সাহু দিতে হবে। (ফাতওয়া দারুলূ উলূম ৪/২৫৭)

মাসআলা ঃ কোন আয়াত ভুলে থেকে গেলে বা ভুল পড়া হয়ে থাকলে পরবর্তী রাকআতে বা পরবর্তী তারাবীহ নিয়তে পড়ে নিতে হবে, নতুবা খতম পূর্ণ হবে না। (ফাতওয়া দারুল উলূম ৪/২৯৪)

মাসআলা ঃ খতমের দিন তারাবীহ্র মধ্যেই খতম করার পর শেষ রাকআতে সূরা বাকারার শুরু থেকে مُفْلِحُوْنَ পর্যন্ত পড়া মুস্তাহাব। (ফাতওয়া দারুল উলূম ৪/২৫৯)

মাসআলা ঃ তারাবীহ্র মধ্যে খতমের সময় সূরা এখলাছ তিনবার পড়া মাকরূহ। অর্থাৎ শরীয়তের বিশেষ নিয়ম মনে করে এরূপ আমল করা মাকরূহ। (হালাবী, আহসানুল ফাতওয়া ৩/৫০৯)

মাসআলা ঃ তারাবীহ্র মধ্যে সূরা وَالضُّحٰى থেকে শেষ পযন্ত সূরাগুলোর পর اَللّٰهُ اَكْبَرُ বলা মাকরূহ। নামাযের বাইরে এরূপ আমল করা যায়। (দারুল উলূম ৪/২৫০)

মাসআলা ঃ তারাবীহ্র বিনিময়ে পারিশ্রমিক দেয়া-নেয়া জায়িয নয়, তবে হাফেজ সাহেবের যাতায়াত ভাড়া ও খাওয়া-দাওয়ার ব্যবস্থা করা বিধেয়। (ফাতওয়া দারুল উলূম ৪/২৬৩, ২৮৯)

মাসআলা ঃ বিশ রাকআত তারাবীহ্ পড়া সুন্নাতে মুয়াক্কাদাহ। আট রাকাআত নয়। (দারুল উলূম ৪/২৬৯, ২৮৯)

মাসআলা ঃ তারাবীহ্র নামায জামাআতের সাথে পড়া সুন্নাতে মুয়াক্কাদায়ে কেফায়া। মহিলাদের তারাবীহ্-র জামাআত করা মাকরূহ তাহরীমী। দুররে মুখতার ৯৮, দারুল উলূম ৪/২৬৬)

মাসআলা ঃ প্রতি চার রাকআত তারাবীহ্র পর এবং বিশ রাকাআতের পর বিতরের পূর্বে চার রাকআত পরিমাণ বিশ্রাম করা মুস্তাহাব। জামাআতের লোকদের কষ্ট হওয়ার বা জামাআতের লোক সংখ্যা কম হওয়ার আশংকা হলে এত সময় বিশ্রাম করবে না বরং কম করবে। (বেহেশতী গাওহার)

মাসআলা ঃ এই বিশ্রামের সময় চুপ করে বসে থাকা, তাসবীহ তাহলীল, তিলাওয়াত, দুরূদ পড়া বা নফল নামায পড়া সবই জায়িয। আমাদের দেশে যে সোবহানা যিল মুলকে ওয়াল মালাকূতে ..... তিনবার পড়ার প্রচলন আছে তাও জায়িয, তবে তাই পড়া জরুরী নয় বরং এই দুআ কোন হাদীস দ্বারা প্রমাণিত নয়। এর চেয়ে سُبْحَانَ اللّٰهِ وَالْحَمْدُ لِلّٰهِ وَلَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ وَاللّٰهُ اَكْبَرُ বারবার পড়তে থাকা মুস্তাহাব। এবং এসব দুআ চিৎকার করে নয় বরং নিরবে কিংবা গুনগুন শব্দে পড়া নিয়ম। (ফাতওয়ায়ে দারুল উলূম ৪/২৭১)

তারাবীহ্র মুনাজাত সম্পর্কে মাসয়ালা

মাসআলা ঃ প্রত্যেক চতুর্থ রাকআতে মুনাজাত করা জায়েয আছে কিন্তু বিশ রাকআতের পর বিতরের পূর্বে দুআ করাই উত্তম। (বাংলা বেহেশতী জেওর ১ম খণ্ড) তবে কোথাও প্রতি চার রাকআতের পর মুনাজাত করলে কঠোরভাবে তাতে

বাধা দেয়া কিংবা না করা হলে মুসল্লীগণের পক্ষ থেকে ইমামকে করার জন্য হুকুম দেয়া সংগত হয়। (ফাতাওয়া দারুল উলূম ৪/২৭১)

মাসআলা ঃ যদি কেউ মসজিদে এসে দেখে এশার জামাআত হয়ে গিয়েছে এবং তারাবীহ শুরু হয়ে গিয়েছে তখন তিনি একা একা এশা পড়ে নিয়ে তারপর তারাবীহ্‌র জামাআতে শরীক হবে। ইত্যবসরে যে কয় রাকআত তারাবীহ ছুটে গিয়েছে তা তিনি তারাবীহ ও বেতর জামাআতের সাথে আদায় করার পর পড়বেন। (ফাতাওয়া দারুল্‌ উলূম ৪/২৫২)

মাসআলা ঃ কেউ এসে দেখল বিতরের জামাআত শুরু হয়ে গেছে এমতাবস্থায় এশার নামায আদায় করে বিতরের জামাআতে শরীক হয়ে যাবে। তারপর তারাবীর নামায আদায় করবে। তেমনিভাবে এশার নামায আদায় করে তারাবীহ কয়েক রাকআত ছুটে গেলে বিতরের নামায জামাআতে আদায় করে বাকী তারাবীহ নামায আদায় করবে। (ফাতাওয়া দারুল উলূম ৪/২৫২)

তারাবীহ্‌র নামাযের রাকআতে ভুল হলে

মাসআলা ঃ তারাবীহর নামাযে দু'রাক্‌আতের পর বৈঠক ছাড়াই তৃতীয় রাক্‌আতের জন্য দাঁড়িয়ে যায়। তিন রাক্‌আত পূর্ণ করে সেজদাহ সাহু আদায় করতঃ নামায শেষ করে তাহলে তিন রাক্‌আতের সবই বিফলে যাবে। শেষ বৈঠক আদায় না করার কারণে প্রথম দু'রাকআত ফাসিদ হয়ে যাবে এবং বাকী এক রাক্‌আত কোন কাজে আসবে না। এই অবস্থায় তারাবীহ দুই রাকআত নামায পুনরায় পড়তে হবে এবং স্বতন্ত্রভাবে আরো দুই রাকাত নফল পড়তে হবে। কারণ নফল নামাযে তৃতীয় রাকাতের জন্য দাড়িয়ে গেলে আরো দু'রাকাত নামায ওয়াজিব হয়ে যায়। (শামী ২/৩২,আলমগীরী ১/১১৩)

মাসআলা ঃ আর যদি দুই রাকাতের পর তাশাহ্‌হুদ পরিমাণ বসে তৃতীয় রাকাতের জন্য ভুলবশতঃ দাঁড়িয়ে যায়। তৃতীয় রাকাত পূর্ণ করে সালাম ফিরিয়ে নেয়, তাহলে প্রথম দুরাকাত তারাবীহ হিসেবে শুদ্ধ হবে। তৃতীয় রাকাত বিফলে যাবে। তৃতীয় রাকাতে দাঁড়িয়ে যাবার দরুন ঐ ব্যক্তির উপর আরো দুই রাকাত নফল নামায ওয়াজিব হবে। (কাযীখান, আলমগীরী ১/২৪০-২৪১)

মাসআলা ঃ তাশাহ্‌হুদ পরিমাণ বসে দাঁড়িয়ে চার রাকাত আদায় করে তাহলে পূর্ণ চার রাকাত তারাবীহ হিসেবে গণ্য হবে। সেজদা সাহু ওয়াজিব হবে না। (শামী ২/৪৫, আহসানুল ফাতাওয়া ৩/৫১২)

মাসআলা ঃ তাশাহ্‌হুদের জন্য না বসে তৃতীয় রাকআতের জন্য দাঁড়ালে সেজদাহ করার আগে স্মরণ আসলে বসে যাবে। সেজদা সাহু আদায় করে নামায শেষ করবে। (আলমগীরী ১/১১৩)

আর তৃতীয় রাকাতের জন্য সেজদা করে নিলে চতুর্থ রাকাত মিলিয়ে সেজদা সাহু আদায় করে সালাম ফিরাবে। এই অবস্থায় শেষ দু'রাকাত তারাবীহ হিসেবে গণ্য হবে। প্রথম দু'রাকাত ফাসিদ হয়ে যাবে। কারণ, শেষ বৈঠক ফরয। প্রথম দুরাকাতের পর ফরয বৈঠক আদায় হয় নাই।

শবে কদরের নামায

"শবে কদরের রাত্র হাজার মাসের চেয়েও শ্রেষ্ঠ।" – (কোরআন)

হযরত মুহাম্মদ (সঃ) বলিয়াছেন– তোমরা রমযান মাসের বিশ তারিখের পর বিজোড় তারিখের রাতসমূহে শবে কদর খোঁজ কর। অনেক মতভেদ থাকিলেও প্রবল মত অনুযায়ী ২৭ রমযানের রাতই শবে কদর।

হযরত মুহাম্মদ (সঃ) বলিয়াছেন, যে ব্যক্তি পূর্ণ ঈমান ও আন্তরিকতার সহিত এই রাতে এবাদত করিবে, আল্লাহ তাআলা তাহার অতীতের সকল গোনাহ মাফ করিয়া দিবেন এবং তাহার আমলনামায় হাজার মাসের এবাদতের সওয়াব লিখিয়া দিবেন।

কোন অসুবিধা বা শারীরিক ক্ষতির আশংকা না থাকিলে এই রাতে মাগরিবের পরে গোসল করা ভাল। এশা ও তারাবীহ্‌ শেষে দুই রাকআত করিয়া কমপক্ষে ১২ রাকআত বা তদূর্ধ্বে যত রাকআত খুশী পড়িবে।

শবে কদরের নামাযের নিয়ত শবে বরাতের নামাযের নিয়তের মতই। শুধু লাইলাতিল বারাআতের পরিবর্তে "লাইলাতিল কাদরি" বলিবে।

শবে কদর এর ফযীলত ও করণীয়

'শবে কদর' কথাটি ফারসী। এর আরবী হল 'লাইলাতুল কদর'। শব ও লাইলাত শব্দের অর্থ রাত। আর কদর শব্দের অর্থ মাহাত্ম্য ও সম্মান। এ রাতের মাহাত্ম্য ও সম্মানের কারণেই একে শবে কদর বা লাইলাতুল কদর বলা হয়। কিম্বা কদর শব্দের অর্থ তাকদীর ও আদেশ। এ রাতে যেহেতু পরবর্তী এক বৎসরের হায়াত-মওত, রিজিক প্রভৃতি যাবতীয় বিষয়ের তাকদীর লেখা হয় (অর্থাৎ, লওহে মাহফুজ থেকে তা নকল করে সংশ্লিষ্ট ফেরেশতাদের কাছে সোপর্দ করা হয়) তাই এ রাতকে শবে কদর বা লাইলাতুল কদর বলা হয়।

লাইলাতুল কদর এর ইবাদত হাজার মাস ইবাদত করার চেয়েও শ্রেষ্ঠ। (আল-কুরআন)

মাসআলা ঃ রমজান মাসের শেষ দশ দিনের যে কোন বেজোড় রাতে শবে কদর হতে পারে, যেমন ২১, ২৩, ২৫, ২৭ ও ২৯ তারিখের রাত। ২৭শে রাতের কথা বিশেষভাবে হাদীসে বর্ণিত হয়েছে।

মাসআলা ঃ শবে কদরে নফল নামায, তিলাওয়াত, যিক্‌র ইত্যাদি যে কোন ইবাদত করা যায়। কত রাকআত নফল বা কি কি সূরা দিয়ে পড়তে হবে তা নির্দিষ্ট নেই– যত রাকাত ইচ্ছা, যে সূরা দিয়ে ইচ্ছা পড়া যায়। শবে কদরের নামাযের বিশেষ কোন নিয়াত নেই– ইশার পর ছুবহে ছাদেক পর্যন্ত যে নফল পড়া হয় তাকে তাহাজ্জুদ বলে, তাই নফল বা তাহাজ্জুদের নিয়াতে নামায পড়লে চলে।

মাসআলা ঃ নফল নামায যেহেতু ঘরে পড়া উত্তম, তাই এ রাতেও ঘরের মধ্যে নামায পড়লে উত্তম হবে। তবে একান্তই ঘরে নামাযের পরিবেশ না থাকলে তিনি মসজিদে গিয়ে পড়বেন।

মাসআলা ঃ শবে কদরে বিশেষভাবে দুআ কবুল হয়ে থাকে, তাই এ রাতে বেশী বেশী দুআ করা চাই।

মাসআলা ঃ রাসূল (সাঃ) হযরত আয়েশা (রাঃ)-কে শবে কদরে বিশেষভাবে এই দুআ পড়তে শিক্ষা দেন–

اَللّٰهُمَّ اِنَّكَ عَفُوٌّ تُحِبُّ الْعَفْوَ فَاعْفُ عَنِّىْ ـ

উচ্চারণ ঃ আল্লাহুম্মা ইন্নাকা আ'ফুববুন তুহিব্বুল আ'ফওয়া ফা'ফু আন্নী।

অর্থ ঃ হে আল্লাহ ! তুমি তো অত্যন্ত ক্ষমাশীল, তুমি ক্ষমা করতে ভালবাস; অতএব আমাকে ক্ষমা করে দাও।

মাসআলা ঃ যে শবে কদর চিনতে পারবে তার জন্য শবে কদরে গোসল করা মুস্তাহাব। (দুররুল মুখতার, বেহেশতী গাওহার)

ঈদুল ফেতরের নামায

রমযান মাস শেষ হইলে শাওয়ালের নূতুন চাঁদ উঠিবার দিনই ঈদুল ফেতর। এই দিন সূর্য উদয়ের পর হইতে দ্বি-প্রহরের পূর্বে জামাআতে অতিরিক্ত ছয় তাকবীরের সহিত দুই রাকআত নামায পড়া ওয়াজিব। ঈদুল ফেতরের দিন প্রাতঃকালে মেসওয়াক করিয়া গোসল করিবে। তারপর সুগন্ধি ব্যবহার করত যথাসাধ্য উত্তম ও পরিষ্কার- পরিচ্ছন্ন কাপড় পরিধান করিবে। এরপর কিছু মিষ্টান্ন পানাহার করিবে এবং রোযার ফেতরা আদায় করিবে। রোযার ঈদে নামায আদায়ের উদ্দেশে ঈদগাহে যাইবার পূর্বে কিছু মিষ্টান্ন দ্রব্য খাওয়া সুন্নত। ঈদগাহে যাইতে আসিতে নিম্নিলিখিত তাকবীর মনে মনে পড়িবে। ঈদগাহে যাইতে এক পথে এবং বাড়ীতে ফিরার সময় অন্য পথে ফিরিবে, ইহা সুন্নত।

اَللّٰهُ اَكْبَرُ اَللّٰهُ اَكْبَرُ لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ وَاللّٰهُ اَكْبَرُ اَللّٰهُ اَكْبَرُ وَلِلّٰهِ الْحَمْدُ ـ

উচ্চারণ ঃ আল্লাহু আকবার, আল্লাহু আকবার, লা ইলাহা ইল্লাল্লাহু ওআল্লাহু আকবার, আল্লাহু আকবার ওয়া লিল্লাহিল হাম্‌দ।

ঈদুল ফেতর নামাযের নিয়ত

نَوَيْتُ اَنْ اُصَلِّىَ لِلّٰهِ تَعَالٰى رَكْعَتَىْ صَلٰوةِ الْعِيْدِ الْفِطْرِ مَعَ سِتَّةِ تَكْبِيْرَاتٍ وَاجِبُ اللّٰهِ تَعَالٰى اِقْتَدَيْتُ بِهٰذَا لْاِمَامِ مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ ـ

উচ্চারণ ঃ নাওয়াইতু আন উসাল্লিয়া লিল্লাহি তাআলা রাকআতাই সালাতিল ঈদিল ফিত্‌রে মাআ সিত্তাতি তাকবীরাতে ওয়াজিবুল্লাহি তাআলা একৃতাদাইতু বিহাযাল ইমামি মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কা'বাতিশ শারীফাতি আল্লাহু আকবার।

ঈদুল আযহার নামায

বৎসরের দ্বিতীয় ঈদ হইল ঈদুল আযহা। এই নামায যিলহজ্জ চাঁদের ১০ তারিখ সূর্য উদয়ের পর দ্বি-প্রহরের পূর্বে জামাআতের সহিত আদায় করিয়া কোরবানী করিতে হয়। অনিবার্য কোন কারণে যিলহজ্জের দশ তারিখে কোররবানী করা না গেলে তের তারিখে আসরের ওয়াক্ত হইবার পূর্ব পর্যন্ত কোররবানী করা যাইবে। ইহার পরে কোরবানী দুরস্ত হইবে না।

ঈদুল আযহা নামাযের নিয়ত ঈদুল ফেতরের মতই, শুধু ঈদুল ফেতরের পরিবর্তে "ঈদুল আযহা" বলিতে হইবে।

জানাযার নামাযের বর্ণনা

মাসআলা ঃ প্রসিদ্ধ ফিকাহবিগণের মতে জানাযার নামায ফরযে কিফায়া। কাজেই জীবিতদের কতিপয় যদি তা আদায় করে, সকলের পক্ষ থেকেই তা আদায় হয়ে যাবে। তবে যদি জীবিতদের কেউই আদায় না করে তাহলে সকলেই গুনাহগার হবে। (আলমগীরী ১ ঃ ১৬২)

মাসআলা ঃ জানাযা নামাযের হাকীকত হল মৃত ব্যক্তির জন্য আল্লাহর নিকট 'মাগফিরাতের দুআ' করা। জীবিতদের মধ্যে যারা মৃত্যু সংবাদ শুনবে তাদের উপরই তা ফরযে কিফায়া হিসেবে বর্তায়। (বেহেশতী জেওর)

মাসআলা ঃ জানাযা নামাযে জামাআত শর্ত নয় ; তাই ইমাম একা একা নামায পড়লেও তা সকলের পক্ষ থেকে আদায় হবে। (আলমগীরী ১/১৬২)

জানাযা নামাযের রুকন দু'টি ঃ

১। চারবার তাকবীর বলা, ২। দাঁড়িয়ে নামায আদায় করা। (নূরুল ইযাহ)

মাসআলা ঃ কোন ওজর ছাড়া উপবিষ্ট এবং বাহনে আরোহিত অবস্থায় জানাযার নামায শুদ্ধ নয়।

মাসআলা ঃ সওয়ারী থেকে অবতরণ করে নীচে দাঁড়িয়ে নামায পড়ার ব্যবস্থা না থাকলে এবং কাদা বা অন্য কোন কারণে কষ্টকর হলে আরোহিত অবস্থায় নামায পড়া শুদ্ধ হবে।

জানাযার নামাযের নিয়ত

نَوَيْتُ اَنْ اُؤَدِّىَ اَرْبَعَ تَكْبِيْرَاتِ صَلٰوةِ الْجَنَازَةِ فَرْضِ الْكِفَايَةِ اَلثَّنَاءُ لِلّٰهِ تَعَالٰى وَالصَّلٰوةُ عَلَى النَّبِيِّ وَالدُّعَاءُ لِهٰذَا الْمَيِّتِ مُتَوَجِّهًا اِلٰى جِهَةِ الْكَعْبَةِ الشَّرِيْفَةِ اَللّٰهُ اَكْبَرُ۔

উচ্চারণ ঃ নাওয়াইতু আন্ উয়াদ্দিয়া আরবাআ তাকবীরাতি সালাতিল জানাযাতি ফারযুল কেফায়াতি, আসসানাও লিল্লা-হি তাআলা ওয়াসসালাতু আলান নাবিয়্যি ওয়াদদোআউ লিহা-যাল মাইয়্যেতি, মুতাওয়াজ্জিহান ইলা জিহাতিল কাবাতিশ শারীফাতি আল্লাহু আকবার।

জানাযা স্ত্রীলোকের হইলে লিহাযাল মাইয়্যেতে না বলিয়া 'লিহাযিহিল মাইয়্যেতে' বলিতে হইবে। নিয়ত করিয়া প্রথম তাকবীর বলিয়া তাহরীমা বাঁধিয়া ইমাম-মোক্তাদী সকলেই সানা ও পরবর্তী তিন তাকবীরে নিম্নের দোআগুলি পড়িবে। সানা ও দোআসমূহ নিম্নে দেওয়া হইল—

سُبْحٰنَكَ اَللّٰهُمَّ وَبِحَمْدِكَ وَتَبَارَكَ اسْمُكَ وَتَعَالٰى جَدُّكَ وَجَلَّ ثَنَاءُكَ وَلَآ اِلٰهَ غَيْرُكَ۔

উচ্চারণ ঃ সোবহানাকা আল্লা-হুম্মা ওয়া বিহামদিকা ওয়া তাবারাকা সমুকা ওয়া তাআলা জাদ্দুকা ওয়া জাল্লা সানাউকা ওয়ালা ইলা-হা গাইরুকা।

সানার পর তাহ্‌রীমা না ছাড়িয়া ইমাম সশব্দে দ্বিতীয় তাকবীর বলিবেন এবং ইমাম মোক্তাদী সকলে নিম্নের দরূদ শরীফ পড়িবেন—

اَللّٰهُمَّ صَلِّ عَلٰى مُحَمَّدٍ وَّعَلٰى اٰلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ وَسَلَّمْتَ وَبَارَكْتَ وَتَرَحَّمْتَ عَلٰى اِبْرَاهِيْمَ وَعَلٰى اٰلِ اِبْرَاهِيْمَ اِنَّكَ حَمِيْدٌ مَّجِيْدٌ۔

উচ্চারণ ঃ আল্লা-হুম্মা সাল্লি আলা মুহাম্মাদিওঁ ওয়া আলা আলি মুহাম্মাদিন কামা সাল্লাইতা ওয়া সাল্লামতা ওয়া বারাকতা ওয়া তারাহহামতা আলা ইব্রাহীমা ওয়া আলা আলি ইব্রাহীমা ইন্নাকা হামীদুম মাজীদ।

তারপর পূর্ণ বয়স্ক লোকের জানাযা হইলে তৃতীয় তাকবীরে নিম্নলিখিত দোআ পড়িবে ঃ

اَللّٰهُمَّ اغْفِرْ لِحَيِّنَا وَمَيِّتِنَا وَشَاهِدِنَا وَغَائِبِنَا وَصَغِيْرِنَا وَكَبِيْرِنَا وَذَكَرِنَا وَاُنْثَانَا ۔ اَللّٰهُمَّ مَنْ اَحْيَيْتَهٗ مِنَّا فَاَحْيِهٖ عَلَى الْاِسْلَامِ ۔ وَمَنْ تَوَفَّيْتَهٗ مِنَّا فَتَوَفَّهٗ عَلَى الْاِيْمَانِ بِرَحْمَتِكَ يَآ اَرْحَمَ الرَّاحِمِيْنَ۔

উচ্চারণ ঃ আল্লাহুম্মা গফির লি-হাইয়্যেনা ওয়া মাইয়্যেতেনা ওয়া শাহিদিনা ওয়া গায়িবিনা ওয়া সাগীরিনা ওয়া কাবীরিনা ওয়া যাকারিনা ওয়া উনসানা, আল্লাহুম্মা মান আহইয়াইতাহু মিন্না ফাআহয়িহী আলাল ইসলামি ওয়া মান্ তাওয়াফফাইতাহু মিন্না ফাতাওয়াফফাহু আলাল ঈমানি বিরাহমাতিকা ইয়া আরহামার রাহিমীন।

এই দোআর পর হাত না উঠাইয়া চতুর্থ তাকবীর বলিবে এবং ডানে বামে সালাম ফিরাইয়া নামায শেষ করিবে।

জানাযা নাবালেগ ছেলের হইলে তৃতীয় তাকবীর বলিয়া নিম্নের দোআ পড়িবে ঃ

اَللّٰهُمَّ اجْعَلْهُ لَنَا فَرَطًا وَّاجْعَلْهُ لَنَا اَجْرًا وَّذُخْرًا وَّاجْعَلْهُ لَنَا شَافِعًا وَّمُشَفَّعًا۔

উচ্চারণ ঃ আল্লা-হুম্মাজআলহু লানা ফারতাওঁ ওয়াজআলহু লানা আজরাওঁ ওয়া যুখরাওঁ ওয়াজআলহু লানা শাফিআওঁ ওয়া মুশাফফাআ।

নাবালেগা মেয়ে হইলে তৃতীয় তাকবীর বলে নিম্নোক্ত দোয়া পড়বে–

اَللّٰهُمَّ اجْعَلْهَا لَنَا فَرَطًا وَّاجْعَلْهَا لَنَا اَجْرًا وَّذُخْرًا وَّاجْعَلْهَا لَنَا شَافِعَةً وَّمُشَفَّعَةً۔

মৃত ও জানাযা নামাযের সুন্নতসমূহ

❒ মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, একজন মৃত ব্যক্তির হাত ভেঙ্গে গেলে সে এতটা আঘাত পায় যে, সে জীবিতকালে যেরূপ আঘাত পেয়ে থাকে। (মিশকাত)

হযরত ওমর ইবনুল খাত্তাব (রাঃ) হতে বর্ণিত আছে, মহানবী রাসূলুল্লাহ ছাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেন, আমি এমন একটি কলেমা জানি যা মুমূর্ষ ব্যক্তি পাঠ করলে তার জান কবজ আল্লাহর রহমতে অতি সহজ হবে। কালেমাটি নিম্নে দেয়া হলো ঃ لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ مُحَمَّدٌ رَّسُوْلُ اللّٰهِ ـ

উচ্চারণ ঃ লা-ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসূলুল্লাহ।

যে ব্যক্তি মুর্দাকে গোসল দিবে এবং তার ক্রটি গোপন করবে, আল্লাহ তায়ালা ঐ ব্যক্তির ৪০টি কবীরা গুনাহ্ ক্ষমা করে দিবেন। যে ব্যক্তি মুর্দাকে কবরে রাখবে সে যেন তাকে রোজ কেয়ামত পর্যন্ত বাস করার উপযোগী একটি বাসস্থান দান করল। (তিবরানী)

যে ব্যক্তি মুর্দারকে কাফন পরাবে, আল্লাহ তায়ালা তাকে বেহেশতের পোশাক পরাবেন। (হাকেম)

জানকবযের পরে চক্ষুদ্বয় খোলা থাকলে বুজিয়ে দিতে হবে। ঠোঁট খোলা থাকলে তা বুজিয়ে দিতে হবে। হস্তদ্বয় ও পদদ্বয় সোজা করে দিতে হবে। মুর্দারের হাত-পায়ের অঙ্গুলী বাঁকা থাকলে তা সোজা করে দিবে।

মুর্দাকে গোসল দেয়া ফরজে কেফায়া। ইহা দু-চারজন লোকে সমাধা করলে সকলের পক্ষ হতে ফরজ আদায় হয়ে যাবে।

কবর জেয়ারত-এর ফায়দা

হযরত রাসূলুল্লাহ্ (দঃ) বলিয়াছেন ঃ "তোমরা কোরআন পাঠ দ্বারা তোমাদের মৃত ব্যক্তিগণের কবরকে আলোকিত রাখ।" ইহাতে বুঝা যায় যে, মৃত্যু ব্যক্তির উদ্দেশ্যে কোরআন পাঠ করা তাহার অন্ধকার কবরের বাতিস্বরূপ।

হাদীস শরীফে আছে—মুরদাকে দাফন করিয়া ফিরিবার পথে লোকগণ এই পরিমাণ দূরে আসিলেই তাহাকে কবরে জীবিত করিয়া দেওয়া হয় যে, সে কবরে থাকিয়া বাহিরের মানুষের পায়ের শব্দ শুনিতে পায়। এইজন্যই রাসূলুল্লাহ্ (দঃ) নিজে বহু কবরস্থানে দাঁড়াইয়া মুরদাদের জন্য দোয়া করিয়াছেন। (মুস্‌লিম)

পিতা-মাতার মৃত্যুর পর তাঁহাদের কবর জেয়ারত করা সন্তানগণের উপর একটি দাবী। জেয়ারতের ফলে মৃত্যু ব্যক্তির আত্মার বিশেষ উপকার হয় এবং জেয়ারতকারীর আধ্যাত্মিক উন্নতি হয়। তদুপরি প্রায়ই কবর জেয়ারত করিলে নিজের মউতের কথাটি স্মরণ থাকে।

একদা কোন একজন ওলী-আল্লাহ্ গভীর রাত্রিতে একটি কবরস্থানের পার্শ্ব দিয়া যাইতেছিলেন। এমতাবস্থায় সেইখানে কতগুলি লোক দেখিতে পাইলেন। সেই লোকগুলির কথা-বার্তায় বুঝা গেল যে, তাহারা পরস্পরের মধ্যে কোন কিছু বণ্টন করিতেছে। তিনি তাহাদের পরিচয় জানিতে চাহিলে তাহারা বলিল,—"আমরা এই কবরস্থানেরই মুরদা।" তিনি পুনরায় জিজ্ঞাসা করিলেন—"তোমরা পরস্পরের মধ্যে কি বণ্টন করিতেছিলে ? তদুত্তরে তাহারা বলিল, —"গত সপ্তাহে আল্লাহ্‌র একজন বান্দা এই কবরস্থানের নিকট দিয়া যাইবার সময়ে কিছুক্ষণ দাঁড়াইয়া তিনবার 'কুলহুআল্লাহ" পড়িয়া উহার সাওয়াব আমাদের সকলের নামে বখ্‌শাইয়া দিয়াছিলেন। আমরা এইখানে সত্তরজন মুরদা এক সপ্তাহ যাবত সেই সাওয়াব নিজেদের মধ্যে বণ্টন করিতেছি। (আঃ ওয়্যাযেজীন)

হাদীস শরীফে আছে—যে ব্যক্তি কোন কবরস্থানে গিয়া এগারবার সূরা 'এখ্‌লাছ' পড়িয়া উহার সাওয়াব সেই কবরস্থানের মুরদাগণের জন্য বখ্‌শাইয়া দেয়, ঐ কবরস্থানে যতগুলি মুরদা আছে, সে ততটি সাওয়াব লাভ করিবে।

হযরত আবু হুরায়রা (রাঃ) হইতে বর্ণিত আছে—যে ব্যক্তি কোন কবরস্থানে একবার 'সূরা ফাতেহা', 'কুল্‌হুওয়াল্লা ও 'আল্‌হা-কুমুত্ তাকাসুর' পড়িয়া অতপর এই কথা বলে—"হে খোদা! আমি তোমার পবিত্র কালাম হইতে যাহা কিছু পাঠ করিলাম, উহার সাওয়াব এই কবরস্থানের সকল মুসলমান স্ত্রী-পুরুষ মুরদার উপর বখ্‌শিয়া দিলাম", কেয়ামতের দিন সেই সকল মুরদা আল্লাহ্ তায়া'লার, দরবারে সেই ব্যক্তির জন্য সুপারিশ করিবে। —(দায়লামী)

হযরত আনাস্ (রাঃ) হইতে বর্ণিত আছে—যদি কেহ কোন কবরস্থানে গিয়া সূরা 'ইয়াসীন' পাঠ করে তাহা হইলে সেই কবরস্থানে কোন কবরবাসীর উপর শাস্তি হইতে থাকিলে 'সূরা ইয়াসীনের' বরকতে তাহার শাস্তি রহিত করিয়া দেওয়া হইবে এবং যে ব্যক্তি পাঠ করিবে, তাহার আমলনামায় সেই কবরস্থানের মুরদার সমান সংখ্যক নেকী লিপিবদ্ধ করা হইবে। (কানযঃ)

বায়হাক্বী শরীফে আছে—যে ব্যক্তি বিশেষ করিয়া শুক্রবার দিনে তাহার পিতা-মাতার কবর জেয়ারত করিয়া তাহাদের মাগ্‌ফেরাতের জন্য দোয়া করিবে, আল্লাহ্ তায়া'লা সেই দোয়া কবুল করিবেন এবং সেই ব্যক্তিই পিতা-মাতার বাধ্য সন্তানরূপে পরিগণিত হইবে।

স্ত্রীলোকগণ কবর জেয়ারত করিতে যাওয়া দুরুস্ত নাই। হাদীসে আছে—জেয়ারতকারিনী স্ত্রীলোকগণের উপর আল্লাহ্ তায়া'লা লা'নৎ করিয়াছেন।"

জামাআতে নামায আদায় করা

হাদীস দ্বারা প্রমাণিত আছে যে, পাঁচ ওয়াক্ত ফরয নামায জামাআতের সাথে পড়া সুন্নাতে মুয়াক্কাদাহ যা ওয়াজিবের সমপর্যায়ভুক্ত।

১। **মাসআলা ঃ** একজন লোক ইমাম হয়ে এবং অন্যান্য লোক তার মুক্তাদী হয়ে (অনুসরণ করে) নামায পড়াকে জামা'আতে নামায পড়া বলে। লোক অভাবে ইমাম ছাড়া একজন মুক্তাদী হলেও জামা'আত হয়ে যাবে।

(ফতুয়া আলমগীরী, প্রথম খণ্ড, পৃষ্ঠা : ৮১-৮২)

২। **মাসআলা ঃ** জামা'আত সহীহ হবার জন্য শুধু ফরয নামায হওয়া শর্ত নয়; বরং নফল নামাযও যদি দু'জনের একজনে অপরের অনুসরণ করে নামায পড়ে, তাহলে জামাআত হয়ে যাবে, ইমাম-মুক্তাদী উভয়ে নফল পড়ুক বা মুক্তাদি নফল পড়ুক তাতে কিছু আসে যায় না। অবশ্য নফল নামায জামা'আতের সাথে পড়ার অভ্যস্ত হওয়া অথবা মুক্তাদী তিন জনের অধিক হওয়া মাকরূহ। (বেহেশতী জেওর)

জামা'আতের ফযীলত ও গুরুত্বের বর্ণনা

জামাআতের ফযীলত ও গুরুত্ব সম্পর্কে অনেক হাদীসে উল্লেখ আছে। এখানে আমরা মাত্র দু'একটি আয়াত ও কয়েকটি হাদীস উল্লেখ করছি।

রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সারা জীবনে কখনো জামা'আত তরক করেননি। এমনকি রুগ্ন অবস্থায় যখন তিনি নিজে হেঁটে মসজিদে যেতে অক্ষম হয়ে পড়েন, তখনও তিনি দু'জন লোকের কাঁধে ভর দিয়ে মসজিদে গিয়ে জামাআতের সাথে নামায আদায় করেছেন, তবুও জামা'আত তরক করেননি। জামা'আত তরককারীদের ওপর হুযূর সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অত্যন্ত ক্রোধ হত। তিনি জামা'আত তরককারীদের কঠোর শাস্তি প্রদান করতে ইচ্ছা প্রকাশ করতেন। নিঃসন্দেহে শরীআতে মুহাম্মাদীতে জামাআতের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান করা হয়েছে এবং করাও যুক্তিযুক্ত ছিল। কেননা, নামাযের মত গুরুত্বপূর্ণ ইবাদাতের শান বা মর্যাদা এটাই চায় যে, যেসব কাজ দ্বারা তার পূর্ণতা লাভ হয় তারপ্রতি এরূপ উন্নত ধরনের গুরুত্ব প্রদান করা জরুরী। আমরা এখানে মুফাস্‌সিরীন ও ফকীহগণ যে আয়াত দ্বারা জামা'আতে নামায পড়া ওয়াজিব প্রমাণ করেছেন, তা উল্লেখ করার পর কতিপয় হাদীস বর্ণনা করছি।

আয়াত ঃ وَارْكَعُوا مَعَ الرَّاكِعِينَ (কুরআনের বহু টীকাকার এ আয়াতের অর্থ এরূপ বর্ণনা করেছেন,) "নামায আদায়কারীদের সাথে মিলে নামায আদায় কর।" কেউ কেউ এ আয়াতের তাফ্‌সীর এভাবে করেছেন, "মস্তক অবনতকারীদের সাথে মিলে মস্তক অবনত কর।" অতএব জামা'আতের সাথে নামায পড়া ফরয না হয়ে ওয়াজিব হওয়া প্রমাণিত হয়েছে।

১। **হাদীস ঃ** ইবনে ওমর (রাঃ) থেকে বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেন, একাকী নামায পড়ার থেকে জামা'আতের সাথে নামায পড়লে, সাতাশগুণ বেশী সওয়াব পাওয়া যাবে। (বুখারী ও মুসলিম)

২। **হাদীস ঃ** রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, একাকী নামায পড়া অপেক্ষা অন্য এক ব্যক্তির সাথে মিলে নামায পড়া অধিক উত্তম। দু'জনের সাথে মিলে নামায পড়া আরও বেশি উত্তম। এভাবে যত অধিক সংখ্যক লোক একত্রিত হয়ে জামা'আতের সাথে নামায পড়বে, আল্লাহ তা'আলার কাছে তা তত অধিক পছন্দনীয় হবে। (তিরমিযী)

৩। **হাদীস ঃ** আনাস ইবনে মালেক রাদ্বিয়াল্লাহু তাআলা আনহু বর্ণনা করেন, বনী সালমার লোকগণ তাঁদের পুরান বাড়ি (মসজিদে নববী থেকে দূরে ছিল বলে তা) পরিত্যাগ করে মসজিদে নববীর সন্নিকটে বাড়ি তৈরি করতে মনস্থ করেছিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এ খবর অবগত হয়ে তাদেরকে ডেকে বললেন, "আপনারা যে আপনাদের বাড়ি থেকে অধিক কদম ফেলে (অধিক কষ্ট করে) মসজিদে আসেন, এর প্রত্যেক কদমের বিনিময়ে যে সাওয়াব পাওয়া যায়, তা কি আপনাদের জানা নেই? (অতপর তাঁরা একথা শুনে তাঁদের পুরান বাড়ি পরিত্যাগ করলেন না।) (মুসলিম)

এ হাদীসের দ্বারা প্রমাণিত হল যে, মসজিদে যতদূর থেকে (যত কষ্ট করে) আসবে, ততই অধিক সওয়াব পাওয়া যাবে। (অবশ্য নিজের মহল্লায় মসজিদ থাকলে, সে মসজিদের হক বেশি। সুতরাং সেখানে জামা'আত না হলেও সেখানেই আযান-ইক্বামত বলে নামায পড়তে হবে। (শামী, ১ম খণ্ড পৃষ্ঠা : ১৯০)

৪। **হাদীস ঃ** রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একদিন এশার নামাযের পর যারা জামা'আতে শরীক ছিল, নিজের সে সব সাহাবীকে উদ্দেশ্য করে বললেন, নামাযের অপেক্ষায় যতটুকু সময় ব্যয় হয়, তাও নামাযের হিসাবের মধ্যে গণ্য হয়।"

৫। **হাদীস ঃ** একদিন এশার জামা'আতে হুযূর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর আসতে কিছু দেরী হয়েছিল। যেসব সাহাবী জামা'আতে নামায পড়ার জন্য অপেক্ষা করছিলেন, তাদেরকে লক্ষ্য করে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করলেন, অন্যান্য লোক তো নামায পড়ে ঘুমাচ্ছে, কিন্তু আপনারা যে জামা'আতে নামায পড়ার অপেক্ষায় বসে রয়েছেন, (আপনাদের সময় বেকার যায়নি) যতটুকু সময় এ জামাআতে নামায পড়ার অপেক্ষায় আপনাদের ব্যয় হয়েছে, তা সবই নামাযের মধ্যে গণ্য হয়েছে। (অর্থাৎ এ সময়ে নামায পড়লে যতখানি সওয়াব পাওয়া যেত, নামাযের অপেক্ষায় বসে থাকাতেও সে সওয়াব পাওয়া যাবে।)

৬। **হাদীস ঃ** নবী করীম রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে হযরত বুরাইদাহ (রা) বর্ণনা করেন যে, তিনি এরশাদ করেছেন– "যারা অন্ধকার রাতে জামা'আতে নামায পড়ার জন্য মসজিদে আসবে, তাদের জন্য সুসংবাদ যে, কিয়ামতের দিন তাদেরকে পূর্ণ আলো দান করা হবে।"

৭। **হাদীস ঃ** হযরত ওসমান রাদ্বিয়াল্লাহু তাআলা আনহু থেকে বর্ণিত আছে যে, নবী করীম রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেন, যে ব্যক্তি এশার নামায জামা'আতের সাথে আদায় করবে, তাকে অর্ধ রাতের ইবাদাতের সওয়াব দেয়া হবে এবং যে এশা ও ফজর দু' ওয়াক্তের নামায জামা'আতের সাথে আদায় করবে, সে পূর্ণ রাতের ইবাদাতের সওয়াব পাবে।

৮। **হাদীস ঃ** হযরত আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যারা জামা'আতে হাজির হয় না তাদেরকে (তিরস্কারার্থে) বলেছিলেন, "আমার ইচ্ছা হয়, কতগুলো লাকড়ি একত্র করার নির্দেশ দেই, তারপর আযান দেয়ার হুকুম দেই। অতপর অন্য একজনকে ইমাম নিযুক্ত করে নামায পড়াবার হুকুম দিয়ে আমি মহলআয় গিয়ে যারা জামা'আতে হাজির হয়নি তাদের বাড়িঘর জ্বালিয়ে দেই। (বেহেশতী জেওর)

জামাআতে নামায পড়ার উপকারীতা

আল্লামা আশরাফ আলী থানবী (রহঃ) বলেন ঃ

জামা'আতে নামায পড়ার হেকমত সম্পর্কে শ্রদ্ধেয় আলেমগণ অনেকে অনেক কিছু আলোচনা করেছেন। কিন্তু হযরত শাহ্ ওয়ালিউল্লাহ্ (রহ) মুহাদ্দিসে দেহ্লুভীর সার্বিক ও সূক্ষ্ম তাৎপর্যপূর্ণ আলোচনা অপেক্ষা উৎকৃষ্ট অন্য কোন আলোচনা আমার দৃষ্টিগোচর হয়নি। শাহ্ সাহেবের পবিত্র ভাষায় ওগুলো শুনতে সক্ষম হলে পাঠকবৃন্দ পূর্ণ স্বাদ গ্রহণ করতে পারতেন। কিন্তু সংক্ষিপ্ত করার কারণে আমি এখানে শাহ্ সাহেবের বর্ণনার সারমর্ম নিচে উল্লেখ করছি। তিনি বলেন ঃ

১। এটাই একমাত্র উত্তম পন্থা যে, কোন ইবাদাতকে মুসলিম সমাজে এমনভাবে সাধারণ প্রথায় প্রচলিত করে দেয়া, যেন তা একটা অত্যাবশ্যকীয় হিতকর ইবাদাতে পরিগণিত হয় এবং পরে বর্জন করা চিরাচরিত অভ্যাস বর্জনের ন্যায় অসম্ভব ও দুঃসাধ্য হয়। ইসলামে একমাত্র নামাযই সর্বাধিক জাঁকজমকপূর্ণ ও গুরুত্বপূর্ণ ইবাদাত। সুতরাং নামাযকে অত্যধিক গুরুত্ব ও যত্ন সহকারে, বিশেষ ব্যবস্থাপনার সাথে আদায় করা উচিত। একমাত্র জামা'আতের সাথে নামায পড়ার মাধ্যমেই তা সম্ভব।

২। এক ধর্মে বিভিন্ন প্রকারের লোক থাকে। মুর্খও থাকে এবং জ্ঞানীগুণীও থাকে। সুতরাং এটা খুবই যুক্তিযুক্ত যে, সকলে একস্থানে একত্রিত হয়ে পরস্পরের সম্মুখে এ ইবাদাতকে আদায় করবে। কারো যদি কোন ভুল-ত্রুটি হয়ে যায়, অন্যে দেখে তা সংশোধন করে দেবে। যেন আল্লাহ তা'আলার ইবাদাত একটা অলংকার বিশেষ, সকল নিরীক্ষকরা তা পরীক্ষা-নিরীক্ষা করে দেখেন, আর এতে কোন দোষ থাকলে তা বলে দেয়, আর যা ভাল হয় তা পছন্দ করে। নামাযকে পূর্ণাঙ্গ সুন্দর করার এটা একটা উত্তম পন্থা।

৩। জামাআতে হাযির না হওয়ার কারণে, যারা বে-নামাযী তাদের অবস্থাও প্রকাশ হয়ে যাবে। এতে তাদের নামায পড়ার জন্য ওয়াজ-নছীহত করার সুযোগ সৃষ্টি হবে।

৪। কতিপয় মুসলমান একত্রিত হয়ে আল্লাহর ইবাদাত করা এবং তাঁর নিকট দো'আ প্রার্থনা করার মধ্যে আল্লাহর রহমত নাযিল ও দো'আ কবুল হবার একটা আশ্চর্যজনক বৈশিষ্ট্য রয়েছে।

৫। এ উম্মাত দ্বারা আল্লাহর উদ্দেশ্য এই যে, আল্লাহর বাণীকে পৃথিবীতে সমুন্নত করা এবং কুফরকে অধপতিত করা, ভূ-পৃষ্ঠে কোন ধর্ম যেন ইসলামের ওপর প্রাধান্য না পায়। এটা তখনই সম্ভব হতে পারে, যখন এ নিয়ম নির্ধারিত হবে যে, সাধারণ ও বিশিষ্ট, মুকীম ও মুসাফির, ছোট ও বড় সকল মুসলমান নিজেদের কোন বড় ও প্রসিদ্ধ ইবাদাত পালন করার জন্য এক স্থানে সমবেত (একত্রিত) হবে এবং ইসলামের শান-শওকত প্রকাশ করবে। এসব যুক্তিতে শরীআতের পূর্ণ দৃষ্টি জামা'আতের প্রতি নিবদ্ধ হয়েছে, তার প্রতি উৎসাহ প্রদান করা হয়েছে এবং জামা'আত ত্যাগ করতে কঠোরভাবে নিষেধ করা হয়েছে।

৬। জামা'আতে এ উপকারিতাও রয়েছে যে, সকল মুসলমান একে অপরের অবস্থা সম্পর্কে অবগত হতে পারবে। একে অপরের বিপদে-আপদে শরীক হতে পারবে, যার ফলে, ধর্মীয় ভ্রাতৃত্ববোধ এবং ঈমানী ভালবাসার পূর্ণ বিকাশ সাধন ও তার দৃঢ়তা লাভ হবে। এটা শরীআতের একটা মহান উদ্দেশ্যও বটে। কুরআন মজীদ ও হাদীস শরীফের বিভিন্ন স্থানে এর গুরুত্ব ও মাহাত্ম্য বর্ণিত হয়েছে।

অতীব দুঃখের বিষয় যে, আমাদের এ যুগে জামা'আত তরক করাটা যেন, একটা সাধারণ অভ্যাসে পরিণত হয়ে গেছে। অশিক্ষিত মূর্খ লোকদের তো কথাই নেই, আমাদের অনেক শিক্ষিত জ্ঞানী আলেমকেও এ গর্হিত কাজে লিপ্ত দেখা যায়। পরিতাপের বিষয় যে, তাঁরা হাদীস পড়ে এবং অর্থও বুঝে, অথচ জামা'আতে নামায পড়ার কঠোর গুরুত্বপূর্ণ নির্দেশগুলো তাদের প্রস্তর থেকেও কঠিন হৃদয়ে কোন ক্রিয়া সৃষ্টি করতে পারছে না। কাল কিয়ামতের দিন মহা বিচারক আল্লাহর

সামনে যখন নামাযের মোকদ্দমা পেশ করা হবে, আর তার অনাদায়কারীদের এবং অপূর্ণ আদায়কারীদের জিজ্ঞেস করা শুরু হবে, তখন তারা কি জবাব দেবে ?
(বেহেশতী জেওর)

নামাযের কাতার করার নিয়ম

১। **মাসআলা ঃ** যুদি মুক্তাদী একজন হয়, বয়স্ক পুরুষ হোক বা নাবালেগ বালক হোক, তবে সে ইমামের ডান পাশে ইমামের সমান বা কিঞ্চিৎ পিছনে দাঁড়াবে। যদি বাম পাশে বা ইমামের সোজা পিছনে দাঁড়ায়, তবে মাকরূহ হবে।
(মারাক্বিউল ফালাহ ও তাহ্ত্বাহী, পৃষ্ঠা : ১৬৬)

২। **মাসআলা ঃ** একাধিক মুক্তাদী হলে ইমামের পিছনে (সেজদা পরিমাণ জায়গা মাঝখানে রেখে) কাতার করে দাঁড়াতে হবে। (কাতার করার নিয়ম এই যে, প্রথমে একজন ইমামের ঠিক পিছনে দাঁড়াবে, তারপর একজন ডানে, একজন বামে, এভাবে ক্রমাগত আগের কাতার পূর্ণ করে, তারপর দ্বিতীয় কাতারও উক্ত নিয়মে পূর্ণ করবে।) যদি দু'জন মুক্তাদী হয় এবং একজন ইমামের (সমান) ডান পাশে আর একজন বাম পাশে দাঁড়ায়, তবে মাকরূহ তান্যীহী হবে। কিন্তু দুয়ের অধিক মুক্তাদী ইমামের পাশে দাঁড়ালে, মাকরূহ তাহরীমী হবে। কেননা, দু'য়ের অধিক মুক্তাদী হলে, ইমাম মুক্তাদিদের আগে দাঁড়ান ওয়াজিব। (তাহত্বাবী, পৃষ্ঠা : ১৬৭)

৩। **মাসআলা ঃ** নামায শুরু করার সময় মাত্র একজন পুরুষ লোক মোক্তাদী ছিল এবং সে ইমামের ডান পাশে দাঁড়িয়েছিল। তারপর আরও কয়েকজন মুক্তাদী এসে হাযির হল। এমতাবস্থায় প্রথম মুক্তাদীর (আস্তে আস্তে পা পিছনের দিক সরিয়ে) পিছনে সরে আসা উচিত, যাতে সকল মুছল্লী মিলে ইমামের পিছনে কাতার করে দাঁড়াতে পারে। যদি নিজে পিছনে না সরে, তবে আগন্তুক মুছল্লীগণ আস্তে হাত দিয়ে তাকে পিছনের কাতারে টেনে আনবে। যদি মাসআলা না জানা বশত আগন্তুক মুছল্লিগণ তাকে পিছনে না টেনে, তারা নিজেরা ইমামের ডান ও বাম পাশে দাঁড়িয়ে যায়, তবে ইমাম আস্তে (এক কদম) আগে বাড়িয়ে দাঁড়াবেন। (কিন্তু সিজদার জায়গা থেকে আগে যাবেন না,) যাতে আগন্তুক মুক্তাদীগণ প্রথম মুক্তাদীর সাথে মিলে এক কাতারে ইমামের পিছনে দাঁড়াতে পারে। যদি পিছনে জায়গা না থাকে, তবে মুক্তাদীর অপেক্ষা না করে ইমামেরই আগে চলে যাওয়া উচিত। কিন্তু বর্তমান যুগে লোকেরা যেহেতু সাধারণত শরীআতের মাসআলা-মাসায়েল সম্পর্কে কম অবগত থাকে, কাজেই মোক্তাদীকে পিছনে টেনে আনতে চেষ্টা করা উচিত নয়। এতে সে হয়ত এমন কোন কাজ করে ফেলতে পারে, যার ফলে তার নামাযই ফাসেদ হয়ে যেতে পারে। বরং ইমামকেই আগে বাড়া শ্রেয়।
(মারাক্বিউল ফালাহ, পৃষ্ঠা : ১৭৮)

৪। **মাসআলা ঃ** যদি একজন মহিলা বা একজন নাবালিকা মেয়ে ইমামের সাথে ইক্তেদা করে, তবে সে ইমামের পাশে দাঁড়াবে না, তাকে ইমামের পিছনে দাঁড়াতে হবে, একাধিক মহিলা বা নাবালিকা মেয়ে হলেও ইমামের পিছনেই দাঁড়াতে হবে। (সে ইমামের স্ত্রী, মেয়ে, মা বা বোন যে-ই হোক না কেন।)
(তাহত্বাবী পৃষ্ঠা : ১৭৯)

৫। **মাসআলা ঃ** যদি মুক্তাদিগণের মধ্যে বিভিন্ন প্রকারের লোক হয় অর্থাৎ কিছু পুরুষ, কিছু নাবালেগ বালক, কিছু পর্দানশীল মহিলা এবং কিছু বালিকা হয় ; তবে ইমাম তাদের এ নিয়ম ও তরতীব অনুসারে কাতার করতে হুকুম করবেন– প্রথমে বয়স্ক পুরুষগণের, তারপর নাবালেগ পুরুষগণের, তারপর পর্দানশীল মহিলাদের, তারপর নাবালিকাদের কাতার হবে। (মারাক্বিউল ফালাহ্ পৃষ্ঠা : ১৭৮)

৬। **মাসআলা ঃ** কাতার সোজা করা, টেরা-বেঁকা হয়ে না দাঁড়ানো এবং মাঝে ফাঁক না রেখে পরস্পর গায়ের সাথে গা মিশে দাঁড়ানো ওয়াজিব, এর জন্য মুক্তাদীগণের আদেশ ও হেদায়াত করা ইমামের ওপর ওয়াজিব এবং মুক্তাদীগণের সে আদেশ পালন করা ওয়াজিব। (কাতার সোজা করার নিয়ম এই যে, কাঁধের সাথে কাঁধ এবং পায়ের টাখনু গিরার সাথে টাখনু গিরা মিলিয়ে বরাবর করবে, কারো পা লম্বা বা খাট হওয়া বশত আঙ্গুল আগে পিছে থাকলে তাতে কোন অসুবিধা হবে না। [(তাহ্ত্বাবী) বেহেশহী জেওর]

জামাআতে শরীক হওয়ার নিয়ম

ইমামের সাথে যে রাকআতের রুকূ' পাওয়া যাবে, সে রাকআ'ত পাওয়ার মধ্যে গণ্য হবে। কিন্তু যদি রুকূ না পাওয়া যায়, তবে সে রাকআত পাওয়ার মধ্যে গণ্য হবে না। (কিন্তু এমতাবস্থায়ও জামাআতে শরীক হতে হবে, পরে আবার সে রাকআত পড়ে নিতে হবে।) (ফতুয়ায়ে হিন্দিয়া : ১ম খণ্ড পৃ: ১১৯)

জামাআতে ফজরের নামাযের প্রথম রাকআত ছুটে গেলে মোক্তাদীর করনীয় ঃ

এমতাবস্থায় ইমামের সালাম ফিরানোর সময় মোক্তাদী সালাম না ফিরায়ে দাঁড়িয়ে যাবে। এবং ছুটে যাওয়া প্রথম রাকআত একাকী পড়ে নিবে। প্রথমে সোবহানাকা, আউযুবিল্লাহ, বিসমিল্লাহ অতঃপর সূরা ফাতেহা এবং অন্য যে কোন একটি সূরা মিলিয়ে রুকু সেজদা করে ছুটে যাওয়া প্রথম রাকআত যথা নিয়মে শেষ করবে।

দ্বিতীয় রাকআতেও রুকূর পর শরীক হলে দুই রাকআতই অনাদায়ী রয়ে গেল। এমতাবস্থায় প্রথম রাকআত উল্লেখিত নিয়মে আদায় করে দ্বিতীয় রাকআত বিসমিল্লাহ্, সূরা ফাতেহা এবং যে কোন একটি সূরা মিলিয়ে রুকূ সেজদা করে যথা নিয়মে নামায শেষ করতে হবে।

জোহর, আসর এবং এশার জামাআ'তের দ্বিতীয় রাকআতে শরীক হলেঃ

মোক্তাদী ইমামের সাথে দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ রাকআত আদায় করেছে। কিন্তু তার প্রথম রাকআত অনাদায়ী রয়ে গেল। এখন ইমাম সাহেব সালাম ফিরানোর সময় মোক্তাদী দাঁড়িয়ে যাবে। তারপর ছুটে যাওয়া প্রথম রাকআত উল্লেখিত ফজরের প্রথম রাকআতের নিয়মে পড়বে।

জোহর, আসর এবং এশার তৃতীয় রাকআতে শরীক হলে ঃ

মোক্তাদী ইমামের সাথে তৃতীয় ও চতুর্থ রাকআত আদায় করল। এমতাবস্থায় ইমামের সালাম ফিরানোর সময় মোক্তাদী দাঁড়িয়ে যাবে। তারপর প্রথমে সোবহানাকা, আউযুবিল্লাহ, বিসমিল্লাহ এবং সূরা ফাতিহা ও অন্য যে কোন একটি সূরা মিলিয়ে ছুটে যাওয়া প্রথম রাকআত আদায় করে দাড়াবে। অতঃপর বিসমিল্লাহ্, সূরা ফাতেহা ও অন্য যে কোন একটি সূরা মিলিয়ে যথারীতি রুকূ সেজদা করে নামায শেষ করবে।

জোহর, আসর এবং এশার চতুর্থ রাকআতে শরীক হলে ঃ

মোক্তাদী ইমামের সাথে শুধু চতুর্থ রাকআত আদায় করল। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় রাকআত অনাদায়ী রয়ে গেল। এখন ইমাম সাহেব সালাম ফিরানোর সময় মোক্তাদী দাঁড়িয়ে যাবে। তারপর সোবহানাকা, আউযুবিল্লাহ, বিসমিল্লাহ্, সূরা ফাতিহা ও অন্য যে কোন একটি সূরা মিলিয়ে রুকু সেজদা করে বসে শুধু আত্তাহিয়্যাতু... (আবদুহু ওয়ারাসূলুহু পর্যন্ত) পাঠ করবে। অতঃপর তৃতীয় রাকআতের জন্য দাড়িয়ে বিসমিল্লাহ, সূরা ফাতেহা ও অন্য যে কোন একটি সূরা মিলিয়ে রুকু-সেজদা করে পুনরায় দাঁড়িয়ে বিসমিল্লাহ্ ও শুধু সূরা ফাতেহা পাঠ করে যথা নিয়মে রুকু-সেজদা করে নামায শেষ করতে হবে।

মাগরিবের দ্বিতীয় রাকআতে শরীক হলে ঃ

তিন রাকআত বিশিষ্ট নামাযের দ্বিতীয় রাকআতে শরীক হলে ইমাম সাহেব সালাম ফিরানোর সময় মোক্তাদী দাড়িয়ে যাবে। তারপর সোবহানাকা, আউযুবিল্লাহ, বিসমিল্লাহ, সূরা ফাতেহা ও অন্য একটি সূরা মিলিয়ে রুকু সেজদা করে নামায শেষ করবে।

মাগরিবের তৃতীয় রাকআতে শরীক হলে ঃ

ইমামের পেছনে মোক্তাদীর ৩য় রাকআত আদায় হল। এখন ইমাম সাহেব সালাম ফিরানোর পর মোক্তাদী সোজা দাঁড়িয়ে যাবে। তারপর সোবহানাকা, আউযুবিল্লাহ, বিসমিল্লাহ, সূরা ফাতেহা ও অন্য একটি সূরা মিলিয়ে প্রথম রাকআত আদায় করে বসে যাবে। কেননা ইমামের সাথে এক রাকআত এবং একাকী রাকআত মোট দুই রাকআত আদায় হল। প্রতি দু রাকআতের পর বসে আত্তাহিয়্যাতু পড়া ওয়াজিব এ নিয়মের ভিত্তিতে বসে শুধু আত্তাহিয়্যাতু (আবদুহু ওয়া

রাসূলুহু পর্যন্ত) পাঠ করে দাঁড়িয়ে যাবে। তারপর যথারীতি শেষ রাকআত আদায় করে নামায শেষ করবে।

রমযান মাসে বিতরের নামায জামাআতে আদায় করা হয়। সুতরাং বিতরের নামাযের ছুটে যাওয়া রাকআতসমূহ মাগরীবের নামাযের নিয়মেই আদায় করতে হবে।

জুমআর দ্বিতীয় রাকআতে শরীক হলে ঃ

জুমআর প্রথম রাকআত ছুটে গেলে ইমাম সাহেব সালাম ফিরানোর পর মোক্তাদী সালাম না ফিরায়ে দাঁড়িয়ে যাবে। তারপরে সোবহানাকা, আউযুবিল্লাহ্, বিসমিল্লাহ, সূরা ফাতেহা ও অন্য যে কোন একটি সূরা মিলিয়ে রুকু-সেজদা করে যথারীতি সালাম ফিরায়ে ছুটে যাওয়া ১ম রাকআত আদায় করবে।

জুমআর দ্বিতীয় রাকআতে রুকূর পর শরীক হলে উভয় রাকআতই ছুটে গেল। তখন ইমামের সালাম ফিরানোর সময় মোক্তাদী সালাম না ফিরায়ে দাঁড়িয়ে যাবে। অতঃপর সোবহানাকা, আউযুবিল্লাহ্, বিসমিল্লাহ সূরা ফাতেহা, অন্য যে কোন একটি সূরা মিলিয়ে রুকূ সেজদা করে দাঁড়িয়ে যাবে। প্রথম রাকআত আদায় হল। তারপর বিসমিল্লাহ্, সূরা ফাতেহা ও অন্য যে কোন একটি সূরা মিলিয়ে রুকূ-সেজদা করে যথারীতি নামায শেষ করতে হবে।

জানাযার নামাযে তাকবীর ছুটে গেলে ঃ

পরবর্তী তাকবীরের অপেক্ষা করতে হবে। ইমাম সাহেব যখন তাকবীর বলবেন তখন ইমামের সাথে তাকবীর বলে নামাযে শরীক হতে হবে। তারপর ইমাম সাহেব নামায শেষ করে যখন সালাম ফিরাবেন তখন ইমামের সাথে সালাম ফিরাবে না। যেহেতু জানাযার তাকবীর বলা ওয়াজিব। তাই শুধু ছুটে যাওয়া তাকবীরগুলো একাকী বলে নিজে সালাম ফিরায়ে নামায শেষ করবে। দোয়াসমূহ পড়তে হবে না।

ঈদুল ফিতর ও ঈদুল আযহার ২য় রাকআতে শরীক হলে ঃ

ইমাম সাহেব ঈদের দুই রাকআত নামায পড়াচ্ছেন। মোক্তাদী ২য় রাকআতে শরীক হলেন। প্রথম রাকআত ছুটে গেল, এমতাবস্থায় ইমাম সাহেব সালাম ফিরানোর পর মোক্তাদী সালাম না ফিরিয়ে দাঁড়িয়ে যাবে। তারপর প্রথমে সোবহানাকা আউযুবিল্লাহ্, বিসমিল্লাহ পড়ে সূরা ফাতেহা ও যে কোন একটি সূরা পাঠ করে তিনবার তাকবীর বলতে হবে। প্রত্যেক তাকবীরের সময় হাত উঠাতে হবে। তারপর ৪র্থ তাকবীরে রুকূতে যেতে হবে এবং রুকূ সিজদা করে যথানিয়মে নামায শেষ করবে।

সূরা ইয়াসীনের ফযীলত

১। রাসূলে আকরাম (দঃ) বলিয়াছেন, যেই ব্যক্তি নিয়মিতভাবে এই সূরা পাঠ করিবে তাহার জন্য বেহেশতের আটটি দরজাই উন্মুক্ত থাকিবে। সেই ব্যক্তি যেই কোন দরজা দিয়া বেহেশতে প্রবেশ করিতে পারিবে।

২। যেই কোন সৎ উদ্যেশে এই সূরা পাঠ করিলে আল্লাহ্ পাক পাঠকের উদ্দেশ্য পূর্ণ করিয়া দিবেন।

